ক্ষীরপানরত	ক্ষীণযষ্টিধর	ক্ষুণ্নান্তঃকরণ

কঠিনকরকা	কামিনীকামনা	কালামলপ্রভা
কাতরবদনা	কার্পণ্যরহিতা	ঈৎসিতরদনা
খগেন্দ্রবাহনা	খেচরসমানা	গজেন্দ্রগমনা
গুরুবাক্যশ্রদ্ধা	গোবিন্দোপাসনা	গৌরবকামনা
চঞ্চলনয়না	চন্দ্রবদ্বদনা	জনিতবাসনা
নীতিশাস্ত্রকর্ত্তী		

কদর্য্যবসতি	কুকর্মবিরতি	কৈলাসবসতি
জয়দেবকবি	নিত্যানন্দমতি	পরম্পরাগতি
পুনঃপুনঃ স্তুতি	বৃন্দাবনগতি	মনোহরমূর্ত্তি
মন্ত্রিগণযুক্তি	মদ্যপানরতি	রামচন্দ্রভক্তি

অমোঘবাদিনী	আনন্দলহরী	আশ্চর্য্যচাতুরী
কপটশৈরিন্ধ্রী	কল্যাণদায়িনী	জনকনন্দিনী
ঝঙ্কারকারিণী	ত্রিপুরাসুন্দরী	পৌলস্ত্যনগরী
বরাভয়করী	বৈষ্ণবনগরী	সর্ব্বানন্দকরী
সুরতরঙ্গিনী	সুরশৈবলিনী	হরিশ্চন্দ্রপুরী

পাথোরুহমধু	সুদীনদয়ালু	সর্ব্বেশ্বরবধূ

PROMISCUOUS READING LESSONS.

নানা বিষক পাঠ.

কোকিলের দিগের শোভা স্বর নারীর দিগের শোভা পাতিব্রুত্য তপস্বির দিগের শোভা ক্ষমা স্বরূপ ব্যক্তির দিগের শোভা বিদ্যা ॥

ফলবান্ যে বৃক্ষ এবং গুণবান্ যে মনুষ্য সে সর্ব্বদা নম্র হয় কিন্তু শুষ্ক কাষ্ঠ এবং মূর্খ এহারা ভগ্ন হয় তথাপি কথন নম্র হয় না ॥

বস্ত্র ব্যতিরেকে অলঙ্কার ও ঘৃত ব্যতিরেকে ভোজন ও লজ্জা রহিত নারী ও বিদ্যা হীন মনুষ্য এহাঁরা কখন প্রশংসাকে পান না ॥

এক যে গুণবান্ পুত্র সেও ভাল কিন্তু একশত মূর্খ পুত্র কিছু নহে যে হেতুক এক চন্দ্র যেমন অন্ধকার নষ্ট করেন তেমন অনেক নক্ষত্র তমো নাশ করিতে পারে না ॥

বিদ্যার সমান বন্ধু নাই এবং রোগের তুল্য শত্রু নাই আর অপত্যের সম স্নেহপাত্র নাই এবং দৈবের সদৃশ বল নাই ॥

বিদ্যাহীন ব্যক্তির জীবন শূন্য বন্ধুহীন লোকের সকল দিক্ শূন্য পুত্রহীন মনুষ্যের গৃহ শূন্য দরিদ্র ব্যক্তির তাবৎ শূন্য ॥

ব্রাহ্মণের বিদ্যাই ধন আর ক্ষত্রিয়েরদিগের ধনুই ধন এবং কুলস্ত্রীরদিগের লজ্জাই ধন ও বেশ্যার দিগের যৌবনই ধন ॥

এক কুবৃক্ষ যে বনে থাকে সেই কুবৃক্ষ যেমন কোটরস্থ অগ্নি করণক সেই বনকে দাহ করে তেমনি এক কুপুত্র যে কুলেতে উদ্ভব হয় সে কুপুত্র করণক সেই কুল নষ্ট হয় ॥

পুষ্পযুক্ত এক উত্তম তরু যেমন উত্তম গন্ধ দ্বারা সকল বনকে আমোদিত করেন তেমনি এক যে উত্তম পুত্র তিনি সকল কুলকে উজ্জ্বল করেন ॥

প্রিয় কথা কহে অথচ দুর্জ্জন এমন যে ব্যক্তি সে বিশ্বাস কারণ হয় না যে হেতুক তাহার জিহ্বাগ্রে মধু ক্ষরে এবং মনোমধ্যে হলাহল থাকে ॥

যেমন নক্ষত্র চন্দ্রের ভূষণ ও স্বামী স্ত্রীর ভূষণ ও রাজা পৃথিবীর ভূষণ তেমনি শীলতা সকলের ভূষণ ॥

স্ত্রীলোকেরদিগের সতীত্ব যে সেই ভূষণ বৃক্ষের দিগের ফল যে সেই ভূষণ পুরুষের দিগের স্ববৃত্তি যে সেই ভূষণ এবং যতির দিগের ক্রিয়া যে সেই ভূষণ ॥

দুষ্টব্যক্তি যদি বিদ্যাযুক্ত হয় তথাপি তাহাকে নষ্ট করিবেক যে হেতুক মণিতে ভূষিত যে সর্প সে কি ভয়ঙ্কর হয় না ॥

নদী কুলেতে যে বৃক্ষ থাকে এবং আশ্রয় রহিত যে স্ত্রীলোক থাকে এবং যে রাজা মন্ত্রি ব্যতিরেকে থাকেন ইঁহারা অল্পকালে বিনাশকে পান ॥

ধনবান্ ও বিদ্বান্ ও রাজা ও নদী ও চিকিৎসক এই পাঁচ যে দেশে না থাকে সেস্থানে বসতি করিবে না।

নদীর মধ্যে গঙ্গা যে তিনি উত্তমা এবং স্ত্রীলোকের মধ্যে পতিব্রতা যে সেই উৎকৃষ্টা আর ধনের মধ্যে ধান্য যে সেই শ্রেষ্ঠ এবং দেশের মধ্যে যে দেশে প্রাণ রক্ষা হয় সেই দেশ উত্তম॥

নীচ বংশজাত যদি রাজা হয় ও মূর্খ কুলোদ্ভব যদি পণ্ডিত হয় এবং দরিদ্র ব্যক্তি যদি ধন পায় তবে তাহারা সংসারকে তৃণ ন্যায় জ্ঞানকরে॥

যে মনুষ্যের গৃহে মাতা নাই এবং যাহার পত্নী অপ্রিয় বাদিনী হয় তাহার বন গমন উচিত যে হেতুক তাহার গৃহ অরণ্যের সমান॥

যদি মাতা পুত্রকে বিষ দেন এবং যদি পিতা বালককে বিক্রয় করেন আর যদি রাজা অবিচারে করেন তবে আমারদের রক্ষাকর্ত্তা কেহ নাই॥

নদী ও নখবিশিষ্টজন্তু ও শৃঙ্গযুক্ত পশু ও অস্ত্র পাণিব্যক্তি এবং স্ত্রীলোক ও রাজবংশীয় মনুষ্য ইহারদিগকে বিশ্বাস করা উপযুক্ত নহে সর্ব্বদা শঙ্কারাখা উচিত ॥

যাহার যে স্বভাব থাকে সে কখন তাহা ত্যাগ করিতে পারে না যেমন অঙ্গার একশতবার ধৌত করিলেও আপন মলিনত্ব ত্যাগ করে না ॥

সন্তানকে পঞ্চম বর্ষ পর্য্যন্ত লালন করিবে দশ বৎসর পর্য্যন্ত তাড়ন করিবে ষোড়শ বর্ষ বয়ঃপ্রাপ্ত যে পুত্র তাহাকে মিত্রের ন্যায় আচরণ করিবে ॥

পণ্ডিত যে শত্রু তাহার সহিত মিত্রতা করা বরং উচিত কিন্তু মূর্খের সহিত বন্ধুতা করা কখন কর্ত্তব্যনহে ॥

পদে লগ্ন যে কণ্টক তাহাকে হস্তস্থ কণ্টক করণক যেমন উদ্ধার করে তেমন উপকৃত যে শত্রু তাহার দ্বারা অন্য শত্রুকে উদ্ধার করিবে ॥

পরস্ত্রী ও পরের দ্রব্য ও পরের পরীবাদ ও গুরুর নিকটে পরিহাস ও শঠতা এই সকল ত্যাগ করিবেক॥

ক্ষুধাতে পীড়িত ব্যক্তির বল ও বুদ্ধি কিছুই থাকে না পিপাসাতে অর্দ্দিত লোকের পাত্র শুদ্ধি বিবেচনা থাকে না নিদ্রাতুর মনুষ্যের ভূমি কি শয্যা এ জ্ঞান থাকে না এবং কন্দর্পেতে পীড়িত জনের ভয় ও লজ্জা কিছুই থাকে না॥

ধনের ও ধান্যের প্রয়োগে এবং বিদ্যা গ্রহণে আর আহারে ও ব্যবহারে সর্ব্বদা লজ্জা ত্যাগ করিবেক॥

মনুষ্য প্রথমাবস্থাতে যদি বিদ্যা উপার্জ্জন না করে আর যৌবনকালে যদি ধন উপার্জ্জন না করে এবং বৃদ্ধাবস্থাতে যদি পুণ্য সঞ্চয় না করে তবে সেই ব্যক্তি অন্তিম দশাতে কিছুই করিতে পারে না॥

পূর্ব্বজন্মেতে উপার্জ্জিত যে বিদ্যা ও যে ধন ও যে পুণ্য সেই সকল অগ্রে ধাবমান হয় ॥

বিদ্বান্ ব্যক্তির বিদ্যা উপার্জ্জনের পরিশ্রম পণ্ডিতেই জানেন মূর্খ কখন জানে না যেমন গর্ব্ভিণীর প্রসব বেদনা বন্ধ্যা কখন জানিতে পারে না ॥

সকল পর্ব্বতে মাণিক্য থাকে না আর সকল হস্তিতে মুক্তা থাকে না এবং সকল বনে চন্দন থাকে না তাদৃশ সকল স্থানেতে সাধু যে মনুষ্য তিনি থাকেন না ॥

মুখ পদ্মপুষ্পের ন্যায় বিকসিত এবং বাক্য চন্দনের ন্যায় শীতল আর অন্তঃকরণ অতিকর্কশ এই তিন প্রকার ধূর্ত্ত মনুষ্যের চিহ্ন জানিবা ॥

পুস্তকে থাকে যে বিদ্যা আর পরের হস্ত গত যে ধন তাহা কার্য্য কালে পাওয়া যায় না অতএব সে বিদ্যা এবং সে ধন মিথ্যা ॥

কুৎসিত গ্রামেতে বাস আর কৃপণের সেবা ও মন্দ দ্রব্য ভোজন আর ক্রোধমুখী ভার্য্যা এবং মূর্খ পুত্র আর বিধবা কন্যা এই সকল যে ব্যক্তির আছে তাহার শরীর অগ্নি ব্যতিরেকেও সর্ব্বদা দগ্ধ হয় ॥

যে পুরুষের বুদ্ধি না থাকে তাহাকে শাস্ত্রে কি করিতে পারে যেমন লোচন বিহীন যে মনুষ্য তাহার দর্পণেতে কি প্রয়োজন ॥

অর্থনাশ ও মনোদুঃখ আর গৃহের মন্দকর্ম্ম এবং বঞ্চনা ও অপমান এই সকল বুদ্ধিমান্ ব্যক্তি কখন প্রকাশ করিবে না ॥

লোকেতে জিজ্ঞাসা করে যে তোমার শরীর ভাল আছে কিন্তু আমারদিগের মঙ্গল কোথায় যে হেতুক প্রত্যহ আয়ুঃ ক্ষয় হইতেছে ॥

শিশুকালে বিদ্যা অভ্যাস করিবে যৌবনাবস্থায় বিষয় কর্ম্ম করিবে বৃদ্ধ দশাতে মুনি বৃত্তি করিবে অন্তকালে যোগে তনু ত্যাগ করিবে ॥

NAMES OF PERSONS, WITH THEIR TITLES AND APPELLATIONS.

উপাধি পদ্ধতি সহিত মনুষ্যের নাম

অধ্যাপক

শ্রীঅক্রূরচন্দ্র দেবশর্ম্মা
অচিন্ত্যরাম তর্কচূড়ামণি
অদ্বৈতচরণ তর্কালঙ্কার
অনন্তরাম তর্কপঞ্চানন
অনুপমনারায়ণ তর্কভূষণ
অপূর্ব্বরাম তর্কসিদ্ধান্ত
অভয়াচরণ তর্কবাচস্পতি
অভিরাম তর্কবাগীশ
অযোধ্যারাম তর্কসরস্বতী
অর্জুন তর্কশিরোমণি
অশোকরাম ন্যায়পঞ্চানন
অক্ষয়চন্দ্র ন্যায়বাচস্পতি
আজ্ঞারাম ন্যায়রত্ন
আত্মারাম ন্যায়ালঙ্কার
আনন্দচন্দ্র ন্যায়বাগীশ
আনন্দিরাম ন্যায়ভূষণ

শ্রীআশারাম বিদ্যারত্ন
ইচ্ছারাম বিদ্যাবাচস্পতি
ইন্দুভূষণ বিদ্যাবাগীশ
ইন্দুচন্দ্র বিদ্যাভূষণ
ঈশানচন্দ্র বিদ্যাপঞ্চানন
ঈশ্বরচন্দ্র বিদ্যানিধি
ঈশ্বরীপ্রসাদ বিদ্যালঙ্কার
উৎসবানন্দ বিদ্যাসাগর
উদয়চন্দ্র বিদ্যানিবাস
উদয়নারায়ণ বিদ্যার্ণব
উদয়রাম সিদ্ধান্ত শিরোমণি
উদ্ধবচন্দ্র সিদ্ধান্ত বাচস্পতি
উপেন্দ্র নারায়ণ সিদ্ধান্ত পঞ্চানন
উমাকান্ত সিদ্ধান্তবাগীশ

শ্রীউমাচরণ সিদ্ধান্তশেখর
উমানন্দন বাক্‌পতি
উমাপতি সার্ব্বভৌম
উমেশচন্দ্র আগমবাগীশ
ঋষ্যশৃঙ্গ অলঙ্কারবাগীশ
কনকরাম তন্ত্রবাগীশ
কন্দর্প সভাপতি
কমললোচন গোস্বামী
কমলাকান্ত ভট্টাচার্য্য

পশ্চিমস্থাধ্যাপক

কান্তিচন্দ্র দ্বিবেদী
কামদেব ত্রিবেদী
কালিকাপ্রসাদ চতুর্ব্বেদী
কালিদাস অগ্নিহোত্রী
কালীকৃষ্ণ বাজপেয়ী
কালীকিঙ্কর উপাধ্যায়
কালীকুমার ভট্ট
কালীচরণ মিশ্র

শ্রীকালীপ্রসাদ দীক্ষিত
কালীশঙ্কর পাঠক
কাশীনাথ পাঁড়ে
কাশীরাম পণ্ডিত
কিশোরীমোহন অবস্থী
কীর্ত্তিচন্দ্র ওঝা
কুঞ্জবিহারী শাস্ত্রী
কুলচন্দ্র শুক্ল

রাঢ়ীয়ব্রাহ্মণ

কুবেরচন্দ্র মুখোপাধ্যায়
কৃপারাম বন্দ্যোপাধ্যায়
কৃষ্ণকান্ত চট্টোপাধ্যায়
কৃষ্ণকিঙ্কর গঙ্গোপাধ্যায়
কৃষ্ণকিশোর ঘোষবাল
কৃষ্ণচন্দ্র গড়গড়
কৃষ্ণদাস কেশরকোণী
কৃষ্ণধন কুলভী
কৃষ্ণপ্রসাদ দির্ঘাটি

শ্রীকৃষ্ণমোহন পারিয়াল
কৃষ্ণসখা হড়
কৃষ্ণানন্দ গুড়
কৃষ্ণবল্লভ পীতমণ্ডী
কেদারনাথ দিণ্ডীসাঁয়ী
কেদারেশ্বর পিপ্পলী
কেবলরাম রায়ী
কেশবরাম কুন্দ
কৈলাসচন্দ্র ঘণ্টেশ্বর
কৌশল্যানন্দন কাঞ্জিলাল
খগেন্দ্রনারায়ণ মহিন্ত্যা
খড়্গেশ্বর পূতিতণ্ড
খেলারাম চৌটখণ্ডী
খোশহালচন্দ্র পলসাঁই
গঙ্গাকিশোর পাকড়াসি
গঙ্গাগোবিন্দ পালধি
গঙ্গানারায়ণ তৈলবাটী
গঙ্গাধর কুশুড়ি
গঙ্গাপ্রসাদ বটব্যাল
গঙ্গারাম মাসচটক

শ্রীগজেন্দ্রনারায়ণ ঠাকুর
গণপতি চক্রবর্ত্তী
গণেশ পাঠক
গদাধর আচার্য্য

বারেন্দ্র ব্রাহ্মণ

গন্ধর্ব্ব মৈত্র
গয়ারাম ভীমকালী
গিরীশচন্দ্র রুদ্রবাক্‌চি
গুরুচরণ সাধুবাক্‌চি
গুরুদয়াল শান্যাল
গুরুদাস লাহিড়ি
গুরুপ্রসাদ ভাদুড়ি
গোকুলচন্দ্র ভাদড়
গোপালকৃষ্ণ চম্পাটি
গোপীকৃষ্ণ ঝম্পাটি
গোপীমোহন লাউড়িয়াল
গোবর্দ্ধনধারী করঞ্জ
গোবিন্দচন্দ্র নন্দনাবাসী
গোরাচাঁদ ভট্টসালী

শ্রীগোলাবচন্দ্র কাপ
গোলোকচন্দ্র ভগাঁই

ক্ষত্রিয়

গোলোকনাথ বর্ম্মা
গোলোকমোহন ব্রাতা
গৌরমোহন মেহ্‌রে
গৌরহরি কপুর
গৌরাঙ্গচন্দ্র শেঠ
গৌরীকান্ত খন্নে
গৌরীচরণ বেড়ে
গৌরীপ্রসাদ লক্কড়্
গৌরীশঙ্কর কোহলী
ঘণ্টেশ্বর সেহগল্
ঘনশ্যাম বহ্‌রে
চণ্ডীচরণ মহেন্দ্র
চণ্ডীপ্রসাদ উপ্পল
চতুর্ভুজ পচাধে
চন্দ্রকান্ত টণ্ডন্

বৈশ্য

শ্রীচন্দ্রচূড় গুপ্ত
চন্দ্রপতি দত্ত
চন্দ্রমণি ভূতি
চন্দ্রমোহন অগরওয়ালে
চন্দ্রশেখর রস্তোগী
চারুচন্দ্র গুজরাতী
চিত্রপতি মহেসরী
চিন্তামণি রোতগী
চুনিলাল করওয়ালী
চূড়ামণি অগরহরী
চৈতন্যচরণ পরদারী
ছত্রধর কসুদন্
ছান্দড় অমরে
জগচ্চন্দ্র গৌরহর

বৈদ্য

জগদানন্দ বিশারদ
জগদীশ কণ্ঠাভরণ

শ্রীজগদ্দুর্ল্লভ সভাভরণ
জগদ্বন্ধু ধন্বন্তরি
জগদ্বল্লভ কবিভূষণ
জগন্নাথ কবিচন্দ্র
জগন্মোহন কবিরত্ন
জনার্দ্দন কবিকর্ণপূর
জনমেজয় কবিশেখর
জয়কৃষ্ণ কবিবল্লভ
জয়গোপাল কবীন্দ্র
জয়চন্দ্র কবিরাজ
জয়নারায়ণ কণ্ঠভূষণ
জয়ন্তীরাম রত্নভূষণ
জয়মণি বৈদ্যরাজ
জয়রাম বৈদ্যশিরোমণি
জয়হরি বৈদ্যোত্তম
জানকীরাম বৈদ্যরত্ন
জানকীবল্লভ বৈদ্যতিলক
জিতরাম বৈদ্যেন্দ্র
জীবনকৃষ্ণ বৈদ্যচূড়ামণি

শ্রীঝড়েশ্বর বৈদ্যচন্দ্র
টীকারাম সেন
ঠাকুরদাস দাস
ডামরেশ্বর গুপ্ত
ঢুণ্টিরাজ দত্ত
তপস্যারাম দেব
তারকনাথ কর
তারাচন্দ্র রাজ
তারাপ্রসাদ সোম
তারিণীচরণ নন্দী
তিলকচন্দ্র চন্দ্র
তুলসীরাম ধর
তোতারাম কুণ্ড
ত্রিপুরাচরণ রক্ষিত
ত্রিপুরামোহন বরাট

কায়স্থ

ত্রিপুরাসুন্দর ঘোষ
ত্রিলোচন বসু

শ্রীদয়ারাম মিত্র	শ্রীদেবীদাস ধর
দয়ালচন্দ্র দেব	দেবীপ্রসাদ ধরণী
দর্পনারায়ণ দত্ত	দেবেন্দ্রনারায়ণ বাগ
দাতারাম কর	দৈবকীনন্দন আইচ
দামোদর পালিত	দ্বারিকানাথ পই
দিগম্বর সেন	ধনঞ্জয় সুর
দিবাকর সিংহ	ধনপতি সাম
দীননাথ দাস	ধরণীধর ভঞ্জ
দীনবন্ধু গুহ	ধর্ম্মদাস বিন্দ
দীপচন্দ্র রাহা	ধুরন্ধর বল
দুর্গাচরণ সোম	নন্দকিশোর পাল
দুর্গাদাস নন্দী	নন্দকুমার পিল
দুর্গাপ্রসাদ রক্ষিত	নন্দদুলাল ইন্দ্র
দুর্যোধন লাহা	নন্দরাম গুপ্ত
দুর্ল্লভরাম অর্ণব	নন্দলাল গুত
দুষ্টদমন রাজ	নবঙ্গসার লোধ
দেবনাথ চন্দ্র	নবকৃষ্ণ শর্ম্মা
দেবনারায়ণ হোড়	নবচৈতন্য বর্ম্মা
দেবীচরণ স্বর	নবীনচন্দ্র খিল

শ্রীনয়নানন্দ হুই
নয়নচন্দ্র ভুই
নরনারায়ণ রুদ্র
নরহরি আদিত্য
নরেন্দ্র বিষ্ণু
নরোত্তম নাগ
নারায়ণদাস ভদ্র
নিত্যানন্দ ওন
নিধিরাম বন্ধুর
নিতাইচন্দ্র নাথ
নিমাইচরণ সাঁই
নিরঞ্জন হেশ
নীলকণ্ঠ মন
নীলকমল গণ্ড
নীলমণি রাণা
নীলমাধব রাহুত
নীলাম্বর খাম
পঞ্চানন সানা
পদ্মনাভ দাহা

শ্রীপদ্মলোচন দানা
পবনচন্দ্র গণ
পরমানন্দ রঙ্গ
পরমেশ্বর উপমান
পরশুরাম ক্ষোম
পরীক্ষিত অঙ্কুর
পান্নালাল ঘর
পার্ব্বতীচরণ ওষ
পার্ব্বতীনাথ বীদ
পীতাম্বর তেজ
পুরন্দর আশ
পুরুষোত্তম শক্তি
পূর্ণচন্দ্র ক্ষেম
পূর্ণানন্দ ভূত
পৃথ্বীধর বৃক্ষ
পেয়ারীমোহন শান
প্রতাপচন্দ্র হেম
প্রতাপাদিত্য বর্দ্ধন
প্রদ্যুম্ন গুই
প্রসন্নকুমার কীর্ত্তি

শ্রীপ্রাণকৃষ্ণ ধনুর্গুণ
প্রাণনাথ যশ
প্রাণবল্লভ কুণ্ড
প্রেমচন্দ্র শীল

খোট্টাকায়েত

প্রেমনারায়ণ মাথুর
ফকীরচন্দ্র ভটনাগর
ফণিভূষণ শ্রীবাস্তব
বংশীধর সক্‌সেনা
বংশীবদন ঐঠানা
বঙ্কবিহারী গৌড়
বদনচন্দ্র করণ
বনমালী অম্বষ্ঠ
বন্দীরাম কুলশ্রেষ্ঠ
বলভদ্র নিগম
বলরাম বালমীক
বাঞ্ছারাম সূর্য্যধ্বজ
বাণীকণ্ঠ উনায়া

গোপ

শ্রীবাণীনাথ সুর
বারাণসীদাস নিয়োগী
বালকরাম বিশ্বাস
বালকৃষ্ণ পাল
বাসুদেব পাঁজা
বিজয়কৃষ্ণ ঘোষ
বিদ্যাধর পুরকাইত
বিনায়ক বড়াল
বিনোদবিহারী পাল
বিপ্রদাস পড়িযাল
বিশ্বনাথ কলিযা
বিশ্বম্ভর সাঁতরা
বিশ্বেশ্বর সামন্ত
বিষ্ণুদাস সাঁকুই
বিষ্ণুরাম বাগাণ্ডী
বীরভদ্র হুড়র

মালী

বীরেন্দ্রনারায়ণ মামা

শ্রীবীরেশ্বর শেঠ
বৃন্দাবনচন্দ্র মালিক
বৃন্দাবনবিহারী দত্ত
বৈকুণ্ঠনাথ কর
বৈদ্যনাথ দাস
বৈষ্ণবচরণ পাল

তৈলী

ব্রজকিশোর কুণ্ড
ব্রজনাথ নন্দী
ব্রজবল্লভ দেব
ব্রজমোহন পাল
ব্রজানন্দ শেঠ
ভগবতীচরণ ছিলিমিলি
ভগবানচন্দ্র মান্না
ভগীরথ আশ

তন্ত্রী

ভবদেব দাস

শ্রীভবানন্দ দত্ত
ভবানীচরণ দেব
ভবানীপ্রসাদ সেন
ভবানীশঙ্কর সিংহ
ভরত পাল
ভাগবত কর
ভারতচন্দ্র নন্দী
ভীমসেন শীল
ভুবনমোহন ভড
ভুবনেশ্বর চন্দ্র
ভূপতি আশ
ভৈরবচন্দ্র ঘোষ
ভৈরবীচরণ গুই
ভোলানাথ গুজুরি
মদনমোহন মান্না
মধুসূদন কুণ্ড
মনসারাম ভদ্র
মনোহর লাহা
মহাদেব বীর

শ্রীমহেন্দ্রনাথ রুই
মহেন্দ্রনারায়ণ রক্ষিত
মাণিক্যচন্দ্র আকুলি
মাধবচন্দ্র মাকড়
মাধবরাম শেঠ
মুকুটমণি বশাখ

—

মোদক

মুকুন্দরাম ঢাকী
মুকুন্দানন্দ মান্না
মুক্তারাম দাস
মুরলীধর ধাড়া
মরহর আশপতি
মৃত্যুঞ্জয় বাঘ
মোহনচন্দ্র মালিক
মোহনপ্রসাদ নাগ
মোহিনীমোহন গাদী
যজ্ঞেশ্বর লাড়ু

বারুজী

শ্রীযদুনন্দন নন্দী
যদুনাথ দেব
যমুনাদাস দত্ত
যশোদানন্দন কুণ্ড
যশোধর আশ
যাদবরাম গুই
যাদবানন্দ মূল্য
যাদবেন্দ্র পাল

—

কুলাল

যুগলকিশোর পাল
যুধিষ্ঠির কণ্ড
রঘুনন্দন চাক
রঘুনাথ সিগিড়ী

কর্ম্মকার

রতিকান্ত দাস
রমানাথ দত্ত

শ্রীরমাবল্লভ মাথুর
রত্নেশ্বর সাহা
রমেশ্বর শীল
রসময় বাগ
রসিকলাল সেন
রসিকমোহন হুচিন্যা
রাঘবরাম দেব
রাজকিশোর গাছু

নাপিত

রাজকৃষ্ণ ধাড়া
রাজনারায়ণ খটেল
রাজবল্লভ বাগ
রাজারাম দাস
রাজেন্দ্রনারায়ণ রাণা
রাজীবলোচন চন্দ্র
রাধাকান্ত মান্না
রাধাকিশোর লাহা
রাধাকৃষ্ণ বেজ

গন্ধবণিক

শ্রীরাধাচরণ দত্ত
রাধানাথ পাল
রাধাপ্রসাদ সিংহ
রাধামাধব সেন
রাধামোহন দাস
রাধিকাদাস কুন্দু
রামকমল কর
রামকানাই কুণ্ড
রামকান্ত ভদ্র
রামকিঙ্কর দাঁ
রামকিশোর সাহা
রামকুমার ছেঁকি
রামকৃষ্ণ নাগ
রামগতি লাহা

কংসকার

রামগোপাল দত্ত
রামচন্দ্র গুই

শ্রীরামচরণ দেব
রামজীবন নন্দী
রামতনু দাস
রামতারণ নন্দন

উগ্রী

রামতোষণ কুণ্ড
রামদাস কুণ্ডর
রামদুলাল কেশ
রামধন তা
রামনাথ পাল
রামনৃসিংহ দত্ত
রামনিধি পো
রামপতি সাম
রামপ্রসাদ দেব

তাম্বুলী

রামপ্রাণ সিংহ
রামভদ্র রক্ষিত

শ্রীরামমোহন দেব
রামরত্ন আশ
রামরাঘব গুহ
রামশঙ্কর কুণ্ড
রামশরণ কর
রামসেবক পাল
রামহরি নন্দী
রামানন্দ সানাই
রামেশ্বর কোঁচ
রাসবিহারী সেন
রুক্মিণীকান্ত দত্ত

শঙ্খকার

রুক্মিণীনাথ হাঁস
রূপচন্দ্র ভদ্র
রূপনারায়ণ কুণ্ড
রূপরাম দত্ত
রেবতীরমণ চন্দ্র
লম্বোদর নন্দী
লক্ষ্মণ বন্ধু

কৈবৰ্ত্ত

শ্রীলক্ষ্মীকান্ত দাস
লক্ষ্মীনারায়ণ হাঁচড়া
লালবিহারী আদক
লোকনাথ বাঘ
শঙ্কর পাল
শত্রুঘ্ন গোল
শম্ভুচন্দ্র বারিক
শম্ভুনাথ সাঁতরা
শশিশেখর কলিয়া
শান্তিরাম মাড়
শিবকৃষ্ণ মান্না

সুবর্ণবণিক

শিবচন্দ্র দেব
শিবদয়াল দত্ত
শিবদাস ধর
শিবরাম লাহা
শোভারাম সেন
শ্রীশ্যামসুন্দর নন্দী
শ্যামাচরণ পাল
শ্যামাপ্রসাদ বর্দ্ধন
শ্রীকান্ত নাথ
শ্রীকৃষ্ণ চন্দ্র
শ্রীদামচন্দ্র বড়াল
শ্রীনাথ আঢ্য
শ্রীনারায়ণ শীল
শ্রীনিবাস সিংহ
শ্রীরাম দাস
শ্রীপতি দাঁ
শ্রীহরি পাণি

বিষয়ী

শ্রীহর্ষ রায়রায়ান
ষষ্ঠীদাস কানুনগো
সদাশিব মজুমদার
(মজমুয়াদার)
সদানন্দ রায়

শ্রীসনাতন চৌধুরী
(চতুর্ধুরীণ)
সর্ব্বানন্দ বিশ্বাস
সরূপচন্দ্র সিকদার
সর্ব্বেশ্বর দেওয়ান
সারদাপ্রসাদ নাএব
সীতানাথ পেস্কার
সীতারাম কারঙ্গন
সুবলচন্দ্র হালদার
(হওয়ালাদার)
সুব্রহ্মণ্য করোরী
সূর্য্যকুমার হাজরা
(হাজারী)
সৃষ্টিধর ব্যবহর্ত্তা
হরকুমার সরখেল
হরচন্দ্র মাহাতি
হরনারায়ণ পাটওয়ারী
হরপ্রসাদ খাজাঞ্চী
হরলাল মুহুরির

শ্রীহরানন্দ মুনশী
হরিদেব বখশী
হরিনারায়ণ নাজের
হরিমোহন জমাদার
হরিশচন্দ্র মৃধা
হরিহর লস্কর
হরেকৃষ্ণ ভূঁয়া
হর্ষানন্দ মল্লিক
হলধর খাঁ (খান)
হীরারাম সরকার
হৃদয়রাম মণ্ডল
হৃষীকেশ প্রামাণিক
হেমচন্দ্র তলাপাত্র
হেরম্ব মহাপাত্র
ক্ষেত্রপাল মুস্তৌফী
ক্ষেত্রমোহন অধিকারী
ক্ষেমঙ্কর ফৌজদার
ক্ষেমচন্দ্র তরফদার
ক্ষেমানন্দ কেরাণী

NAMES OF PLACES. স্থানের নাম

দেশ *Countries.*

অঙ্গ	কুরুক্ষেত্র	তৈলঙ্গ	মগধ
আনর্ত্ত	কেরল	দরদ	মণিপুর
আন্ধ্র	কৈকেয়	দ্রবিড়	মৎস্য
আরব	কোঙ্কণ	নেপাল	মদ্র
আশাম	কোচবেহার	নৈমিষ	মরু
ইঙ্গলণ্ড	কোশল	পঞ্চাল	মল্লভূমি
উপবঙ্গ	খশ	পহ্লব	মহারণ্য
ওড্র	গান্ধার	পাণ্ড্য	মহারাষ্ট্র
কর্ণাট	গুজ্জরাট	পারসীক	মাণ্ডব্য
কলিঙ্গ	গৌড়	প্রাগ্জ্যোতিষ	মালব
কান্যকুব্জ	ঘোষ	বঙ্গ	ম্লেচ্ছবাস
কামরূপ	চীন	বরেন্দ্র	যবন
কাম্বোজ	জালন্ধর	বাহ্লীক	যামুন
কাশ্মীর	টঙ্কণ	বিদর্ভ	রাঢ়
কিরাত	তুরুষ্ক	ব্রহ্মপুর	লঙ্কা

লাট	শাল্ব	সিংহল	স্বর্ণভৌম
শক	শূরসেন	সিন্ধু	হূণ
শবর	সারস্বত	সৌরাষ্ট্র	হৈহয়

নগর *Cities.*

অনূপসহর	কাশী	দিল্লী	বিষ্ণুপুর
অবন্তী	কাসিমবাজার	দ্বারিকা	বোম্বাই
অযোধ্যা	কিষ্কিন্ধ্যা	নাগপুর	ভরতপুর
আজমগড়	কোড়া জাহানাবাদ	নাটোর	ভোজপুর
আজমের	খএরাবাদ	পাটনা	মক্কা
আড়কাট	গয়া	পানীপৎ	মথুরা
আরা	গাজীপুর	পুনা	ময়নপুর
আসীরগড়	চণ্ডালগড়	প্রয়াগ	মাদ্রাজ
উদয়পুর	চুঁচুড়া	ফয়জাবাদ	মায়াপুরী
কলিকাতা	ছাপরা	ফরাসডাঙ্গা	মালদহ
কাঞ্চী	জয়নগর	বগসর	মিথিলা
কাল্পী	তাজপুর	বালেশ্বর	মুঙ্গের

রাজমহল	লাহোর	শ্রীরামপুর
রায়পুর	শাহাবাদ	সুরত
লণ্ডন	শৈলন্	হয়দরাবাদ
লক্ষ্ণৌ	শোণিতপুর	হরিদ্বার

জেলা *Districts.*

আগরা	ত্রিপুরা	ভাগলপুর
আলীগড়	ত্রিহোত	ময়মনসিংহ
উত্তরবুন্দেলখণ্ড	দিনাজপুর	মিরট
এটায়া	নবদ্বীপ	মুরশিদাবাদ
এলাহাবাদ	পূরণীয়া	মৃজাপুর
কটক	ফরখাবাদ	মেদিনীপুর
কাণপুর	বুন্দেলখণ্ড	মোরাদাবাদ
গোরক্ষপুর	বর্দ্ধমান	যশোহর
চট্টগ্রাম	বাকরগঞ্জ	যৌনপুর
চব্বিশপরগণা	বীরভূমি	রঙ্গপুর
জঙ্গলমহল	বেরেলী	রাজশাহী
ঢাকাজালালপুর	বেহার	রামগড়

শাহরণপুর	শ্রীহট্ট	হওয়ালীশহর
শাহাবাদ	সারণ	হুগলী

পরগণা *Pergunnahs.*

আনরপুর	এখ্তারপুর	চিরুলিয়া
আজিমাবাদ	কলারোয়া হোসেনপুর	চুণাখালী
আমিরাবাদ	কলিকাতা	চেতুয়া
আরওল্	কাকজোল	চোরমল্ল
আল	কাঁচকৌল	চৌমুয়া
আলতী	কাঁথী	জলেশ্বর
আশুরাবাদ	কাশীযোড়া	জয়দিয়া
আর্যা	কুশদহ	জাহানাবাদ
ইউসফশাহী	খাড়ী	তমোলুক
ইদিলপুর	গঙ্গামণ্ডল	তাহেরপুর
ই ন্দ্রাস	গুমগড়	তেলীহাটী
উখড়া	ঘড়	দোরো
উলাসী	ঘোড়াঘাট	ধূলিয়াপুর

নলডাঙ্গা
নলদ্বীপ
নসীবশাহী
নসীরাবাদ
নিম্‌দিয়া
পচেট
পলাশী
পাউনান
পাটপসার
পাটিকরা
পেচাঙ্গলী
বগড়ী
বরিদহাটী
বাগওয়ান
বাঘা
বালাণ্ডা
বালিয়া
বিক্রমপুর

বুড়ন
বেতিয়া
বেলগাঁ
বোরো
ভদ্রুক
ভায়না
ভুল্‌টিয়া
ভুলুয়া
ভূরিশুঠ
ভূষণা
মণ্ডলঘাট
মধুদিয়া
মনোহরশাহী
ময়দা
মহম্মদশাহী
মহিষাদল
মাগুরা
মামজোয়ানী

মুড়াগাছা
মূলঘড়
মেটিয়ারী
মেদমল্ল
যাজপুর
যুড়ী
রাংদিয়া
রুহতাস
লস্করপুর
লোহাগড়
শরিফপুর
শাহউজিয়াল
শাহনগর
শাহপুর
শাহাবাদ
শ্রীনগর
সলিমাবাদ
সাতশইকা

সাঁতুর	সোনারুঁদী	হাবেলী
সুসম	হলদহ	হাবেলীশহর
সৈদ্রপুর	হাতিয়াগড়	হিজলী

গ্রাম *Villages.*

অগ্রদ্বীপ	আম্তা	উলা
অমরকুণ্ড	আমোদপুর	উলুবাড়িয়া
অমরপুর	আলুণীয়া	ওঁচাই
অম্বিকা	আসাননগর	কড়কড়িয়া
আক্না	ইউসফপুর	কমিল্লা
আকালপৌষ	ইটালী	কাউগাছী
আগড়পাড়া	ইল্ছপা	কাঁকশেয়ালী
আঁটপুর	ইষ্টুয়ার্টগঞ্জ	কাঁচড়াপাড়া
আঁড়িয়াদহ	ইসাপুর	কাজীডাঙ্গা
আদম্পুর	ঈশ্বরগঞ্জ	কাজীপাড়া
আন্ঙ্গল	ঈশ্বরদ্বীপ	কাঞ্চননগর
আন্দুল	ঈশ্বরীপুর	কাটোয়া
আমড়াগাছী	উখলতিবড়া	কাদড়া

কাঠকুড়ুম্বা	কমারহাট	খড়দহ
কাঠোর	কলকী	খরসরাই
কাদিরপুর	কল্পী	খাকড়া
কাপ্তেনগঞ্জ	কলীনগ্রাম	খাঁড়ুরা
কামদেবপুর	কশনা	খামারপাড়া
কামাখ্যা	কসুমপুর	খাসগঞ্জ
কামারহাটী	কৃষ্ণগঞ্জ	খিদিরপুর
কামালপুর	কৃষ্ণনগর	খুদুড়া
কাল্না	কেওটা	খুলনিয়া
কালিকাপুর	কেশবপুর	খেঁইমেড়ে
কালীঘাট	কৈআড়া	খোশালপুর
কাশীপুর	কৈকালা	গঙ্গানন্দপুর
কাশীযোড়া	কৈনাড়া	গাজিনে
কিরীটকোণা	কোটরা	গঠু
কুঙ্গড়াহাটী	কোণনগর	গয়লগাছা
কুতুবপুর	কোতরঙ্গ	গরিটী
কমারখালী	কোদালিয়া	গরিপা
কমারগঞ্জ	কোলড়া	গরিব্পুর

গিলাতলী	গোলাহাট	চিড়াঙ্গটী
গিলাপোল	গৌরীপুর	চিতপুর
গুড়প	ঘনশ্যামপুর	চিনাখালী
গুপ্তপাড়া	ঘুঘিয়া	চিলমারী
গুমগড়	ঘুঘুডাঙ্গা	চুনাখালী
গুআতলী	ঘুঘুরাগাছী	চূড়ামণকাটী
গেঁওখালী	ঘুষুড়ী	চূর্ণী
গোঁদলপাড়া	ঘূর্ণী	চেঙ্গুটিয়া
গোপালনগর	ঘোনা	চেরণ
গোপীনগর	ঘোপেরঘাট্	চোপা
গোবরআড়া	ঘোলা	ছাতিনী
গোবরগাড়া	চন্দননগর	জগদীশপুর
গোবরডাঙ্গা	চন্দ্রকোণা	জগদ্দল
গোবরহাঁড়া	চাক্দহ	জগন্নাথপুর
গোবরাপাড়া	চাঁচাই	জগাছা
গোবিন্দপুর	চাণক	জঙ্গলবাদাল
গোআলপাড়া	চাতরা	জঙ্গীপুর
গোলাগড়	চাঁদপুর	জনাই

জয়নগর	টালীগঞ্জ	থেলেকোণা
জয়ন্তীপুর	টিটাগড়	দমদমা
জয়রামপুর	টেকা	দলুইপুর
জাননগর	টেঙ্গরাখালী	দশঘরা
জামনা	ঠেঠনিয়া	দক্ষিণেশ্বর
জিয়াগঞ্জ	ঠাকুরপুর	দাবড়া
জিরাট্	ডাঁইহাট	দিংসাঁই
জৌগাঁ	ডাঁড়্পুর	দীঘনগর
ঝমঝমখালী	ডাঁড়িরহাট	দীঘসূই
ঝাউখালী	ডানকুণী	দীঘা
ঝাঁজিরী	ডিঙ্গাভাঙ্গা	দীননাথপুর
ঝাঁপড়্দহ	ডুমুরদহ	দুর্গাপুর
ঝিঁকরিটপোতা	ঢাকুরিয়া	দেবগ্রাম
ঝিঁক্ড়গাছা	ঢোলমারী	দেবানন্দপুর
ঝিন্কী	তাজপুর	দেবীপুর
ঝিনুকদহ	তালডাঙ্গা	দোগাছী
ঝিংরাপোতা	তেলেনীপাড়া	দৌলতগঞ্জ
টাকী	ত্রিবেণী	দ্বারহাটা

ধনিয়াখালী	নিত্যানন্দপুর	ফতেহগঞ্জ
ধর্ম্মতলা	নিম্‌তা	ফতেহগড়
ধর্ম্মদহ	নেতাড়া	ফতেহপুর
ধর্ম্মপুর	নেহালপুর	ফরিদপুর
ধসা	নৈনান	ফিরোজাবাদ
ধাপা	নৈহাটী	বক্রিচী
ধামনগর	পঞ্চগ্রাম	বজরাপুর
ধামরাই	পটিহাট	বড়িশা
ধামাস	পল্‌তা	বন্দিপুর
নপাড়া	পলাবাড়ী	বরাহনগর
নবাবগঞ্জ	পাইকপাড়া	বল্লাগড়
নবাশন	পাটলী	বল্লভপুর
নয়াখালী	পাণিহাটী	বসিরহাট
নয়াসরাই	পালপাড়া	বসুআ
নাইকুলী	পুরুষোত্তমক্ষেত্র	বাঁকিপুর
নাড়িচা	প্রতাপগড়	বাগ্‌বাজার
নাদাভাঙ্গা	প্রতাপপুর	বাগাণ্ডা
নারায়ণপুর	ফকিরহাট	বাদলা

বাধাগাছী	বেলপুকরিয়া	ভাস্তাড়া
বাবনান	বেলমুড়ী	ভীমপুর
বাবুগঞ্জ	বেলুড়িয়া	ভৈরবপুর
বারইপুর	বেলুন	ভোলাডাঙ্গা
বারকপুর	বেহালা	মণিরামপুর
বালকাটী	বৈকুণ্ঠপুর	মসাট
বালিহস্তা	বৈদ্যনাথ	মহেশগঞ্জ
বালী	বৈদ্যপুর	মহেশপুর
বালীগঞ্জ	বৈদ্যবাটী	মাকড়দহ
বালীয়াঘাটা	ব্রহ্মপুর	মানকুণ্ড
বাঁশবাড়িয়া	ব্রহ্মশাসন	মাকুগঞ্জ
বাসুদেবপুর	ভগবানগোলা	মাহেশ
বিরুই	ভদ্রেশ্বর	মূলাযোড়
বৃন্দাবন	ভবানীপুর	মেড়তলা
বেলগাঁ	ভাটপাড়া	মেমারী
বেলগাছী	ভাঁড়ারদহ	মেহেরপুর
বেলঘরিয়া	ভায়না	মোল্লাহাটী

মৌয়া
মৌলা
যাদবপুর
রঘুনাথপুর
রাজগঞ্জ
রাজপুর
রাধাকান্তপুর
রাধানগর
রামনগর
রায়ণা
রিষিড়া
লক্ষ্মণপুর
লক্ষ্মীপুর
লক্ষ্মীখোলা
লাঙ্গলবাড়িয়া
লোকনাথপুর
শরবাড়িয়া
শাদিপুর
শান্তিপুর
শাল্‌কিয়া
শিবগঞ্জ
শিবপুর
শ্যামনগর
সংগ্রামপুর
সড়াবাড়িয়া
সর্ষা
সরসপুর
সরসরাও
সিঙ্গুর
সিন্দূরিয়া
সুখচর
সুখড়িয়া
সুখসাগর
সুগন্ধ্যা
সুলতানপুর
সেহাখালা
সোণাটিকরী
সোণাপুরা
সোণাবাড়িয়া
সোমড়া
হরিকাটী
হরিদ্রাপুর
হরিনাভি
হরিপাল
হাজরাহাটী
হাবড়া
হাঁসখালী
হাসনহাটী
হাঁসুড়ি
ক্ষীরগ্রাম
ক্ষীরপাই

READING LESSON.

পড়িবার পাঠ

মিত্র লাভঃ *acquisition of friends.*

এক কাক কূর্ম্ম মূষিক এবং মৃগ পরস্পর মিত্রতা করিয়া সুখেতে বাস করে। পরে এক দিবস কচ্ছপ ব্যাধের ভয়ে ভীত হইয়া অন্য সরোবরে চলিল। তাহাকে মূষিক প্রভৃতি কহিল তুমি জলজন্তু তোমার স্থলে গমন উচিত নহে তাহা শুনিলনা। কিন্তু পথমধ্যে কোন ব্যাধ ঐ কচ্ছপকে ধরিয়া ধনুতে বান্ধিয়া আপন গৃহে চলিল। অনন্তর মৃগ ও কাক ও উন্দুরু অত্যন্ত বিষণ্ন হইয়া তাহার পশ্চাতে গেল। এবং মূষিক বিবেচনা করিয়া বলিল শোকও শত্রু ভয় হইতে রক্ষাকর্ত্তা এবং প্রীতির ও বিশ্বাসের পাত্র রত্নস্বরূপ মিত্র এই দুইটী অক্ষরের সৃষ্টি কে করিয়াছে। এবং যে মিত্র চক্ষুর্দ্বয়ের প্রীতিরূপ রসেরস্থান ও চিত্তের আনন্দ জনক ও সুখ দুঃখের পাত্র সে মিত্র দুর্লভ অন্য যে

ধনাকাঙ্ক্ষিমিত্র সে সম্পত্তি কালে সর্ব্বত্রই মিলে তাহারদিগের যথার্থ বুঝিবার নিমিত্তে বিপত্তিই কষ্টিপাতর হইয়াছে। এপ্রকারে মূষিক অনেক বিলাপ করিয়া মৃগ ও কাককে বলিল যাবৎ এই ব্যাধ বন হইতে নির্গত নাহয় তাবৎ কচ্ছপকে ছাড়াইতে যত্ন কর তাহার পরামর্শ এই। মৃগ জল সন্নিধিতে গিয়া আপনাকে মৃতের ন্যায় দেখান বায়স তাহারউপরে বসিয়াঠোঁটদিয়াঠোক্‌রাউক তবে নিশ্চয় এই ব্যাধ সে স্থানে কচ্ছপকে রাখিয়া মৃগমাংসের লোভে ত্বরাতে যাইবে। তাহার পর আমি কচ্ছপের বন্ধন ছেদন করিব তোমরা দুই জনে ব্যাধ নিকটে আইলে পলাইবা। অনন্তর মৃগ ও কাক শীঘ্র গিয়া সেই রূপ করিলে পর ঐ ব্যাধ শ্রান্ত হইয়া জলপান করিয়া বৃক্ষের মূলে বসিয়া সেই রূপ মৃগকে দেখিয়া কাতান লইয়া প্রফুল্ল চিত্ত হইয়া মৃগের নিকটে চলিল। ইতোমধ্যে মূষিক কচ্ছপের বন্ধন ছেদন করিল সে কচ্ছপ তৎক্ষণাৎ জলাশয়ে প্রবিষ্ট হইল। এবং ঐ হরিণ

সেই ব্যাধকে নিকটে আসিতে দেখিয়া উঠিয়া পলাইল। ব্যাধ ফিরিয়া গাছের তলাতে আসিয়া কূর্ম্মকে না দেখিয়া ভাবনা করিল ভদ্রাভদ্র বিবেচনা না করিয়া কর্ম্ম করি যে আমি সে আমার এ উপযুক্তই বটে। যেহেতুক যে লোক নিশ্চিত বিষয়কে পরিত্যাগ করিয়া অনিশ্চিত বিষয়কে চেষ্টা করে তাহার নিশ্চিত বিষয় নষ্ট হয়। অনন্তর ঐ ব্যাধ বাস স্থানে গেল। অতএব দুর্বলকেও মিত্র করিবেক দেখ ব্যাধ দ্বারা বদ্ধ কূর্ম্মশ্রেষ্ঠ মূষিক কর্ত্তৃক মোচিত হইল ইতি॥

সুহৃদ্ভেদঃ *or the breach of friendship.*

এক সিংহ রাজা ছিলেন তাঁহার মন্ত্রী দুই শৃগাল ছিল তাহারা এক বৃষের সহিত ঐ রাজার মিত্রতা করিয়া দিয়াছিল পরে সেই রাজা বৃষ মিত্রকে যথোচিত সমাদর করেণ মন্ত্রীরদিগের আহার দানেতেও অত্যন্ত অনাদর করেণ একারণ ঐ দুই মন্ত্রী পরামর্শ করিল রাজা বৃষ মিত্র

পাইয়া আনন্দিত আছেন আমার দিগের আহার দিতেও অবজ্ঞা করেণ অতএব রাজার সহিত বৃষের মিত্রতা ভঙ্গ যাহাতে হয় এমত চেষ্টা করা কর্ত্তব্য পরে রাজাকে এক শৃগাল মন্ত্রী কহিল মহারাজ তোমাকে নষ্ট করিয়া তোমার রাজ্য লইবার চেষ্টা ঐ বৃষ করিতেছে রাজা কহিলেন কিপ্রকারে তাহা জানিব শৃগাল বলিল যখন ঐ বৃষ গর্ব্বিত হইয়া শৃঙ্গাগ্র রূপ অস্ত্রাভিমুখ হইয়া আসিবেক তখন প্রভু জানিবেন এই রূপ কহিয়া বৃষের নিকটে বিষণ্ণ হইয়া মন্দ গতিতে গেল বৃষ জিজ্ঞাসা করিল বিষণ্ণ কেন মঙ্গলতো শৃগাল কহিল ভৃত্যের দিগের কোথায় মঙ্গল যে হেতুক এই প্রভু তোমার উপরে বিকার প্রাপ্ত চিত্ত হইয়া নির্জনেতে কহিলেন বৃষকে নষ্ট করিয়া নিজ পরিবারকে তর্পণ করিব ইহা শুনিয়া বৃষ কহিল এ দুর্ব্বুদ্ধি আমাকে নষ্ট করিতে ইচ্ছা করিয়াছে ইহা কি প্রকারে জানিব শৃগাল বলিল যেক্ষণে ঐ সিংহ ঊর্দ্ধ

লাঙ্গূল ও সঙ্গত পাদ ও বিস্তারিত মুখ হইয়া দেখিবেক সেইক্ষণে জানিবা পরে আপন পরাক্রম দেখাইবা ইহা শুনিয়া বৃষ বড় বিমর্শ হইল শৃগাল পুনশ্চ কহিল বিমর্শতা নিরর্থক কালোপযুক্ত কর্ম্ম অনুষ্ঠান কর ইহা কহিয়া সিংহের সন্নিধানে গিয়া কহিল হে মহারাজ সেই পাপিষ্ঠ আসিতেছে অতএব সসজ্জ হইয়া থাকুন ইহা কহিয়া যুদ্ধের সজ্জা করাইল অনন্তর বৃষও আইল সেই প্রকার বিকারপ্রাপ্ত পরস্পর অবলোকন করিয়া নিজানুরূপ পরাক্রম করিল তাহার পর তাহার দিগের তুমুল যুদ্ধ হইলে সিংহ কর্তৃক বৃষ নষ্ট হইল পরে সিংহ কহিলেন বন্ধু নাশ করিলাম আমার বড় পাপ হইল ইহা কহিয়া চিন্তিত হইলেন অনন্তর শৃগালের প্রবোধ বাক্য দ্বারা পরিতোষিত হইয়া স্বকীয় স্বভাব পাইয়া সিংহাসনে উপবিষ্ট হইলেন শৃগাল প্রফুল্ল চিত্ত হইয়া মহারাজ জয় হউক কহিয়া পরমাহ্লাদে থাকিল ইতি॥

বিগ্রহঃ *on war.*

কর্পূর দ্বীপে এক হংসরাজ থাকেন তাঁহার দূত এক বক জম্বুদ্বীপে গিয়াছিল সেখানে ময়ূর রাজের দূতের সহিত আপন ২ রাজার প্রশংসাতে বিবাদ করিয়া হংস রাজের নিকট আসিয়া কহিল যে জম্বুদ্বীপের ময়ূর রাজের দূতের সহিত আমার বিবাদ হইয়াছে সেই নিমিত্তে সে রাজা মহাশয়ের সহিত যুদ্ধ করিতে আসিতেছে ইতোমধ্যে ময়ূর রাজের দূত শুক আসিয়া হংসরাজের দ্বারে উপস্থিত হইল দ্বারী রাজার নিকট সম্বাদ দিল জম্বুদ্বীপ হইতে শুক আসিয়াছে ইহা শুনিয়া হংসরাজ চক্রবাক মন্ত্রীর প্রতি দৃষ্টি করিলেন চক্রবাক কহিল দূতকে আশ্বাস করিয়া তাবৎ রাখুন যাবৎ দুর্গ সসজ্জ না হয় পরে কর্ম্মদক্ষ সারস দ্বারা এক বৃহৎ সরোবর সমীপে দুর্গ ও খাদ্যাহরণ করিয়া দূতকে বিদায় করিলেন শুক ময়ূররাজের নিকটে গিয়া সকল বৃত্তান্ত কহিয়া যুদ্ধোদ্যোগ করিতে নিবেদন

করিল। ময়ূররাজ শুক বাক্য শুনিয়া গৃধ্রকে নিজ সৈন্য দেখিতে আজ্ঞা দিলেন গৃধ্র সেনা দেখিয়া কহিতেছে যে স্থানে নদী গিরি বন দুর্গেতে ভয় আছে সেখানে ব্যূহীকৃত সৈন্যের সহিত সেনাপতিরা যাউন উত্তম বলের সহিত সেনাধ্যক্ষ অগ্রে যাউন মধ্যে স্ত্রী প্রভু ভাণ্ডার উত্তম বল গমন করুক দুই পার্শ্বে অশ্ব তৎপার্শ্বে রথ তৎপার্শ্বে হস্তী তৎপার্শ্বে পদাতি গমন করুক পশ্চাৎ সেনাপতি খিদ্যমান সেনাকে আশ্বাস করিয়া গমন করুণ। পরে হংসরাজের দূত বক কহিল হে মহারাজ ময়ূররাজ আগতপ্রায় ইহা শুনিয়া হংসরাজ চক্রবাক মন্ত্রীকে কহিলেন এখন কি কর্ত্তব্য মন্ত্রী কহিল যে ময়ূররাজ যাবৎ দুর্গের পথ রোধ না করে ইহার মধ্যে পথে তাহার সেনা রোধ করিবার নিমিত্তে সারস প্রভৃতি সেনাপতিরা গমন করুণ তাহা করিলে পর যুদ্ধ আরম্ভ হইল তাহাতে ময়ূরের সেনাপতি ও সেনা অনেক নষ্ট হইল একারণ ময়ররাজ ভাবিত

হইয়া মন্ত্রীকে কহিলেন তুমি কি আমাকে ত্যাগ করিতেছ গৃধ্র বলিল ভয়কি বিপক্ষ দুর্গ ভাঙ্গিয়া তোমাকে জয় যুক্ত করিয়া শীঘ্র স্বস্থানে লইয়া যাইব ময়ূররাজ কহিলেন অল্প সেনাতে কিরূপে জয় হইবে গৃধ্র বলিল হঠাৎ দুর্গ রোধ করিব। ইতোমধ্যে হংসরাজ প্রেরিত দূত কহিল যে ময়ূর রাজ দুর্গ রোধের পরামর্শ করিতেছেন ইহা শুনিয়া হংসরাজ চক্রবাককে কহিলেন এখন কি কর্ত্তব্য চক্রবাক কহিল যে সৈন্য বিবেচনা করিয়া তাহারদের ধন প্রদান করুণ তাহা করিলে পর সেনারা দুর্গদ্বারে গিয়া তুমুল যুদ্ধ করিল ময়ূররাজ গৃধ্রকে বলিলেন এখন প্রতিজ্ঞা পালন কর পরে হংসের দুর্গ মধ্যবর্ত্তি গৃহে ময়ূর সৈন্য কাকেরা অগ্নি ক্ষেপ করিয়া দুর্গ লইয়াছি২ এই শব্দ করিল তাহা শুনিয়া হংসরাজের সেনারা ও দুর্গবাসি লোকেরা শীঘ্র হ্রদে প্রবেশ করিল কিন্তু স্বভাবত মন্দগতি হংসরাজকে ও সারসকে ময়ূর রাজের সেনা কুক্কুট আসিয়া বেড়িল পরে হংস

রাজ সারসকে কহিলেন যে তুমি পলায়ন কর সারস কহিল ইহা কর্ত্তব্য নহে পরে কুক্কুট হংস রাজের গাত্রে তীক্ষ্ণ নখাঘাত করিলে সারস শীঘ্র আপন প্রভুকে শরীরের মধ্যে করিয়া জলে পড়িল তদনন্তর সারস অনেক কুক্কুট নষ্ট করিয়া শেষে কুক্কুট সেনার আঘাতে প্রাণ ত্যাগ করিল তাহার পর ময়ূররাজ দুর্গ মধ্যে প্রবেশ করিয়া দ্রব্যাদি লুটিয়া বন্দি কর্ত্তৃক জয় শব্দে আহ্লাদিত হইয়া স্বস্থানে গমন করিলেন ইতি ॥

সন্ধিঃ *on peace.*

পূর্ব্বোক্ত যুদ্ধের পর ময়ূররাজের মন্ত্রী বিবেচনা করিল যে শত্রু নষ্ট হইলনা পুনর্ব্বার যুদ্ধাশঙ্কা থাকিল অতএব সন্ধি করিবার নিমিত্তে হংস রাজের দুর্গ মধ্যে প্রবেশ করিল তাহার পর হংসরাজের দূত বক আসিয়া কহিল হে মহারাজ ময়ূররাজের মন্ত্রী গৃধ্র আমারদের সহিত সন্ধি করিতে আসিয়াছে এই কথা শুনিয়া হংসরাজের

মন্ত্রী চক্রবাক তাহার সম্মানের নিমিত্তে রত্ন উপহারাদি প্রস্তুত করিয়া গৃধ্রু নিকটে গিয়া সমাদর পূর্ব্বক গড়ের দ্বার হইতে আনিয়া রাজার সহিত সাক্ষাত করাইয়া আসনে বসাইয়া কহিলেন এই সমস্ত রাজ্য তোমারদের আয়ত্ত আপন ইচ্ছাতে উপভোগ কর গৃধ্রু বলিল ইহাই বটে কিন্তু সম্প্রতি অনেক প্রপঞ্চ বাক্যে প্রয়োজন নাই যে হেতুক লোভীকে ধন দ্বারা দাম্ভিককে অঞ্জলি করণ দ্বারা মূর্খকে ছল দ্বারা পণ্ডিতকে যাথার্থ্য দ্বারা মিত্রকে প্রীতিতে বান্ধবকে সম্মানেতে স্ত্রী পুত্রকে দান সম্মানেতে ইতর লোককে সারল্যেতে বশ করিবেক সেই নিমিত্তে তোমরা মেল করিয়া যাও কেননা ময়ূররাজ মহাবল পরাক্রম। চক্রবাক বলিল যে রূপ মিলন কর্ত্তব্য তাহা কহ হংসরাজ বলিলেন সন্ধি কত প্রকার হয় গৃধ্র কহিল বলবান্ কর্তৃক অভিযুক্ত রাজা প্রতীকারে অসমর্থ হইলে বিপদ্গ্রস্ত হইয়া কাল ক্ষেপণ করত সন্ধি করিতে চেষ্টা করে সে সন্ধি ষোড়শ

প্রকার তাহার বিবরণ এই। কেবল সমতাতে যে মিলন হয় তাহার নাম কপাল সন্ধি১ ধনাদি দ্বারা যে মেল হয় তাহার নাম উপহার সন্ধি ২ দাসী বেশ্যাদি দান দ্বারা যে মেল সে সন্তান সন্ধি ৩ মিত্রতাপূর্ব্বক যে মেল সে সঙ্গত সন্ধি ৪ এই সঙ্গত সন্ধি যদি সম্পত্তিতে কিংবা বিপত্তিতে কোন কারণ প্রযুক্ত যাবজ্জীবন উভয়ের এক বিষয় এক প্রয়োজনের ভেদ না হয় তবে ইহার সুবর্ণের ন্যায় উত্তমতা হেতুক সন্ধিজ্ঞেরা ইহাকে কাঞ্চন সন্ধি বলেন ৪ ধন ও নিজ কার্য্য নিষ্পত্তিকে উদ্দেশ করিয়া যে মেল করে সে উপন্যাস সন্ধি ৫ আমি পূর্ব্বে ইহার উপকার করিয়াছি আমারো এ লোক প্রত্যুপকার করিবেক বলিয়া যে মেল করে তাহাকে প্রতীকার সন্ধি বলি ৬ যেখানে এক কার্য্য উদ্দেশ করিয়া উভয়ে একত্র গমন করে তাহাকে সংযোগ সন্ধি বলি ৭ তোমার ও আমার সেনা পতি দ্বারা আমার কার্য্য নিষ্পন্ন কর ইহা কহিয়া যাহাতে পণ করে সে পুরুষান্তর সন্ধি ৮ যে

স্থলে কোন ব্যক্তির ভূমির এক দেশের পণের দ্বারা সম্মানিত হইয়া ঐ ব্যক্তির বিপক্ষকে আযত্ত করে সে স্থলে তাহার স্থানে সেই পণ লইয়া যে মেল করে সে মেলকে অদৃষ্টপুরুষ সন্ধি বলি ৯ যেখানে ভূম্যেক দেশ পণেতে বৈরি জয় না হয় কিন্তু তাহাতে যে মেল হয় তাহাকে আদিষ্ট সন্ধি বলি ১০ আপন সৈন্যের সহিত বিপক্ষের সঙ্গে যে মেল করে তাহার নাম আত্মামিষ সন্ধি ১১ জীবন রক্ষার কারণ সর্ব্বস্ব দানে যে মেল করে তাহাকে উপগ্রহ সন্ধি বলি ১২ অবশিষ্ট প্রকৃতি রক্ষার নিমিত্তে কোষস্থ কিয়ৎপরিমিত স্বর্ণ রূপ্য দান দ্বারা কিম্বা স্বর্ণ রূপ্য ভিন্ন দ্রব্য দান দ্বারা কিম্বা সমস্ত সুবর্ণ রূপ্য দান দ্বারা যে মেল করে তাহাকে পরিক্রয় সন্ধি বলি ১৩ উত্তম ভূমি দান জন্য যে সন্ধি হয় তাহাকে উচ্ছন্ন সন্ধি বলি ১৪ ভূম্যুৎপন্ন ভূরি শস্য দান দ্বারা যে মেল হয় তাহার নাম পরভূষণ সন্ধি ১৫ যে স্থলে ভূম্যুৎপন্ন শস্যকে প্রত্যেকেতে বহন করিয়া দেয়

তাহাকে স্কন্ধোপনেয় সন্ধি বলি ১৬। পরে হংস রাজ কহিলেন তোমরা বড় লোক ও জ্ঞানী এখন আমার দিগের যাহা কর্ত্তব্য তাহা কহ গৃধ্র কহিল এইক্ষণে সত্য করণ রূপ দিব্য পূর্ব্বক দুই রাজার সুবর্ণ সংজ্ঞক সন্ধি হউক চক্রবাক বলিল ইহাই কর্ত্তব্য তদনন্তর ময়ূররাজের মন্ত্রী গৃধ্র হংসরাজ কর্তৃক বসনাভরণোপচার দ্বারা সম্মানিত হইয়া প্রফুল্লান্তঃকরণে হংসরাজের মন্ত্রী চক্রবাককে লইয়া ময়ূররাজের সমীপে গেল সে স্থানে ময়ূররাজ গৃধ্রের বাক্যেতে দান সম্মান পূর্ব্বক চক্রবাকের সহিত সম্ভাষা ও সন্ধি স্বীকার করিয়া হংসরাজ সন্নিধানে প্রেরণ করিলেন তদনন্তর গৃধ্র মন্ত্রী কহিল হে রাজাধি রাজ এখন আমারদের অভিলষিত সম্পূর্ণ হইল নিজ স্থানে ফিরিয়া চলুন পরে সকলে আপন ২ স্থানে গিয়া মনোবাঞ্ছিত ফল পাইলেন ইতি ॥

NUMBERS AND FIGURES.

সঙ্খ্যা এবং অঙ্ক

Bengalee.		Sunscrit.
এক	১	একঃ
দুই	২	দ্বৌ
তিন	৩	ত্রয়ঃ
চারি	৪	চত্বারঃ
পাঁচ	৫	পঞ্চ
ছয়	৬	ষট্
সাত	৭	সপ্ত
আট	৮	অষ্ট
নয়	৯	নব
দশ	১০	দশ
এগার	১১	একাদশ
বার	১২	দ্বাদশ
তের	১৩	ত্রয়োদশ
চৌদ্দ	১৪	চতুর্দ্দশ
পোনের	১৫	পঞ্চদশ

ষোল	১৬	ষোড়শ
সতের	১৭	সপ্তদশ
আঠার	১৮	অষ্টাদশ
ঊনিশ	১৯	ঊনবিংশতিঃ
বিশ *or* কুড়ি	২০	বিংশতিঃ
একইশ	২১	একবিংশতিঃ
বাইশ	২২	দ্বাবিংশতিঃ
তেইশ	২৩	ত্রয়োবিংশতিঃ
চব্বিশ	২৪	চতুর্বিংশতিঃ
পঁচিশ	২৫	পঞ্চবিংশতিঃ
ছাব্বিশ	২৬	ষড়্বিংশতিঃ
সাতাইশ	২৭	সপ্তবিংশতিঃ
আটাইশ	২৮	অষ্টাবিংশতিঃ
ঊনত্রিশ	২৯	ঊনত্রিংশৎ
ত্রিশ	৩০	ত্রিংশৎ
একত্রিশ	৩১	একত্রিংশৎ
বত্রিশ	৩২	দ্বাত্রিংশৎ
তেত্রিশ	৩৩	ত্রয়স্ত্রিংশৎ

চৌত্রিশ	৩৪	চতুস্ত্রিংশৎ
পঁইত্রিশ	৩৫	পঞ্চত্রিংশৎ
ছত্রিশ	৩৬	ষট্‌ত্রিংশৎ
সাঁইত্রিশ	৩৭	সপ্তত্রিংশৎ
আটত্রিশ	৩৮	অষ্টাত্রিংশৎ
ঊনচল্লিশ	৩৯	ঊনচত্বারিংশৎ
চল্লিশ	৪০	চত্বারিংশৎ
একচল্লিশ	৪১	একচত্বারিংশৎ
বেয়াল্লিশ	৪২	দ্বিচত্বারিংশৎ
তেতাল্লিশ	৪৩	ত্রিচত্বারিংশৎ
চৌয়াল্লিশ	৪৪	চতুশ্চত্বারিংশৎ
পঁয়তাল্লিশ	৪৫	পঞ্চচত্বারিংশৎ
ছেচল্লিশ	৪৬	ষট্‌চত্বারিংশৎ
সাতচল্লিশ	৪৭	সপ্তচত্বারিংশৎ
আটচল্লিশ	৪৮	অষ্টচত্বারিংশৎ
ঊনপঞ্চাশ	৪৯	ঊনপঞ্চাশৎ
পঞ্চাশ	৫০	পঞ্চাশৎ
একান্ন	৫১	একপঞ্চাশৎ

বাওয়ান্ন	৫২	দ্বিপঞ্চাশৎ
তিপ্পান্ন	৫৩	ত্রিপঞ্চাশৎ
চৌয়ান্ন	৫৪	চতুঃপঞ্চাশৎ
পঞ্চান্ন	৫৫	পঞ্চপঞ্চাশৎ
ছাপ্পান্ন	৫৬	ষটপঞ্চাশৎ
সাতান্ন	৫৭	সপ্তপঞ্চাশৎ
আটান্ন	৫৮	অষ্টপঞ্চাশৎ
ঊনষাটি	৫৯	ঊনষষ্টিঃ
ষাটি	৬০	ষষ্টিঃ
একষট্টি	৬১	একষষ্টিঃ
বাষট্টি	৬২	দ্বিষষ্টিঃ
তেষট্টি	৬৩	ত্রিষষ্টিঃ
চৌষট্টি	৬৪	চতুঃষষ্টিঃ
পাঁয়ষট্টি	৬৫	পঞ্চষষ্টিঃ
ছষট্টি	৬৬	ষট্‌ষষ্টিঃ
সাতষট্টি	৬৭	সপ্তষষ্টিঃ
আটষট্টি	৬৮	অষ্টষষ্টিঃ
ঊনসত্তর	৬৯	ঊনসপ্ততিঃ

সত্তর	৭০	সপ্ততিঃ
একাত্তর	৭১	একসপ্ততিঃ
বাওয়াত্তর	৭২	দ্বিসপ্ততিঃ
তেয়াত্তর	৭৩	ত্রিসপ্ততিঃ
চৌওয়াত্তর	৭৪	চতুঃসপ্ততিঃ
পঁচাত্তর	৭৫	পঞ্চসপ্ততিঃ
ছেয়াত্তর	৭৬	ষট্‌সপ্ততিঃ
সাতাত্তর	৭৭	সপ্তসপ্ততিঃ
আটাত্তর	৭৮	অষ্টসপ্ততিঃ
ঊনআশী	৭৯	ঊনাশীতিঃ
আশী	৮০	অশীতিঃ
একাশী	৮১	একাশীতি
বিরাশী	৮২	দ্ব্যশীতিঃ
তিরাশী	৮৩	ত্র্যশীতিঃ
চৌরাশী	৮৪	চতুরশীতিঃ
পঁচাশী	৮৫	পঞ্চাশীতিঃ
ছেয়াশী	৮৬	ষড়শীতিঃ
সাতাশী	৮৭	সপ্তাশীতিঃ

আটাশী (অষ্টাশী)	৮৮	অষ্টাশীতিঃ
ঊননই	৮৯	ঊননবতিঃ
নই (নব্বই)	৯০	নবতিঃ
একানই	৯১	একনবতিঃ
বিরানই	৯২	দ্বিনবতিঃ
তিরানই	৯৩	ত্রিনবতিঃ
চৌরানই	৯৪	চতুর্নবতিঃ
পঁচানই	৯৫	পঞ্চনবতিঃ
ছেয়ানই	৯৬	ষণ্নবতিঃ
সাতানই	৯৭	সপ্তনবতিঃ
আটানই	৯৮	অষ্টনবতিঃ
নিরানই	৯৯	নবনবতিঃ
শ (শও)	১০০	শতং
হাজার	১০০০	সহস্রং
দশহাজার	১০০০০	অযুতং
লাক	১০০০০০	লক্ষং
দশ লাক	১০০০০০০	নিযুতং

ক্রোর	১০০০০০০০০	কোটিঃ
দশ ক্রোর	১০০০০০০০০০	অর্ব্বুদঃ
এক শও ক্রোর	১০০০০০০০০০০	বৃন্দঃ
হাজার ক্রোর	১০০০০০০০০০০০	খর্ব্বঃ
দশহাজারক্রোর	১০০০০০০০০০০০০	নিখর্ব্বঃ
লাক ক্রোর	১০০০০০০০০০০০০০	শঙ্খঃ
দশ লাক ক্রোর	১০০০০০০০০০০০০০০	পদ্মঃ
এক শও লাক ক্রোর	১০০০০০০০০০০০০০০০	সাগরঃ
হাজার লাক ক্রোর	১০০০০০০০০০০০০০০০০	অন্ত্যং
দশহাজারলাক ক্রোর	১০০০০০০০০০০০০০০০০০	মধ্যং
লাক লাক ক্রোর	১০০০০০০০০০০০০০০০০০০	পরার্দ্ধং

ORDINAL NUMBERS.

সংখ্যা পূরণ বাচকাঃ

Bengalee.	*Sanscrit.*	*Bengalee.*	*Sanscrit.*
পৈলা	প্রথমঃ	সতেরক্রি	সপ্তদশঃ
দোসরা	দ্বিতীয়ঃ	আঠারক্রি	অষ্টাদশঃ
তেসরা	তৃতীয়ঃ	ঊনিশা	ঊনবিংশঃ
চৌটা	চতুর্থঃ	বিশা বিশক্রি	বিংশঃ
পাঁচক্রি	পঞ্চমঃ		
ছয়ক্রি	ষষ্ঠঃ	একইশা	একবিংশঃ
সাতক্রি	সপ্তমঃ	বাইশা	দ্বাবিংশঃ
আটক্রি	অষ্টমঃ	তেইশা	ত্রয়োবিংশঃ
নয়ক্রি	নবমঃ	চব্বিশা	চতুর্বিংশঃ
দশক্রি	দশমঃ	পঁচিশা	পঞ্চবিংশঃ
এগারক্রি	একাদশঃ	ছাব্বিশা	ষড়্বিংশঃ
বারক্রি	দ্বাদশঃ	সাতাইশা	সপ্তবিংশঃ
তেরক্রি	ত্রয়োদশঃ	আটাইশা	অষ্টাবিংশঃ
চৌদ্দক্রি	চতুর্দশঃ	ঊনত্রিশা	ঊনত্রিংশঃ
পোনেরক্রি	পঞ্চদশঃ	ত্রিশা	ত্রিংশঃ
ষোলক্রি	ষোড়শঃ	ইত্যাদয়ঃ	

NUMERALS.

সাঙ্কেতিক সংখ্যা বোধক শব্দাঃ

এক 1.

পরমাত্মা। বিধুঃ। ক্ষিতিঃ। গণেশদন্তঃ। শুক্রচক্ষুঃ॥

দুই 2.

পক্ষঃ। নদীকূলং। অসিধারা। রামপুত্রঃ। চক্ষুঃ। হস্তঃ। স্তনঃ॥

তিন 3.

কালঃ। অগ্নিঃ। ভুবনং। গঙ্গামার্গঃ। শিবচক্ষুঃ। গুণঃ। গ্রীবারেখা। কালিদাসকাব্যং। বলিঃ। সন্ধ্যা। পুরং। পুষ্করং। রামঃ। বিষ্ণুঃ। জ্বরপাদঃ॥

চারি 4.

বেদঃ। ব্রহ্মাস্যং। বর্ণঃ। সমুদ্রঃ। হরিবাহুঃ। স্বর্দন্তিদন্তঃ। সেনাঙ্গং। উপায়ঃ। যামঃ। যুগং। আশ্রমঃ। বৃত্তপাদঃ॥

পাঁচ 5.

পাণ্ডবঃ। শিবাস্যং। ইন্দ্রিয়ং। স্বর্গঃ। ব্রহ্মাগ্নিঃ।

মহাপাপং। মহাভূতং। মহাকাব্যং। মহামখঃ।
পুরাণলক্ষণং। অঙ্গং। প্রাণাঃ। বর্গঃ। ইন্দ্রিয়ার্থঃ॥

ছয় 6.

বজ্রকোণঃ। ত্রিশিরোনেত্রং। তর্কঃ। অঙ্গং। দর্শনং।
চক্রবর্ত্তী। কার্ত্তিকেয়মুখং। গুণঃ। রসঃ। ঋতুঃ।
জ্বরবাহুঃ। রূপং॥

সাত 7.

পাতালং। ভুবনং। মুনিঃ। দ্বীপঃ। সূর্য্যাশ্বঃ। বারঃ।
সমুদ্রঃ। স্বরঃ। রাজ্যাঙ্গং। ব্রীহিঃ। বহ্নিশিখা।
পর্ব্বতঃ॥

আট 8.

যোগাঙ্গং। বসুঃ। শিবমূর্ত্তিঃ। দিগ্গজঃ। সিদ্ধিঃ।
ব্রহ্মশ্রুতিঃ। ব্যাকরণং। দিক্পালঃ। অহিঃ।
জলাদিঃ। ঐশ্বর্য্যং॥

নয় 9.

অঙ্কং। দ্বারং। ভূখণ্ডং। ক্রতুঃ। সুধাঙ্গং।
ব্যাঘ্রীস্তনঃ। নিধিঃ। রসঃ। গ্রহঃ। নন্দঃ। গৌঃ॥

দশ 10.

হস্তাঙ্গুলিঃ। শম্ভুবাহুঃ। রাবণমস্তকঃ। চন্দ্রাশ্বঃ।
কৃষ্ণাবতারঃ। দিক্। বিশ্বদেবঃ। অবস্থা। পংক্তিঃ॥

এগার 11.

রুদ্রঃ। দুর্য্যোধনসেনাপতিঃ॥ ॥

বার 12.

সূর্য্যঃ। মাসঃ। রাশিঃ। সংক্রান্তিঃ। গুহবাহুঃ।
সারিকোষ্ঠঃ। গুহনেত্রং। রাজমণ্ডলং। সাধ্যঃ॥

তের 13.

তাম্বূলগুণঃ। বিশ্বঃ॥ ॥ ॥

চৌদ্দ 14.

বিদ্যা। যমঃ। মনুঃ। ইন্দ্রঃ। ভুবনং। ধ্রুবতারকং॥

পোনের 15.

তিথিঃ॥ ॥ ॥

ষোল 16.

ইন্দুকলা। মাতৃকা। নৃপঃ॥ ॥

সতের 17.

জলদঃ॥ ॥ ॥

আটার 18.

দ্বীপঃ। বিদ্যা। পুরাণং। স্মৃতিঃ। ধান্যং।
যূপঃ। ধৃতিঃ॥

ঊনিশ 19.

অতিধৃতিঃ॥ ॥ ॥

কুড়ি 20.

রাবণবাহুঃ। অঙ্গুলিঃ। নখঃ॥ ॥

বাইশ 22. চব্বিশ 24. পঁচিশ 25.
জাতিঃ॥ স্তম্ভং। সিদ্ধঃ। জিনঃ॥ তত্ত্বং॥

বত্রিশ 32. ছত্রিশ 36. ঊনপঞ্চাশ 49. চৌষট্টি 64.
দন্তঃ॥ তুষিতঃ॥ বায়ুঃ॥ আভাস্বরঃ॥

শত 100.

ধার্ত্তরাষ্ট্রঃ। শতভিষাতারা। পুরুষায়ুষং।
রাবণাঙ্গুলিঃ। পদ্মদলং। ইন্দ্রযজ্ঞঃ। অব্ধিযোজনং॥

দুইশত কুড়ি 220.

মহারাজিকঃ। ॥ ॥

হাজার 1000.

জাহ্নবীবক্ত্রং। শেষশীর্ষং। পদ্মছদঃ। রবিকরঃ।
অর্জুনবাণঃ। বেদশাখা। ইন্দ্রবৃষ্টিঃ॥

Contractions used in writing Bengalee.

ভাষার একদেশ সঙ্কেত

আ॰	আসামী।	চা॰	চালান। চাকর।
ই॰	ইস্তক। ইংরাজী		চাকরাণ। চাকলা॥
	ইসাদী।	চি॰	চিঠা।
উ॰	উসুল। উত্তর।	জা॰	জানিব্। জামিন।
	উত্তরদিক্।	জি॰	জিম্মা। জিনিস।
ও॰	ওয়াসিল।	জু॰	জুমুল।
কি॰	কিসমত। কিস্তী।	জে॰	জেলা।
	কিস্তিবন্দী।	ডেঁদ	ডিঙ্গিয়াদক্ষিণ।
	কিতাবৎ।	ডেঁদু	ডিঙ্গিয়াউত্তর।
কৈ॰	কৈফিয়ত।	ডেঁপ	ডিঙ্গিয়াপশ্চিম।
গঙ্গ	গঙ্গোপাধ্যায়।	ডেঁপূ	ডিঙ্গিয়াপূর্ব্ব।
	(গাঙ্গুলী)	ত॰	তরফ। তফসীল।
গু॰	গুজরত।	তদ	তাহার দক্ষিণ।
চ॰	চলিত।	তদু	তাহার উত্তর।
চট্ট	চট্টোপাধ্যায়।	তপ	তাহার পশ্চিম।
	(চাটুর্য্যা)	তপূ	তাহার পূর্ব্ব।

তা॰	তারিখ। তালুক।	বি॰	বিত॰। বিমজ্জিম্।
দ॰	দরুণ। দক্ষিণ।		(বমৌজিব্)
	দর।	বে॰	বৈস্মিন্। (বএসম্)
দা॰	দাদন। দাখিল।	ম॰	মণ্ডল। মবলগ।
	দাখিলা।	মা॰	মারফত। মাশুল।
দি॰	দিগর।		মাহ্।
ন॰	নগদ। নম্বর।	মুখ	মুখোপাধ্যায়।
প॰	পরগণা। পশ্চিম।		(মুখয্যা)
পু॰	পুনশ্চ।	মে॰	মেস্তর।
পূ॰	পূর্ব্বদিক্।	মো॰	মোকাম।
পা॰	পাইক।	মৌ॰	মৌজা।
পে॰	পেয়াদা।	যো॰	যোত। যোড়া।
প্র॰	প্রশ্ন।		যোগ।
ফা॰	ফাজিল।	লা॰	লাগাএৎ।
ফৈ॰	ফৈরাদী।	স॰	সম্পর্কীয় (যথা
	(ফরিয়াদী)		জমি স॰জমা)
ব॰	বকলম। বরাবর।	সা॰	সাকিন্। সাক্ষী।
বন্দ্য	বন্দ্যোপাধ্যায়।	হা॰	হাওয়ালাত।
	(বাঁড়ুয্যা)		হাসিল।
বা॰	বাঙ্গলা।	হি॰	হিসাব। হিস্সা।

Abbreviations used in writing Sanscrit.

সংস্কৃত শব্দৈক দেশ গৃহীত সঙ্কেতাঃ

অ অগ্রহায়ণী। অশ্বিনী
নক্ষত্রং। অশ্লেষা
নক্ষত্রং। অনুরাধা
নক্ষত্রং। অতিগণ্ড
যোগঃ। অসৃক্‌যোগঃ
অগ্নিপুরাণং। অবর্ণঃ
আ আষাঢ়ী। আশ্বিনী
। আর্দ্রা নক্ষত্রং।
আয়ুষ্মান্‌যোগঃ।
ই ইন্দ্রযোগঃ। ইবর্ণঃ
উ উত্তরফল্গুনীনক্ষত্রং
উত্তরাষাঢ়ানক্ষত্রং
। উত্তরভাদ্রপদ
নক্ষত্রং।। উবাচ।
উবর্ণঃ।
ঋ ঋষভস্বরঃ।

কং কারকং।
কা কার্ত্তিকী।
কিং কিন্তুঘ্নকরণং।
কুঃ কুবর্গঃ।
কুসু রা। কুসুমাঞ্জলী
রামভদ্রী
কূ কূর্ম্মপুরাণং।
কৃ কৃত্তিকানক্ষত্রং।
কে কেতুগ্রহঃ।
কৌ কৌলবকরণং।
ক্তিঃ বিভক্তিঃ।
ক্লী ক্লীবলিঙ্গং।
ক্বং একবচনং।
গ গরকরণং। গণ্ড
যোগঃ। দ্বিগুসমাসঃ
। গরুড়পুরাণং।

গা	গান্ধারস্বরঃ।	ট॰	কর্ম্মকারক॰।❈
গিঃ	উপসর্গঃ।	ণুঃ	গুণঃ।
ঘ॰	কর্ত্তৃ কারক॰।❈	তঃ	তদ্ধিতঃ।
ঘঃ	দীর্ঘঃ।	তুঃ	তবর্গঃ।
ঘুঃ	লঘুঃ।	তৈ	তৈতিলকরণং।
চ	চতুর্থং।চতুষ্পদকরণং।চন্দ্রঃ।দ্বন্দ্বসমাসঃ।❈	ত্যঃ	প্রত্যয়ঃ।
চা॰	চান্দ্রমাসঃ।	ত্রি	ত্রিলিঙ্গং।
চি	চিত্রানক্ষত্রং।	ত্রী	তৃতীয়াবিভক্তিঃ।
চী	চতুর্থী বিভক্তিঃ।	দ	দশমরাশিঃ।পদং।
চুঃ	চবর্গঃ।	দ॰	দণ্ডঃ ৮
চৈ	চৈত্রী।	দী	নদীসংজ্ঞা।
ঙ॰	অপাদানকারক॰।❈	দ্ব॰	দ্বিবচনং।
জা।টী	জাগদীশী টীকা।	দ্বিঃ	দ্বিরুক্তঃ।
জ্যে	জ্যেষ্ঠানক্ষত্রং।	দ্বী	দ্বিতীয়াবিভক্তিঃ।
জ্যৈ	জ্যৈষ্ঠী।	ধ	ধনিষ্ঠানক্ষত্রং। করণ কারক॰।❈
টী	টীকা।	ধুঃ	ধাতুঃ।
টুঃ	টবর্গঃ।	ধৃ	ধৃতিযোগঃ।
ড॰	অধিকরণকারক॰।❈	ধ্রু	ধ্রুবযোগঃ।

ধৈ	ধৈবতস্বরঃ।	প্তী	সপ্তমীবিভক্তিঃ।
না	নাগকরণং।	প্র	প্রবৃত্তিঃ।
	নারদীয়পুরাণং।	প্রী	প্রথমা বিভক্তিঃ।
নি	নিপাতনসংজ্ঞা		প্রীতিযোগঃ।
	নিষাদস্বরঃ।	প্লুঃ	প্লুতস্বরঃ।
ধী	উপধ্মানীয়বর্ণঃ।	ফা	ফাল্গুনী।
নুঃ	অনুস্বারঃ।	ব	বজ্রযোগঃ।বরীয়ান্
প	পরস্মৈপদং। পদ্ম		যোগঃ। ববকরণং।
	পুরাণং। পরিঘ		বণিজ করণং।
	যোগঃ। পঞ্চমস্বরঃ		অব্যযীভাবসমাসঃ
পং	পলং।		। বরাহ পুরাণং।
পী	পঞ্চমীবিভক্তিঃ।		বামন পুরাণং। বিষ্ণু
পু	পুনর্ব্বসুনক্ষত্রং।		পুরাণং। বায়ুপুরাণং
	পুষ্যা। পবর্গঃ।	বা	বাহনং। বালব
পুং	পুংলিঙ্গঃ।		করণং।
পূ	পূর্ব্বাষাঢা। পূর্ব্ব-	বি	বিশাখানক্ষত্রং।
	ফল্গুণী।পূর্ব্বভাদ্রপদ		বিষ্টিভদ্রা। বিষ্কুম্ভ
	নক্ষত্রং।		যোগঃ। বিসর্গঃ।
পৌ	পৌষী।	বু	বুধগ্রহঃ।

বৃ বৃহস্পতিঃ।
বৈ বৈশাখী।
বৈধৃতি যোগঃ।
ব্ব° বহু বচনং।
ব্য ব্যতীপাত যোগঃ।
অব্যয় শব্দঃ।
ব্যা ব্যাঘাত যোগঃ।
ব্র ব্রহ্মবৈবর্ত্তপুরাণং।
ব্রহ্মাণ্ডপুরাণং।
ব্রাহ্ম্যপুরাণং।
ব্রহ্ম যোগঃ।
বৃিঃ বৃদ্ধিঃ।
ভ ভরণী নক্ষত্রং।
ভদ্রা। ভাগবতং।
ভবিষ্য পুরাণং।
সম্প্রদানকারকং।
ভ টী ভট্টাচার্য্যটীকা।
ভা ভাদ্রী।
ভীমঃ ভীমসেনঃ।
ম আত্মনেপদং।
মঙ্গলগ্রহঃ। মঘা
নক্ষত্রং। মধ্যমস্বরঃ।
মা মাঘী। মৎস্য
পুরাণং। মার্কণ্ডেয়
পুরাণং।
মা টী মাথুরী টীকা।
মু মুহূর্ত্তঃ।
মূ মূলং। মূল নক্ষত্রং।
জিহ্বামূলীয়বর্ণঃ।
মৃ মৃগশিরোনক্ষত্রং।
য কর্ম্মধারয়সমাসঃ।
যা যাবৎ।
র রবিঃ।
রা রাহুগ্রহঃ।
রুঃ গুরুঃ।
রে রেবতীনক্ষত্রং।
রো রোহিণীনক্ষত্রং।
র্ণ সবর্ণঃ।

ল	লগ্নঃ। লঘুঃ।
লি	লিঙ্গং।লিঙ্গ পুরাণং
শ	শতভিষানক্ষত্রং।
	শনিঃ।শকুনিকরণং
শি	শিব যোগঃ।
শি টী	শিরোমণি টীকা।
শু	শুক্রগ্রহঃ।
	শুক্র যোগঃ।
শূ	শূল যোগঃ।
শো	শোভন যোগঃ।
শ্র	শ্রবণানক্ষত্রং।
শ্রা	শ্রাবণী।
শ্লে	অশ্লেষানক্ষত্রং।
ষঃ	তৎপুরুষসমাসঃ।
	ষড্জস্বরঃ।
ষী	ষষ্ঠীবিভক্তিঃ।
স	সমাসঃ। সপ্তমঃ।
সং	সংক্রান্তিঃ।
সা	সাধ্যযোগঃ।
সি	সিধ্য যোগঃ।
সি টী	সিদ্ধান্ত লক্ষণ টীকা।
সু	সুকর্ম্মযোগঃ।
সৌ	সৌভাগ্য যোগঃ।
স্ক	স্কন্দপুরাণং।
স্ত্রী	স্ত্রীলিঙ্গং।
স্যঃ	সংযোগঃ।
স্রিঃ	সর্ব্বনাম সংজ্ঞা।
স্বঃ	হ্রস্বঃ।
স্বা	স্বাতীনক্ষত্রং।
হ	বহুব্রীহিসমাসঃ।
	হস্তানক্ষত্রং।
	হর্ষণযোগঃ।

❁ যে২ অর্থের নিকটে ফুল দেয়াগিয়াছে সেই ২ অর্থে শব্দের একদেশ গ্রহণ নহে কিন্তু ৶ বোপদেবের একাক্ষর সঙ্কেত প্রযুক্ত লেখাগিয়াছে ॥

READING LESSON.

পড়িবার পাঠ

Duties of Children.—বালক কর্ত্তব্য কর্ম্ম ।

তোমরা পিতামাতার প্রতি সর্ব্বদা ভক্তি শ্রদ্ধা করিবা তাঁহারা মহাগুরু যাহা আজ্ঞা করেণ তাহা প্রতিপালন করিবা তাঁহারা যদ্যপি তোমারদিগেরকে তাড়না করেণ তথাপি তাঁহার দিগের প্রতি দুর্ব্বাক্য কহিবা না এবং ক্রোধ করিবা না তাঁহারা তোমারদিগের জন্মাবধি নানা ক্লেশেতে লালন পালন করিয়াছেন এবং যে কালে তোমরা অবুঝবান ছিলা তখন তোমাদিগের মনস্থ অনুমান করিয়া আহারাদি প্রদান দ্বারা পরিতোষ করিয়াছেন এবং তোমার দিগেরকে তাবৎ বিষয় ক্রমেক্রমে শিক্ষা করাইয়াছেন আর তোমারদিগের আরোগ্য ও ঐশ্বর্য্য ঈশ্বরের নিকটে সর্ব্বদা প্রার্থনা করেণ এবং

তোমারদিগের দুঃখে দুঃখী ও সুখে সুখী হন অতএব এমত পিতা মাতার সেবা শুশ্রূষাতে তোমরা কায় মনো বাক্যে উদ্যুক্ত থাকিবা তাহাতে তোমার দিগের ঐহিক ও পারত্রিকের মঙ্গল হইবেক ॥

তোমরা ভ্রাতা ও ভগিনীকে স্নেহ করিবা তাঁহার দিগের প্রতি কদুক্তি ও তাড়না করিবানা এবং কোন বিষয়ে কলহ করিবা না যদ্যপি তোমার দিগের বাঞ্ছিত দ্রব্য তাঁহারা গ্রহণ করেণ তথাপি তাঁহার দিগের প্রতি কোপ করিবা না এবং তাহা লওনের চেষ্টা পাইবা না বরং তাঁহার দিগের ঈপ্সিতবস্তু তোমরা পাইলে তাঁহার দিগের সহিত বিভাগ করিয়া লইয়া পিত্রাদি বন্ধুবর্গের আনন্দ বৃদ্ধি করত পরম সুখে বাস করিবা। গুরুলোকের এবং বয়োবৃদ্ধের নামোচ্চারণ করিবা না তাঁহার দিগের দেখিয়া সমাদর করিবা এবং প্রতিবাসী ও আত্মীয় ও জ্ঞাতি ও

সুহৃদ্বর্গের সহিত বিবাদ করিবা না সকলের সহিত প্রীতি রাখিবা ইহাতে সর্ব্ব জন প্রিয় হইবা॥

তোমার দিগের যে বিষয়ে কোন সম্বন্ধ না থাকে তাহার মধ্যবর্ত্তী হইবা না এবং অনধিকার চর্চ্চা করিবা না আর পর ধনে লোভ কদাচিৎ রাখিবা না অনুমতি ব্যতিরেকে অন্যের কোন সামগ্রী স্পর্শ করিবা না আপন ইচ্ছাতে পরের একটা ক্ষুদ্র দ্রব্যও লইবা না যদি তোমরা এক দিন অন্যের কোন অল্প বস্তু তাহার অগোচরে গ্রহণ কর তবে অন্য দিন বৃহদ্দ্রব্য হরণের বাঞ্ছা হইবেক এই প্রকারে তোমার দিগের চৌর্য্য বৃত্তি শিক্ষা হইবেক অতএব চোর হইলে রাজা দণ্ড করিবেন এবং লোকে অপমান ও অবিশ্বাস করিবেক যদ্যপি দস্যু ব্যাপার মনুষ্যে দেখিতে না পায় তথাপি পরমেশ্বর সর্ব্বদর্শী তিনি পাপ কর্ম্মের উচিত দণ্ড অবশ্য করেন্॥

তোমরা কখন মিথ্যা কহিবা না কারণ অনৃত কথনে ইহলোকে অপমান পরলোকে নরকে পতন হয় অতএব সর্ব্বদা সত্য কহিবা যখন কোন বিষয় প্রস্তাব করিবা তখন যাহা দেখিয়াছ কিম্বা শুনিয়াছ তাহা যথার্থ রূপে বলিবা যদি সকল স্মরণ নাথাকে তবে বিস্মৃত হইয়াছি কহিবা তথাপি আরোপিত বলিবা না সত্যবাদী লোক পরীহাসেতেও মিথ্যা কহেন না। তোমরা কোন বিষয় স্বীকৃত হওনের পূর্ব্বে সুন্দর রূপে বিবেচনা করিবা যাহা নির্ব্বাহ করিতে পার তাহাই প্রতিশ্রুত হইবা যে হেতুক স্বীকার করিয়া তাহা প্রতিপালন করিতে না পারিলে মিথ্যাবাদী হইবা তখন তোমারদিগের বাক্যে কেহ বিশ্বাস করিবে না যদি তোমরা কোন গর্হিত কর্ম্মকর তথাপি তাহা জিজ্ঞাসা করিলে অপমানাদির ভয়ে অনঙ্গীকার করিবা না কারণ সত্যবাদীকে কেহ অপমান ও অশ্রদ্ধা করেনা এবং শাস্ত্রে কহিয়াছেন মিথ্যার পর অধর্ম্ম নাই সত্যেপর ধর্ম্ম নাই ॥

তোমরা কোন ব্যক্তিকে কঠোর বাক্য বলিবা না ঈশ্বর কোমলকথা কহিবার নিমিত্তে জিহ্বা নিরক্ষিত করিয়াছেন এবং কাহারো সহিত কলহ করিবা না যে লোক কটুভাষী ও বিবাদী হয় তাহার প্রতি কেহ প্রীতি করে না এবং তাহার উপকার ও সঙ্গ কেহ করে না তোমরা সর্ব্বদা শিষ্ট ও সুশীল হইবা শীল দ্বারা সকলকে বশ করিতে পারিবা দুঃশীল যে ব্যক্তি সে কখন সুখী ও লোকের প্রিয় হয় না। যদি তোমরা কোন বাঞ্ছিত দ্রব্য না পাও তন্নিমিত্তে কাহাকেও বিরক্ত করিবা না বিমর্ষ হইবা না ক্রোধ ও ক্রন্দন করিবা না সদা প্রসন্ন থাকিবা কারণ লোকে যেযে বাঞ্ছা করে তাহা সকল সম্পূর্ণ হয়না । তোমরা সর্ব্বদা উদ্যোগী হইবা তবে তোমার দিগের ঐশ্বর্য্য হইবেক এবং লোকে পুরুষসিংহ বলিবেক যত্ন করিলে কোন বিষয় যদি সিদ্ধ নাহয় তাহাতে দোষ নাই॥

তোমরা বৃদ্ধ ও কদাকার ও বিকলাঙ্গ ও অন্ধ ও খঞ্জ ও ব্যাধিগ্রস্তকে দেখিয়া উপহাস করিবা না কালেতে তোমার দিগেরো তদ্রূপ হইতে পারে তখন তাহারা তোমার দিগেরকে দেখিয়া উপ-হাস করিবেক। তোমরা কোন ব্যক্তিকে দুঃখ দিয়া আহ্লাদিত হইবা না সকল ভূতে দয়া রাখিবা এবং নিরর্থক জীব হিংসা করিবা না আপনার শরীরের তুল্য পরের শরীর দেখিবা নিষ্ঠুর বালকের ন্যায় খেলার নিমিত্তে কোন পশু পক্ষি কীট পতঙ্গাদি হত্যা করিবা না এবং তাহার দিগেরকে কোনমতে যাতনা দিবা না ॥

তোমরা কোন সামগ্রী নষ্ট করিবা না যদি প্রয়োজনের অধিক খাদ্য দ্রব্য ও বস্ত্রাদি পাও তাহা ফেলিয়া দিবা না তোমার দিগের পিতা মাতার অনুমতি লইয়া অন্ন বস্ত্র হীন দীন বালককে দিবা। যখন তোমার দিগের বাটীতে কেহ পীড়িত হইবে তখন তোমরা শান্ত হইবা

তাহাকে বিরক্ত করিবা না এবং তোমরা যদি পীড়িত হও তাহাতে অত্যন্ত ব্যাকুল হইবা না ধৈর্য্যাবলম্বন করিবা তোমার দিগের রোগ শান্তির নিমিত্তে বৈদ্য কিম্বা পিতা মাতা যে ঔষধ দিবেন তাহা সেবন করিবা তাহাতে বক্রদৃষ্টি ও কদুক্তি করিবা না যে হেতুক ঔষধ সুখসেব্য নহে কিন্তু আরোগ্য দায়ক ॥

তোমরা সর্ব্বদা সর্ব্বাবস্থাতে পবিত্র থাকিবা এবং আপাদ মস্তক পর্য্যন্ত সকল অঙ্গ প্রতিদিন নির্ম্মল করিবা আর তোমার দিগের বস্ত্র ও দ্রব্য ও গৃহাদি সতত পরিষ্কার রাখিবা ইহা করিলে তোমার দিগের শ্রী ও কান্তি ও পুষ্টি হইবেক এবং লোকে দেখিয়া শ্রদ্ধা করিবেক ॥

তোমার দিগের কেহ উপকার করিলে তাহার প্রত্যুপকার চেষ্টা করিবা এবং ব্যবহারোপযুক্ত খাদ্যদ্রব্য ও বস্ত্রাদি দিলে তাহার দোষানুসন্ধান করিবা না যদ্যপি তাহা তোমার দিগের বাঞ্ছিত

দ্রব্যের ন্যায় উত্তম নাহয় তথাপি উপকার স্বীকার করিবা। তোমরা অপরিমিত্ত আহার করিবা না উদরের দুই ভাগ অন্নাদিতে পরিপূর্ণ করিবা তৃতীয় ভাগ জলেতে পূরণ করিবা চতুর্থ ভাগ বায়ুর সঞ্চারের নিমিত্তে শূন্য রাখিবা ইহা করিলে কোন পীড়া হইবেনা অতিশয় ভক্ষণ করিলে লোকে অদম্র অর্থাৎ পেটুক বলে এবং শরীরে নানা রোগ ও আলস্য ও জড়তা হয় অতএব হিত মিত মেধ্যাশী হইবা। তোমরা আপনার দিগের তাবদ্দ্রব্য যত্ন করিয়া এক স্থানে রাখিবা তবে কোন দ্রব্য হারাইবেনা এবং যখন যে বস্তুর প্রয়োজন হইবে অনায়াসে পাইরা তাহার অন্বেষণে বৃথা কাল ক্ষেপণ হইবে না॥

তোমার দিগের পিতৃ পিতামহ যে পথে চলিয়াছেন তাহা যদি সন্মার্গ হয় তবে সেই পথ গামী হইবা এবং যে সমস্ত দুষ্ট লোক মিথ্যা কহে ও চুরি করে ও দুর্ব্বাক্য বলে ও কলহ ও

কুকর্ম্ম করে তাহার দিগের সহিত বাস ও আলাপ করিবা না যদি তাহার দিগের সঙ্গ কর তবে তোমার দিগের সেই রীতি শিক্ষা হইবেক এবং তোমরা ভাল হইলেও লোকে তোমার দিগের মন্দ বলিবেক অতএব সর্ব্বদা সৎসঙ্গ করিবা দোষ গুণ সকল সংসর্গেতে জন্মে॥

যদি কেহ কোন বিষয় তোমার দিগেরকে গোপন করে তাহা জ্ঞাত হইবার নিমিত্তে ব্যগ্র হইবা না এবং অন্যের পত্রাদি অনুমতি ব্যতিরেকে দেখিবা না আর কাহারো পরামর্শ স্থলে যাইবা না এবং কোন স্থানে লুক্কায়িত হইয়া তাহা শ্রবণ করিবা না। তোমরা প্রত্যূষে গাত্রোত্থান করিবা দিবাতে নিদ্রা যাইবা না এক ক্ষণ কাল নিরবলম্বে থাকিবা না এবং পর নিন্দা ও আত্ম শ্লাঘা করিবা না॥

তোমরা গুরুর প্রতি ভক্তি রাখিবা তিনি যাহা আজ্ঞা করেণ তাহা করিবা এবং সর্ব্বদা

বিদ্যোপার্জনের নিমিত্তে শ্রম করিবা কোন ছলে পাঠ বাধ করিবা না প্রত্যহ নিয়মিত্ত কালে পাঠশালায় যাইবা সেস্থানে বালকের দিগের সহিত গল্প ও খেলা ও কলহ করিবা না মনোযোগ পূর্ব্বক লেখা পড়া ও পাঠ অভ্যাস করিবা কোন স্থলে সন্দেহ হইলে গুরুকে জিজ্ঞাসা করিবা তাহাতে শঙ্কা ও লজ্জা করিবা না কিন্তু অব্যবস্থিতের ন্যায় কথার মধ্যে কথা কহিবা না এবং প্রশ্ন না করিলে কোন কথার উত্তর দিবা না আর সভা ক্ষুব্ধ হইবা না। তোমার দিগের পিত্রাদি যাহা উপদেশ করেন্ তাহা উত্তম জ্ঞান করিয়া গ্রহণ করিবা কিন্তু এমত বোধ করিবা না যে তাঁহার দিগের অপেক্ষা তোমরা ভাল জানহ কারণ তোমরা নব্য তাঁহারা প্রাচীন তোমার দিগের হইতে তাঁহারা অধিক পড়িয়াছেন দেখিয়াছেন এবং শুনিয়াছেন। তোমরা গুরু লোকের দোষ গ্রহণ করিবা না এবং তাঁহারদিগের নিকট চাপল্য করিবা না

সর্ব্বদা বিনীত থাকিবা এবং তাঁহারা যে ২ গ্রন্থ অধ্যয়ন করিতে আদেশ করেন্ তাহাই অভ্যাস করিবা তদ্ভিন্ন ধর্ম্মাচার বিরুদ্ধ যে সকল পুস্তক আছে তাহা কদাচিৎ অধ্যয়ন করিবা না।।

তোমরা ঈশ্বরকে মানিবা নাস্তিক হইবা না তিনি সর্ব্ব শ্রেষ্ঠ অদ্বিতীয় এবং নিত্য জ্ঞানানন্দ স্বরূপ তিনি পৃথিবী জল তেজঃ বায়ু আকাশ গ্রহ নক্ষত্র মনুষ্য পশু পক্ষী কীট পতঙ্গ মৎস্য সর্প তৃণ বৃক্ষ গুল্ম লতা নদ নদী পর্ব্বতাদি সকল সৃষ্টি করিয়াছেন এবং আমার দিগের তাবৎ প্রাপ্য বস্তু তিনিই দিয়াছেন এবং পশ্বাদি হইতে আমার দিগের শ্রেষ্ঠ করিয়াছেন যেহেতুক আমরা তাঁহার আরাধনা করিতে পারি এবং নানা বিষয় শিক্ষা করিতে পারি। তিনি সকলের নিয়ন্তা এবং স্বেচ্ছাক্রমে সৃষ্টি স্থিতি প্রলয় কর্ত্তা তিনি আমার দিগের এ দেহ নশ্বর করিয়াছেন কিন্তু আমার দিগের আত্মা নিত্য তাঁহার নাশ

নাই। আমরা দিবা রাত্রি যখন যাহা করি কহি এবং মানসকরি সকল তিনি জানেন ত্রিভুবনে তাঁহার অবিদিত কিছুই নাই কারণ তিনি সর্ব্বজ্ঞ সর্ব্বসমর্থ সর্ব্বদর্শী সর্ব্বব্যাপী এবং অন্তর্যামী ॥

সাধুলোক সর্ব্বদা ঈশ্বরের ভজনা করেন্ অহর্নিশি তাঁহাকে স্মরণ না করিয়া ভোজন শয়ন উত্থান করেন্ না এবং বিষয় সুখকে তুচ্ছ জ্ঞান করিয়া অনবরত ভগবদ্গুণ কীর্ত্তন পঠন শ্রবণ মনন করত প্রেমানন্দে মগ্ন থাকেন আমরাও তাঁহার আরাধনা করিব এবং তাঁহার প্রতি সর্ব্বতোভাবে ভক্তি শ্রদ্ধা রাখিব তিনি যাহা আজ্ঞা করিয়াছেন তাহাই করিব যাহা নিষেধ করিয়াছেন তাহা কখন করিব না নিষিদ্ধ কর্ম্ম করিলে তিনি আমার দিগের প্রতি রুষ্ট হইবেন এবং পরলোকে নরকে নিক্ষেপ করিয়া নানা ক্লেশ দিবেন বিহিত কর্ম্ম করিলে তিনি আমার দিগের প্রতি তুষ্ট হইবেন এবং স্বর্গে লইয়া বিবিধ সুখ ভোগ করাইবেন॥

হে বালকেরা তোমরা আবিষ্ট হইয়া শীঘ্র লেখা পড়া শিখহ এবং নীতিশাস্ত্রানুশীলন ও কর্ত্তব্যকর্ম্মাচরণ করহ তবে তোমার দিগের পরমার্থ শাস্ত্রাধ্যয়নের অধিকার হইবেক এবং তাহাতে পরম প্রীতি জন্মিবেক। তাহাতে যে সকল তত্ত্ব কথা আছে তাহা এইক্ষণে তোমার দিগের তাদৃক্ বোধগম্য হইবেক না যখন তোমরা প্রাচীন ও প্রবীণ হইবা তখন তাহা সুন্দর রূপে বুঝিতে পারিবা এবং শুভাদৃষ্ট ক্রমে তাহাতে উত্তরোত্তর প্রেমামোদ হইলে কৃতার্থ হইবা॥

Words exactly the same in sound, but different in spelling and signification.

তুল্যোচ্চারণ ভিন্ন রূপার্থ শব্দাঃ

অংশ	ভাগ	কুশ	তৃণভেদ
অংস	স্কন্ধ	কুষ	নিষ্কর্ষ
অণু	অতিক্ষুদ্র	কোশ	দিব্যবিশেষ
অনু	উপসর্গবিশেষ	কোষ	ভাণ্ডাগার
অশিত	ভুক্ত	গবাক্ষ	বাতায়ন
অসিত	কৃষ্ণবর্ণ	গবাখ্য	গোনামক
অশ্রু	নেত্রজল	জাতি	ব্রাহ্মণাদিবর্ণ
অস্রু	রক্ত	যাতি	গমন
অশ্ব	ঘোটক	জাত	জন্মবিশিষ্ট
অস্ব	নির্ধন	যাত	গত
আশ্য	অশনীয়	জাতু	কদাচিৎ
আস্য	মুখ	যাতু	গচ্ছন্ত। গন্তৃ
কাশ	দীপ্তি। তৃণভেদ	জবন	বেগ
কাস	রোগভেদ	যবন	ম্লেচ্ছজাতি

প্রাজ্ঞ	পণ্ডিত
প্রাগজ্ঞ	পূর্ব্বজ্ঞ
পরশ্বঃ	আগামি তৃতীয়দিন
পরস্ব	পরধন
প্রাণ	মুখ্যবায়ু
প্রানঃ	প্রকৃষ্টশকট
প্রাশ	প্রকৃষ্টভোজন
প্রাস	অস্ত্রভেদ
প্রাশন	ভোজন
প্রাসন	ক্ষেপণ
প্রেশিত	প্রকৃষ্টৈশ্বর্য্যবান্
প্রেষিত	প্রেরিত
ভাষণ	কথন
ভাসন	দীপ্তি

ভাষ্য	কথ্য। গ্রন্থভেদ
ভাস্য	প্রকাশ্য
ভূমিজ	মঙ্গল। পৃথ্বীভব
ভূমিয়	পৃথিবীগন্তা।
মাষ	কলায়ভেদ
মাস	বৈশাখাদি
যবাশ	যবভক্ষক
যবাস	দুরালভা
বিদ্বিষ্ট	শত্রু
বিদ্দ্বিষ্ট	পণ্ডিতদ্বিষ্ট। বুধদ্বিষ্ট
বিনাশ	ধ্বংশ
বিনাস	বিগতনাসিক
বিশদ	নির্ম্মল
বিষদ	বিষদাতা

বিষ	গরল
বিস	মৃণাল
ব্যশন	বিশিষ্টান্ন। বিকৃতান্ন। বিগতাশন
ব্যসন	দুঃখ
ব্যাশ	বিকৃতাশন। বিগতাশ
ব্যাস	বেদব্যাস
শং	কল্যাণ
সং	উপসর্গবিশেষ
শকৃৎ	বিষ্ঠা
সকৃৎ	একবার
শক্ত	শক্তিবিশিষ্ট
সক্ত	আসক্ত
শঙ্কর	শিব
সঙ্কর	বর্ণসঙ্করজাতি

শপ্ত	শাপগ্রস্ত
সপ্ত	সংখ্যাভেদ
শম	শান্তি
সম	সমান
শমতা	শান্ততা
সমতা	সমানতা
শর	বাণ
সর	গমন
শমন	যম
সমনঃ	মনঃসহিত
শরণ	রক্ষিতা
সরণ	গমন
শর্ব্ব	শিব
সর্ব্ব	সকল
শব	মৃতদেহ
সব	যজ্ঞ

শাক	পত্রবিশেষ	শ্রবণ	কর্ণ
সাক	সহিত	স্রবণ	ক্ষরণ
শাসন	আজ্ঞা। দণ্ড	শ্রাবণ	মাসবিশেষ
সাসন	আসনযুক্ত	স্রাবণ	ক্ষারণ
শিব	ঈশ। মঙ্গল	শ্বভ্র	ছিদ্র
সিব	তন্তুবিস্তার। তন্ত্রবায়। সূচি	স্বভ্র	সুন্দরমেঘ
শৃত	পক্ব	শ্বশুর	পতিপিতা। পত্নীতাত
সৃত	গলিত	স্বসুর	সুন্দরাসুর
শেষ	অনন্ত। সমাপ্তি		
সেশ	সনাথ। ঈশসহিত		

Words nearly the same in sound, but different in spelling and meaning.

ঈষদ্ভেদোচ্চারণ বিভিন্ন রূপার্থ শব্দাঃ

অশীলতা	শীলতাভাব	ইতি	সমাপ্তি। হেতু। প্রকরণ। প্রকাশ। আদি
অসিলতা	খড়্গ		
অশ্মন্ত	চুল্লী	ঈতি	উৎপাতবিশেষ
অস্বন্ত	অমঙ্গল		

ঋত সত্য
রীত ব্যবহার

কণ সূক্ষ্ম
কৃণ শব্দ

কিল নিশ্চিত
কীল শঙ্কু

কুজ মঙ্গলবার
কূজ শব্দ

কুল বংশ
কূল নদীতীর

খুর শফ
ক্ষুর নাপিতাস্ত্রভেদ

গুহ রব্যাদি
গৃহ নিকেতন

জরী জীর্ণ। বৃদ্ধ
জ্বরী জ্বররোগযুক্ত

জাতি ব্রাহ্মণাদি
জাতী পুষ্পবিশেষ

জামি ভগিনী।কুলবধূ
যামী গামী

দার ভার্য্যা
দ্বার প্রতীহার

দারা পত্নী
দ্বারা করণক

দিন দিবস
দীন দরিদ্র

দেশ রাষ্ট্র
দ্বেষ বৈর

দেশ্য দেশীয়
দ্বেষ্য শত্রু

নিধি রত্ন
নিধী নিশ্চিতবুদ্ধি

মহিষ	পশুভেদ
মহীশ	ভূপতি
শঙ্ক	সঙ্খ্যাভেদ
লক্ষ্য	শরব্য
বালধি	পুচ্ছ
বালধী	বালকবুদ্ধি
বিখ্যাত	অতিপ্রসিদ্ধ
বিক্ষত	বিশেষক্ষত
বিধি	ব্রহ্মা
বিধী	বিশিষ্টবুদ্ধি
বিনা	ব্যতিরেক
বীণা	বাদ্যযন্ত্রবিশেষ
বিল	গর্ত্ত
বীল	বিগতপৃথ্বীক
শান্ত	শান্তিযুক্ত
স্বান্ত	মনঃ
শীত	হিম
সিত	শুক্ল
শ্মশ্রু	মুখলোম
শ্বশ্রূ	পতিপত্নীমাতা
সজন	জনসহিত
স্বজন	আত্মীয়
সত্ত্ব	বিদ্যমানত্ব। তেজঃ। প্রাণী।
স্বত্ব	আত্মীয়ত্ব। যথেষ্ট বিনিয়োগার্হত্ব
ক্ষত	ব্রণ
খ্যাত	প্রসিদ্ধ
ক্ষান্ত	ক্ষমাযুক্ত
খান্ত	আকাশান্ত খকারান্তশব্দ

Words pronounced alike in Sanscrit and Bengalee, but which differ in spelling and meaning.

ভাষা সংস্কৃত সমোচ্চার বিষম রূপার্থ শব্দাঃ

আপণ	বিক্রয়স্থান
আপন	আত্মীয়
আশা	দিক্
আসা	আগমন
আশীঃ	আশীর্ব্বাদ
আসি	গমনকরি
ঈশ	মহাদেব
ইস	ভয়াদিজন্যশব্দ
করী	হস্তী
করি	কৃত্যাশ্রয়হই (কর্ম্মকরি)
কশা	পশুতাড়নী (কোড়া)
কষা	কষায়রস

কান	একচক্ষুহীন
কাণ	কর্ণ
কাশী	বারাণসী
কাসি	কাসরোগ
জার	উপপতি
যার	যাহার
জেমন	ভোজন
যেমন	যেপ্রকার
তুলা	পরিমাণদণ্ড
তূলা	কার্পাস
নাশ	ধ্বংস
নাস	নস্য
পান	দ্রবদ্রব্যগলাধঃকরণ
পাণ	পর্ণ (তাম্বূল)

পূয়ী	পূয়যুক্ত	ব্যসন	দুঃখ
পূই	শাকভেদ	বেসন	দালিচূর্ণ
ভাষা	কথা	সরা	ভেদনী
ভাসা	সন্তরণ	শরা	শরাব (মৃত্পাত্রবিশেষ)
মারী	মরক	শোণা	শোণবর্ণা
মারি	আঘাতকরি	সোণা	স্বর্ণ
মাষ	মাষকলায়	সুতা	কন্যা
মাস	মাংস	সূতা	সূত্র
মাসাঃ	বহুমাস	স্বসা	ভগিনী
মাষা	মাষকপরিমাণ	শষা	ফলবিশেষ
যাম	প্রহর	হারী	হারযুক্ত
জাম	জম্বূফল	হারি	পরাজিতহই
বামন	খর্ব্ব		
বামণ	ব্রাহ্মণ		

Bengalee words spelt and pronounced alike, but different in meaning.

তুল্য রূপোচ্চারণ ভিন্নার্থ ভাষা শব্দাঃ

আঁটি তৃণাদিরগুচ্ছ। ফলাস্থি

আঁটি দমনকরি বন্ধকরি

আলি ক্ষেতেরআটন

আলি আগমনকরিলি

কাটি (কাঠী) সূক্ষ্মকাষ্ঠ

কাটি ছেদনকরি

খাই গর্ত্ত

খাই ভোজনকরি

খোল শূন্যভাগ। মৃদঙ্গ

খোল মোচনকর

খোলা খাপরা

খোলা অবদ্ধ

গলা কণ্ঠ

গলা দ্রব

গলি ছোটরাস্তা

গলি গলিয়াযাই

গাড়ি শকট

গাড়ি পুতিয়ারাখি

গোঁজ শঙ্কু

গোঁজ গুঁজিয়ারাখি

ঘষি ঘুঁটে

ঘষি ঘর্ষণকরি

চাক কুলালচক্র। — বোলতাদিরবাসা।

চাক (চাখ) স্বাদ গ্রহণ কর

চাল গৃহাচ্ছাদন

চাল চালনকর

চালি (চালী) ছোটচাল

চালি চালনাকরি

চিনি শর্করা

চিনি জানি

ছড়ি (ছড়ী) যষ্টী

ছড়ি ত্বক্‌ছাড়াই

ছুলি রোগবিশেষ

ছুলি চাঁচি। খোসাছাড়াই

ঝাড় বহুপুষ্পপল্লবযুক্ত কৃত্রিমাকৃত্রিমক্ষুদ্র বৃক্ষ। দীপাধার বিশেষ।

ঝাড় ধূল্যাদিঝাড়িয়া ফেল।

ঝাঁপি (ঝাপী) ফেমী

ঝাঁপি ঢাকাদিই

ঝুড়ি (ঝুড়ী) ঝোড়া (টুক্‌রি)

ঝুড়ি কাটিয়াফেলি

ঝুলি (ঝুলী) থলী

ঝুলি দুলি

ঢালি (ঢালী) চর্ম্মী

ঢালি দ্রবদ্রব্যাদি পাতনকরি

ঢুলি (ঢুলী) ঢোলবাদক

ঢুলি নিদ্রাবশেগাত্র চালনকরি

তুড়ি (তুড়ী) অঙ্গুলিধ্বনি

তুড়ি ভর্ত্সনকরি

তোলা তোলকপরিমাণ

তোলা উত্তোলনকরা

দোলা পেণ্ডুলা
দোলা দোলনক্রিয়া
ধারি (ধারী) দাওয়া (রওয়াক)
ধারি ঋণগ্রস্তআছি
নড়ি জাতিবিশেষ
নড়ি স্থানান্তরেযাই
পান (পাণ) তাম্বুল
পান পাইয়াথাকেন
পালি (পালী) বারী। পরিমাণবিশেষ
পালি প্রতিপালনকরি পাইয়াছিস্।
পোয়ান পয়ন (কুমারের মৃত্তিকা পাত্র পোড়াইবার স্থান)
পোয়ান প্রভাতহওন। ভোগওসেবাকরণ

বাঁট পশুরস্তন
বাঁট ভাগকর
বাটি (বাটী) কটোরা
বাটি পেষণকরি
বাড়ী বাসস্থান
বাড়ী যষ্ঠী
বারি (বারী) পালী
বারি নিবারণকরি
ভরি (ভরী) এক তোলা
ভরি পূরণকরি
ভোলা মৎস্যবিশেষ
ভোলা বিস্মৃতহওয়া
মুড়ি ভাজাচাল। মস্তক
মুড়ি মোড়ককরি। রক্রকরি

মুচি জাতিভেদ। সোনা গলাইবার পাত্র। ক্ষুদ্রনারিকেলাদি

মুচি মোচনকরি

মুদি (মোদী) দোকানী

মুদি মুদ্রিতকরি

যুডি (যুডী) যুগ্ম। এক যোড়া ঘোড়া

যুডি যোগকরি

রসি (রসী) দড়ী

রসি (রসী) রস

লুটি (লুটী) গোলা কৃতি সূত্রাদি

লুটি লুটকরি

শোনা শ্রবণকরা

শোনা শয়নকরনা

হালি পংক্তিবিশেষ

হালি কেন্নিপাত

Words spelled and pronounced alike, in Sanscrit and Bengalee, but which differ in signification.

সমরূপোচ্চরিত বিষমার্থ ভাষা সংস্কৃত শব্দাঃ

আম অপক্ক

আম আম্র

আলি (আলী) সখী

আলি ক্ষেতের আটন

কমলা লক্ষ্মী

কমলা লেবুবিশেষ

কর হস্ত

কর কর্ম্মকর

করুণা দয়া
করুণ লেবুবিশেষ
কলা চন্দ্রষোড়শভাগ
। সূক্ষ্মকাল। উপবিদ্যা
কলা কদলীফল।
বৃদ্ধাঙ্গুলি
কলি চতুর্থযুগ। কলহ
কলি কলিকা। চূর্ণ বিশেষ
কাচ কাঁচ
কাচ নটসজ্জা
কারা কারাগার
কারা কাহারা
কালী দেবতাবিশেষ
কালী মসী
কীল কীলক
কীল মুষ্টি

কুজ মঙ্গল
কুব্জ পৃষ্ঠবিকার
কুল বংশ
কুল বদরীফল
কেশী কেশবিশিষ্ট
কেশী বালামুমজ্জ
কোল শূকর
ক্রোল ক্রোড়
কোশ (কোষ) ভাণ্ডার
কোশ ক্রোশ
খিল হরিবংশ
খিল দ্বারাদি রোধক কাষ্ঠ
চাপ ধনুক
চাপ মৃৎখণ্ড। মর্দ্দনকর

জাল আনায়। সমূহ
জাল উজ্জ্বলকর
জেতা জয়কর্ত্তা
জেতা জেনা
তারা নক্ষত্র। দ্বিতীয় বিদ্যা।
তারা তাহারা
তীর নদীকূল
তীর (তির) বাণ ॐ
দরী কন্দর
দরী (দরি) নূতন
দল পত্র
দল পক্ষ
দহ দাহ। দগ্ধকর
দহ হ্রদ
দেহ শরীর
দেহ দেও
ধরা পৃথিবী
ধরা ধারণকরা
ধার ঋণ। অস্ত্রের তীক্ষ্ণভাগ
ধার প্রান্তভাগ
ধারা জলাদিপ্রপাত
ধারা রীতি। দাঁড়া
নল রাজবিশেষ। তৃণভেদ
নল হুঁকারনল
নাক স্বর্গ
নাক নাসিকা
পটু দক্ষ
পটু রোমজবস্ত্রভেদ
পাক অন্নাদিপচন
পাক সূত্রাদিরভ্রমি
পাটী পরিপাটী
পাটী শীতলপাটী

পাত পতন
পাত পত্র
পান পানীয়দ্রব্য
পান (পাণ) তাম্বূল
পারণ উপবাসানন্তর ভোজন
পারগ সমর্থহওন
বল সৈন্য। পরাক্রম
বল কহ
বলদ বলদাতা
বলদ ভারবাহকগরু
বলি পূজোপহার। কর
বলি কহি
বান শুকফল। জল সম্ভূতবাতোর্ম্মি
বান নৌকাদিবহন করেণ
বাণী সরস্বতী। কথা
বাণী স্বর্ণকারেরবেতন
বারি জল
বারি নিবারণকরি। দেবোদ্দেশে স্থাপিত ঘট
বাল কেশ। শিশু
বাল অন্তর্লোম
বালা স্ত্রী
বালা বলয়। বণিক দ্রব্যবিশেষ
বালী (বালি) বানর রাজ
বালী (বালি) বালুকা
বালিশ মূর্খ
বালিশ উপধান

বাসি অস্ত্রবিশেষ
বাসি (বাষি) পর্য্যুষিত
বিদল দালি। পত্ররহিত
বিদল বিপক্ষ
বেশ আকল্প
বেশ উত্তম
ভারী ভারবাহক
ভারী গুরু
ভাল কপাল
ভাল উত্তম
মনঃ চিত্ত
মন চল্লিশশের ❋
মন্বন্তর দিব্য ৭১যুগ
মন্বন্তর দুর্ভিক্ষ
মশক মশা
মশক কুপা ❋

মলী মলবিশিষ্ট
মলী (মলি) মর্দ্দনকরি
মান সম্মান। পরিমাণ
মান মানকচু
মানী মানবিশিষ্ট
মানী (মানি) স্বীকার করি। আদরকরি
মুনি ঋষি
মুনি আগুলিয়াথাকি
যান বাহন
যান গমনকরেণ
রবি সূর্য্য
রবি থাকিবি
রাশি মেষাদি। সমূহ
রাশি মন্দ

লব রামপুত্র। লেশ

লব লইব

লেপ লেপন। প্রলেপ

লেপ তোষক

শাণ অস্ত্রধারকরিবার যন্ত্র

শাণ শাড়ু

শাল বৃক্ষবিশেষ। মৎস্যবিশেষ

শাল রোমজবস্ত্রভেদ। শূল

শালা গৃহ

শালা পত্নীভ্রাতা

শালি ধান্যবিশেষ

শালি (শ্যালী) পত্নীরভগিনী

শোণা শোণবর্ণা

শোণা শ্রুবণকরা

সর দুগ্ধাদিরসারভগ। গমনকর

সর পাত্রাদি ব্যবহারকর

সারী পক্ষিবিশেষ

সারী (সারি) শ্রেণী। সমাপনকরি

হরি কৃষ্ণ। সিংহ। কপি

হরি হরণকরি

হেলা অবজ্ঞা। শৃঙ্গার ভাবজাক্রিয়া

হেলা কান্তি। সাঁপলা

হেলি সূর্য্য

হেলি হেলিয়াপড়ি

হোতা হোমকর্ত্তা

হোতা ওখানে

ক্ষপা রাত্রি

ক্ষপা পাগল

Puns, or words admitting of a double meaning.

শ্লিষ্ট শব্দাঃ

অচ্যুতলীলা	বিষ্ণুলীলা। অক্ষয় লীলা।
অতলং	পাতালভেদঃ। তলরহিতং।
অতিকায়ঃ	রাবণ পুত্রঃ। মহাকায়ঃ।
অধ্বরোদিতঃ	যজ্ঞে কথিতঃ। পথি রোদিতঃ।
অনন্তঃ	বিষ্ণুঃ। অন্ত রহিতঃ।
অনলঃ	অগ্নিঃ। নল ভিন্নঃ।
অনবলম্বঃ	আকাশঃ। নিরাশ্রয়ঃ।
অনিশামোদঃ	নিরন্তরামোদঃ। দিবসামোদঃ।
অপতিতা	পতি শূন্যতা। পতন রহিতা।
অপর্য্যপায়ঃ	বিনাশাভাববিশিষ্টঃ। বহ্বপায়াভাববিশিষ্টঃ।
অযুতারিঃ	অযুত সংখ্যকস্য শত্রুঃ। অযুক্ত শত্রুঃ।
অসদ্বৃত্তঃ	অসচ্চরিত্রঃ। কুশ্লোকঃ।
অসুরহিতং	প্রাণ শূন্যং। অসুরাণাং হিতং।
অসুব্যয়ঃ	প্রাণ বিনাশঃ। ন সুব্যয়ঃ।
অহীনঃ	বাসুকিঃ। ন হীনঃ।

আকল্পজীবী   কেশোপজীবী। কল্প পর্য্যন্ত জীবী।

কংসংহতবান্   কংসাসুরহন্তা। কংজনংসংহতবান্

কমলোদয়ঃ   পদ্মপ্রকাশঃ। জলবৃদ্ধিঃ।
কমলাবৃদ্ধিঃ।

কম্বলবন্তং   কম্বলবিশিষ্টং। বলবন্তংকং।

করগ্রহঃ   বিবাহঃ। হস্তগ্রহণং। ভাগধেয়গ্রহণং।

কাকালী   কাকশ্রেণী। কালী কা।

কান্তঃ   পতিঃ। কমনীয়ঃ।

কামধুরা   কামবহা। মধুরা কা।

কাশীতলবাসিনী   কাশীপুরনিবাসিনী।
শীতলবাসিনী কা।

কুশাসনং   কুশ নির্ম্মিতাসনং কুৎসিত শাসনং

কুসুমেষুরাগঃ   কন্দর্প রাগঃ। পুষ্পেষু রতিঃ।

কৃষ্ণা   দ্রৌপদী। কৃষ্ণবর্ণা।

কৌপীনং   ভিক্ষূণাংবস্ত্রখণ্ডং। পৃথিব্যাংপীনং

ঘনরসঃ   জলং। নিবিড় রসঃ।

চক্রভ্রমিঃ   চক্রস্য ভ্রমণং। চক্রবাক ভ্রান্তিঃ।

চরিতং   চরিত্রং। গতং।

চূর্ণীকৃতঃ গুণ্ডিকাকৃতঃ। চূর্ণাখ্যদ্রব্যবিশেষীকৃতঃ।

জীবিতেশঃ প্রিয়ঃ। যমঃ।

দানবারিবাসঃ কৃষ্ণ স্থিতিঃ। হস্তি মদ গন্ধঃ।

দুর্গালঙ্ঘিতঃ পার্ব্বতী লঙ্ঘিতঃ। দুর্গেণ অলঙ্ঘিতঃ।

দেবরাজোদৃষ্টঃ ইন্দ্রোদৃষ্টঃ। হেদেবর অজো দৃষ্টঃ।

দোষাকরঃ চন্দ্রঃ। দোষস্যাকরঃ।

দ্রুতং শীঘ্রং। গতং।

দ্বিজরাজঃ চন্দ্রঃ। দ্বিজশ্রেষ্ঠঃ।

নকুলঃ জন্তু বিশেষঃ। কুল রহিতঃ।

নগজঃ হস্তী। গজ ভিন্নঃ।

নদীনঃ সমুদ্রঃ। ন দরিদ্রঃ।

নবকঃ নবীনঃ। বক ভিন্নঃ।

নবসুধা নূতনামৃতং। বসুধা ভিন্না।

নব্যজনঃ নূতন জনঃ। ব্যজন শূন্যঃ।

নর্ম্মদা নদী বিশেষঃ। পরীহাস কর্ত্রী।

নাগঃ সর্পঃ। পর্ব্বত ভিন্নঃ।

নারিকেলবনং নারিকেলস্যকাননং। নৃ কর্ত্তৃক অরি মস্তক বিষয়ে ছেদনং।

নার্য্যভিমানঃ নার্য্যা অভিমানঃ। ন শত্রু মানঃ।

নালীকং তন্তুবায়স্য উপকরণবিশেষঃ(নাক)। ন অলীকং।

নিরস্তঃ অস্ত শূন্যঃ। পরাস্তঃ।

নীরদঃ মেঘঃ। দন্তশূন্যঃ।

নীরতরঙ্গঃ জল তরঙ্গঃ। রতি রাগ হীনঃ।

নীরেণুকা ধূলীরহিতা। পরশুরাম মাতৃশূন্যা।

পঙ্কজং পদ্মং। পঙ্কাজ্জাতং।

পতন্ পক্ষী। গচ্ছন্।

পয়োধরঃ মেঘঃ। স্তনঃ।

পক্ষপাতী পক্ষাবলম্বী। পক্ষ দ্বারা গন্তা।

পক্ষিণী পক্ষিস্ত্রী। আগামি বর্ত্তমান দিন যুক্তা রাত্রিঃ।

পুনর্ভবঃ নখঃ। পুনর্জন্ম।

পুনর্ভূঃ দ্বিরূঢ়া। পুনর্জন্মা।

পুরুষোত্তমঃ বিষ্ণুঃ। পুরুষেষূত্তমঃ।

পৃথুকার্ত্তস্বরপাত্রং বৃহৎস্বর্ণপাত্রং। বিপুলার্ত্ত স্বরপাত্রং।

প্রতিকূল॰ অহিতকারি। কূল॰ ২ প্রতি।

প্রমদা স্ত্রী। হর্ষযুক্তা।

বনহস্তিনী আরণ্যকরিণী। জলহস্তযুক্তানারী।

বরবর্ণিনী উত্তমাস্ত্রী। হরিদ্রা। পতি বর্ণন শীলা।

বহুমতঙ্গহন॰ বহু মাতঙ্গ ঘাতিন॰।

বহু সম্মত॰ কানন॰।

বাহুদা নদী বিশেষঃ। বাহুদাত্রী।

বিকলঃ বিহ্বলঃ। কলা রহিতঃ।

বিগতঃ বিশেষ গতঃ। পক্ষি গতঃ।

বিদল॰ দ্বিদল॰ (দালি)। দল রহিত॰।

বিদ্বিষ্টঃ শত্রুঃ। পক্ষিদ্বিষ্টঃ।

বিনাশঃ নাশঃ। পক্ষিনাশঃ।

বিনাশাস্ত্র॰ বিনাশস্যাস্ত্র॰। শাস্ত্র॰ বিনা।

বিলসৎকরেণুগহন॰ দেদীপ্যমানহস্তিনীব্যাপ্ত॰।

দীপ্যমান রেণুব্যাপ্ত॰।

বিশদাপীনসারস॰ প্রবিশন্তঃ স্থূলাঃ সারসা যত্র

জলে তৎ। শুক্ল স্থূলপদ্ম॰।

বিশালঃ	বৃহৎ। শালারহিতঃ।
বিশ্লেষঃ	বিভাগঃ। পক্ষিণামালিঙ্গনং।
বিশ্বাসঃ	প্রত্যয়ঃ। পক্ষিশ্বাসঃ।
বীরসেনোদ্ভূতিঃ	বীরসেনরাজাৎ জন্ম। বীরসেনায়া উদ্ভূতিঃ।
বীরুৎ	লতা। পক্ষিণীশব্দঃ।
বৈবস্বতকরঃ	সূর্য্যকিরণঃ। যমহস্তঃ।
বীপ্সা	পুনরুক্তিঃ। পক্ষিপ্রাপ্তীচ্ছা।
ভূষিতঃ	অলঙ্কৃতঃ। পৃথিব্যামুষিতঃ।
ভ্রমরহিতঃ	ভ্রান্তিশূন্যঃ। ভ্রমরস্যহিতঃ।
মণ্ডপঃ	গৃহভেদঃ। মণ্ডপানকর্ত্তা।
মন্দোদরী	রাবণপত্নী। কুৎসিতশয্যা(মাদুরী)
মরুত্বান্	ইন্দ্রঃ। হনূমান্।
মালী	মালাকারঃ। মালাযুক্তঃ।
রজোযোগঃ	স্ত্রীপুম্নযোগঃ। ধূলিযোগঃ।
রাধাশ্লেষাদি	রাধালিঙ্গনাদি। অনুরাধাশ্লেষাদি
রামাপ্রিয়ঃ	নারীপ্রিয়ঃ। রামস্য অপ্রিয়ঃ।

শুনঃশেফঃ	ঋষিবিশেষঃ। কুক্কুরস্যলিঙ্গং।
শূলী	শিবঃ। শূলরোগ যুক্তঃ।
সকলঃ	সর্ব্বঃ। কলাবিশিষ্টঃ।
সকলকলং	কোলাহল সহিতং। সকল কলা যুক্তং।
সদনং	গৃহং। অবসাদঃ।
সদাগমঃ	সচ্ছাস্ত্রং। সতামাগমনং।
সদাশঃ	সাধ্বাশঃ। ধীবর সহিতঃ।
সদাসঃ	দাস সহিতঃ। সতামুপবেশনং। সদোপবেশনং।
সদ্বৃত্তঃ	সচ্চরিত্রঃ। সচ্ছ্লোকঃ।
সভাজনঃ	সভ্যলোকঃ। পাত্র সহিতঃ।
সভাজিতঃ	সেবিতঃ। সভা পরাজিতঃ।
সভাসুরঃ	সভাদেবঃ। ভাসুরেণ সহ বর্ত্তমানঃ।
সমকরঃ	সাদৃশকরঃ। মকরেণ সহবর্ত্তমানঃ।
সমলঙ্কৃতং	সম্ভূষিতং। সমলীকৃতং।
সমস্তঃ	সকলঃ। মস্তক যুক্তঃ।

সমাংসমীনা	প্রতিবর্ষপ্রসবা গৌঃ।
	মাংস মৎস্য সহিতা নারী।
সমুদ্রঃ	রত্নাকরঃ। মুদ্রাসহিতঃ।
সহস্রনয়নাশ্রয়ঃ	ইন্দ্রাশ্রয়ঃ। সহস্রচক্ষুরাশ্রয়ঃ।
সালকাননং	সাল বনং। অলকযুক্ত মুখং।
সুরতরঙ্গিণী	গঙ্গা। কামিনী।
সুরালয়ঃ	দেবালয়ঃ। মদিরালয়ঃ।
	সুরশ্রেণয়ঃ।
সুরামোদঃ	দেবপ্রীতিঃ। সুরায়াঃ সুগন্ধঃ।
সুরাজিতঃ	সুন্দরদীপ্তিযুক্তঃ। সুরায়াজিতঃ।
হলধরঃ	বলদেবঃ। কর্ষকঃ।
হাহা	গন্ধর্ববিশেষঃ। আর্ত্তনাদঃ।
হিরণ্যবাহুঃ	শোণ নদঃ। স্বর্ণযুক্তবাহুঃ।
হেমাঙ্গঃ	গরুড়ঃ। স্বর্ণাবয়বঃ।
ক্ষিতিঃ	পৃথিবী। অপচয়ঃ।

Figurative terms, or Sentences in which words are distorted from their literal sense.

সাঙ্কেতিক বাক্য॰

অরণ্যেরোদন	নির্দ্দয়েরনিকটআত্মদুঃখকথন
অর্দ্ধচন্দ্রদেও	গলাটিপি দেও
আগড়াভাঙ্গা	নিষ্ফল কর্ম্ম করা
ইন্দ্রেরশচী	যখন যাহার নিকট থাকে তখন তাহারি
উদারপিণ্ড বুধার ঘাড়ে	একের কর্ম্মে অন্যকে নিযুক্ত করে
উড়কুড়তুলেদেওন	সুশৃঙ্খল কর্ম্মে বিশৃঙ্খলকরণ
ঊনপঞ্চাশহইয়াছে	পাগলহইয়াছে
একষাউকরিয়াছে	পলায়নকরিয়াছে
ওরনাই	সীমা নাই
কাণেমাটি	অধোদেশ দর্শন হইতেছে
কাতলাপড়িয়াছে	ডাকাইতেমানুষকাটিয়াছে

ক্কালিঘাটের চণ্ডীপাড়া	এক কর্ম্ম অনেকের বলিয়া প্রতারণা করা
কুকুরেরলেজঘিদিয়ামলা	বাঁকাসোজাহয়না
গাদাপিটিয়াঘোড়াকরা	অধমকে উত্তম করা
চম্পৎকরিল	পলায়ন করিল
চাকিডুবিল	সূর্য্য অস্ত গেলেম
চাক্তিনাই	টাকা নাই
চূড়ান্ত হইল	শেষ হইল
চেগরাবিচি	তণ্ডুল
ছাতারিয়ারনৃত্য	কর্ম্মের শৃঙ্খলা নাই
জনার্দ্দনহয়নাই	ভোজন হয় নাই
তেলামাতায়তেলদেওয়া	যাহার আছে তাহাকে দেওয়া
দক্ষিণহস্তেরব্যাপার	ভোজন
দা কমুড়ার সম্বন্ধ	ছেদ্য ছেদকতা সম্বন্ধ
দীর্ঘসূত্র	চিরকারী
দূর্ব্বাবনেমুক্তাছড়ান	মূর্খ নিকটে সদালাপ
পঞ্চত্বপাইয়াছে	মরিয়াছে

পটোলতুলিয়াছে	পলায়ন করিয়াছে
পদ্মনাভহইয়াছে	শয়ন হইয়াছে
পলাকিনিয়াছে	পলায়ন করিয়াছে
পলাকড়িতুলিল	পলায়ন করিল
পাছুড়ীগায়দেও	শাশুড়ীয়া হও
ফুটফাটহইয়াছে	প্রকাশ হইয়াছে। ছাড়া ছাড়ি হইয়াছে
ফুলতোলাকরিয়ালও	সর্ব্বত্রহইতে কিঞ্চিৎ২লও
বকধার্ম্মিক	কাল্পনিক ধার্ম্মিক
বকেগিয়াছে	অকর্ম্মণ্য হইয়াছে
বরের ঘরের মাসী কন্যার ঘরেরপিসী	উভয়পক্ষে যে থাকে
বর্ঘণে ভেজা	বধূকর্ম্মা হওয়া
বাবেরমাসিহইলেন	পুনরাগমনকরিলেননা।
বাঘেরঘাকরিয়াছে	ক্ষতখুঁটে ২ বাড়াইয়াছে
বাড়ন্ত	নাই
বাহাত্তুরিয়াহইয়াছে	অজ্ঞান হইয়াছে
বামণেরগরু	অল্প আহারকরিয়া অনেক দুগ্ধদেয়

বাইশেরদকা চাঁপচ্যা ভোজন — চাটাং চ্যাটভক্তি

বিড়ালতপস্বী — চক্ষ্যাতপস্বী — চকরীভক্তি

বুড়াসালিকেরঘাড়ের রোঁয়া উপড়ান — প্রাচীনকে শিক্ষা দেওন

বেগুন তোলা — অল্প ২ লওয়া

বেঁড়েকে চৌসরকরা — ছোটকে বড় করা

বৃহস্পতিনাই — বস্ত্র নাই

ভস্মে ঘৃত ঢালা — কর্ম নিষ্ফল হওয়া

ভিটায়ঘুঘুচরাণ — সর্ব্বনাশ করা

ভুদে খান — ফাঁকী দেওন

মটকামারিয়াপড়িয়াথাকা — নিদ্রা ছলে শুইয়া থাকা

শেষ করিয়াছে

মূলাতোলা — মূলোৎপাটন করা

রুক্ষমাতায় তেলদেওয়া — যাহারনাই তাহাকেদেওয়া

শাকখাও — শাশুড়িয়া হও

শেয়ালেরযুক্তি — রাত্রিতেপরামর্ষ হয়প্রাতে নাই

শ্রীঘরেপাঠাও	কারাগারেপাঠাও
শ্রীহরিকর	গমনকর
সট্‌কিয়াছেন	পলাইয়াছেন
সাতকথারমধ্যে পাঁচ কথা	এক কথার উপর অন্য কথা। বড় কথার উপর ছোট কথা।
হাত যোড়াআছে	কর্ম্মে নিযুক্ত আছি
হাতমারা	ফাকিদিয়ালওয়া। অধিকলওয়া।
হাতলাগিয়াছে	হস্তগত হইয়াছে

Words alike in meaning, spelt the usual way or the reverse.

একার্থানুলোম বিলোম সম শব্দাঃ

কটক	কাঞ্চিকা
কণ্টক	কারিকা
কনক	কালিকা
কম্বুক	জলজ
করক	তড়িত
কলংক	তরুণীকৃত
কলপুলক	তাবতা

ভারতা	বরপৌরব
দংপতীপদং	বরভৈরব
দন্তদ	বিস্তবি
দম্ভদ	মধ্যম
নদভেদন	মম
নন্দন	মহিম
নন্দনন্দন	মাধব বল্লব বধমা
নবীন	যোগ্যযো
নবেন	রদসোদর
নয়ন	রুরু
নর্ত্তন	লঙ্কাকঙ্কাল
নূতনু	শঙ্খশ
নানা	সরস
পাভদাতপা	সমাস
পাদপা	সহাস
বল্লব	স্যদস্য
বরকৈরব	হাববহা

কোথাথাকো	ধাধারধাধা
বল কি লব	রায়মণিময়রা
রমাকান্তকামার	সদানন্দনদাস

Words of two meanings, as read the common and reverse way.

অন্যার্থানুলোমবিলোম বিষম শব্দাঃ

কংপ	কপি	করুকা	কশা
কারা	কালিক	কালিনী	খন
গগন	জনি	জীবা	তর
তম	তর	তাল	ত্রপা
দম	দীনা	দীনরক্ষা	দেবে
ধারা	নন্দক	নন্দনবন	নব
নবতমসংমদ	নলকুবর	নলদ	নুত
পিনাকিনা	বংদে	বদ	বয়ঃ
বশি	বাতাপিনা	বিভা	বিল্ব
ভারতী	ভার্গব	ভৌরিকর্ত্তন	ময়
মহোরগা	মায়া	মার	মালিকা
যম	যমরাজ	যশঃ	যুবা
রম	রস	রক্ষঃ	রাজা
রবী	রুগবিভাবন	রাগি	রাজন্তে
রাধা	রাধয়া	রাশি	লব

লেখ	বশ	শংকু	সদালিকা
সব্যাবাসা	সভা	সমতা	সমা
সরা	সহসা	সাহমহসিক	সারস
সূত্রামা	হংসা	হরিদৈবে	হাসিকা
ক্ষয়	ক্ষার	ক্ষেপ	

কড়া	কলা	কাটা	কাটী	কাসি
কুচা	কোথা	খারা	গালা	গিল
গিলা	গিমা	ঘাম	ঘুর	চাপ
চনা	ছাপা	ছাপি	জলা	জারা
জীরা	জালা	ঝামা	টাটু	টোকা
ঠমক	ঠকা	ডাকা	তামা	থাক
দর	দাগ	ধুবি	নলী	পাথা
ফলা	বড়া	বাজ	বিল	বেল
বোল	মজা	মরা	মসা	মাজা
মারা	মাসী	রচ	রচা	রহ
রসা	রাথ	লগি	লত্তি	শানি
হাম	হাস	হীরা		

READING LESSONS.

পড়িবার পাঠ

TABLE OF WORDS, CONTAINING PALATIAL JU.

জকার ভেদঃ

জগন্নাথ জগদীশ জয় জনার্দ্দন । জ্যোতির্ম্ময় জগন্ময় জগৎ জীবন ॥ জনক জননী জন্ম জাহ্নবী জল্পন । জীর্ণ জ্বর জ্বালা জঙ্ঘা জব জরা জন ॥ জায়া জিহ্বা জলৌকস্ জল জাগরণ । জীরক জম্বীর জার জানু জ্যা । জঘন ॥ জাপ্য জপ জাতিফল জয়ন্তী জৈমিনী জলদ জর্জ্জর জাতি জঙ্গম জবন ॥ জত্তুক জান্তিক জম্বু জিত জিন জতু । জবস জিজ্ঞাসা জন্য জড় জীব জন্তু ॥ জ্যেষ্ঠ জ্যৈষ্ঠ জ্যোতিষ জম্বাল জঘন্যজ । জামাতা জঠর জাল জাল্ম জৈত্রধ্বজ ॥ জীমূত জনমেজয় জটী জটাজূট । বর্গ্য জকারাদি শব্দ ভাষা কৃত স্ফুট ॥

পরাজয় উদ্বেজক উপার্জন । ভুজগ ভুজঙ্গ কূজন বর্জন ॥ ব্যজন ব্যঞ্জন ভোজন ভাজন । রজনী

স্বাজীব তর্জনী তর্জ্জন ॥ পর্জন্য রঞ্জন অর্জুন গর্জ্জন ॥ তেজন মঞ্জন রঞ্জক দুর্জ্জন ॥ মঞ্জুল বঞ্জুল কজ্জল অঞ্জন । ব্রজত কিঞ্জল্ক খর্জ্জুর খঞ্জন ॥ ধনঞ্জয় মৃত্যুঞ্জয় বিসর্জ্জন । বিজয় দুর্জ্জয় অজয় মার্জ্জন ॥ অজগর পঞ্জর ধূর্জ্জটি গঞ্জন । যোজন মজ্জন ভজন ভঞ্জন ॥ পারিজাত যজমান নিযোজন । শব্দ মধ্য স্থিত জ কৃত বর্ণন ॥

পূজ্য পূজা রাজ্য রাজা ভুজ বাজী গজ । ভোজ্য দ্বিজ মুঞ্জা নিজ লজ্জা প্রজা রজঃ ॥ ধ্বজ বজ্র তেজঃ বীজ মজ্জা খঞ্জ কুব্জ । রজ্জু বর্জ্য বিভঞ্জ কালঞ্জ মজ্জ অব্জ ॥ আত্মজ শৈলজ কুজ সরোজ পঙ্কজ । কুঞ্জ পুঞ্জ গুঞ্জাদয়ঃ পদান্ত বর্গ্যজ ॥

TABLE OF WORDS, CONTAINING CEREBRAL NU.

ণকার ভেদঃ

গণ পণ গুণ ঘুণ শণ শোণ শাণ । পক্বণ কঙ্কণ কিণ রেণু কোণ কাণ ॥ কল্যাণ অঙ্গণ এণ ভণ ব্রুণ তূণ । চিক্কণ আপণ অণু মৃডঙ্কণ হূণ ॥ নিপুণ

মৎকুণ স্থূণ সিঙ্ঘাণ লবণ । উষ্ণ সিংহাণ ক্বণ
তক্ষণ বাণ ॥ নিঃশাণ আরণ্য শ্রোণ কণ্ঠত্রস্য
পণ্য । ঘোণা বীণা ফণা বেণু পুণ্য বাক্যমগণ্যা
স্থাণু বাণী গাবল্গণি বিপণি কফোণি । শ্রোণি
ফাণি মণি কুণি বেণী তূণী গোণি । দ্রোণ ক্লপ
কুবেণী কোবাণি নিপাণি । তূণীর মাণিক্য
মণি বণিক নিবাণি ॥ পিণ্যাক চাণক্য মণি-
মন্থ ধ্বাণক । কিঙ্কিণিকা গণিকা বাণুকি ঘূণুক ।
চাণূর চণক ফণিজ্ঝক ফাণিত । কুণপ পণব বেণ
ক্বণিত শোণিত ॥ বাণিনী গণিকারিকা কণিশ
দ্রুঘণ । ফেণ ধ্রুণ ফাল্গুণ কাকিণী গগণ ॥

TABLE OF WORDS, CONTAINING PALATIAL SHU.

শকার ভেদঃ

শিব শুভ শম্ভু শুম্ভ শঙ্কর শবর । শিলা শিলা
শূল শুক্তি শলাক শম্বর ॥ শশাঙ্ক শীতাংশু
শশী শর শূর শীর । শিশির শর্করা শীধু শেখর
শরীর ॥ শোচিঃ শুচি শুদ্ধ শিষ্ট শোভা শোভাঞ্জন

। শিক্য শ্যামাক শাক শালি শাণ শণ ॥ শান্ত
শান্ত শর্ম্ম শুক্ল শিত শ্বেত শুক্র । শ্লথ শোথ
শপথ শ্বযথু শ্লক্ষ্ণ শক্র ॥ শলাটু শৌটীর শাটী শুণ্ঠী
শঠ শল্য । শাখা শিখা শিখি শাঙ্খ শিখণ্ড
শাণ্ডিল্য ॥ শোফ শেফ শেফালিকা শফর শাম্বূক।
শূক শুক শক শাক্য শকট শম্বূক ॥ শলভ শরভ
শ্বভ্র শালি শুভ্র শূন্য । শ্লাঘ্য শীঘ্র শিগ্রু শিশু শ্বশুর
শরণ্য ॥ শাদ্বল শার্দ্দূল শৈল শকল শতাবরী
শষ্কুল শিথিল শীল শেল শক্তি শূল ॥ শত্রু শঙ্কা
শিল্পি শিক্ষা শারঙ্গ শশ্বৎ । শূদ্র শাদ শকৃৎ শিতি
শ্লীপদ শরৎ ॥ শনৈঃ শীর্ণ শোণ শয্যা শিঞ্জা
শিফা শনি । শম্ব শিম্ব শিম্বি শ্বিত্র শকুন্তি শকুনি।
শাল্মলি শিংশপা শাল শৈবাল শ্রীভর । শম
শমী শ্মশ্রু শ্বশ্রূ শ্মশান শীকর ॥ শব শশ শ্যাম
শূর্প শ্যালক শম্বল । শাশ্বত শিলীন্ধ্র শৌণ্ড
শবল শর্ব্বল ॥ শুষ্ক শেক শস্ত্র শাস্ত্র শংসন
শাসন । শরারি শাম্বিকা শিশু শালূর
শাতন ॥ শ্রান্ত শ্রম শ্রেয়ঃ শ্রেষ্ঠ শ্রদ্ধা শ্রুতি

শ্রেণী। শূকর শৃগাল শৃঙ্গ শ্লোক শৃণি শ্রোণী॥
শ্রমণ শ্রাবণ শ্রুত শ্রবণ শৃঙ্গার। শব্দ আদ্যে ভাষা পদ্যে তালব্য শকার॥

কেশব কাশ্যপ ঈশ্বর আশ্রয়। অশোক কৌশিক দর্শন আশয়॥ কুশল কশ্মল আশ্বাস অতিশয়। উশীর কাশ্মীর বিশ্বাস সংশয়॥
নিশিত পিশিত রশনা দশন। বিশাখ নিশান্ত বিংশতি দংশন॥ লশুন আশ্বিন কিংশারু উশনঃ। অনুশয় অশ্রু অশ্বত্থ অশন॥ পিশাচ পিশাঙ্গ প্রশ্ন অশ্ব বিশ্ব অশ্ম। অবশ্য অশনি রশ্মি পশুপতি বেশ্ম॥ অশেষ বিশেষ কিশোর আগেতে। তালব্য শ মধ্যে অন্যাদি অন্তেতে॥

কেশ বেশ ক্লেশ লেশ বিনাশ হুতাশ। সন্দেশ ভ্রূকুংশ কাশী দংশ বংশ পাশ॥ কর্কশ আক্রোশ ক্রোশ আকাশ প্রবেশ। নিশা নিশি দশ যশঃ প্রকাশ নিবেশ॥ সদৃশ অঙ্কুশ কুশ পলাশ সকাশ। আশা রাশি ঈশ দিশ স্পর্শ

আশু কাশ ॥ অনিশ বড়িশ দেশ কলশী কলশ।
নাশ বশ শশ অংশ প্রাংশু অনেকশ ॥

TABLE OF WORDS, CONTAINING CEREBRAL SH.

ষকার ভেদঃ

মূর্দ্ধন্য ষকারাদ্যন্তে ক্রমে স্পষ্ট। জানিবে ইহাতে
ষষ্ঠী যষ্টি ষণ্ড ষট্ ॥
বিভীষণ ভীষণ ভূষণ বিশেষণ। পুষ্কর দুষ্কর দুষ্ম
গোষ্পদ ঘোষণ ॥ নিষেধ দুঃষেধ পুষ্প ঔষধ ভিষজ।
বিষাদ বিষদ শষ্প দৃষদ ভেষজ ॥ পীষ্পাশ
গবেষিত কষায় পাষাণ। পাষণ্ড কুষ্মাণ্ড নিষ্ক তুরুষ্ক
বিষাণ ॥ অভিষেক নিষেক হৃষীক বাষ্ক্ষিক।
ঈষৎ বৃষদংশক চষক মূষিক ॥ বিষয় অভিষঙ্গ
যোষিৎ বৃষল উষম। ত্বরাষাট ধূষ্পাণ আষাঢ়
ত্বষার ॥ বিষুব শুষির দুষ্ট বশিষ্ঠ বিষম। সুষম
সর্ষপ অতিষঙ্গিম ঐষম ॥ নিষঙ্গ নিষাদ ভাষ্য
পোষ্য শিষ্য গ্রীষ্ম। দূষণ দূষিকা তুষ্টউষ্ম বষ্প
তীষ্ম ॥

অম্বরীষ করীষ অমর্ষ বর্ষ মেষ। কলুষ কিল্বিষ বিষ পুরীষ উন্মেষ॥ পুরুষ পরুষ যূষ প্রত্যূষ মঞ্জুষ। ভূষ বুষ বৃষ মৃষ পীযূষ গণ্ডূষ॥ রোষ তোষ প্রদোষ কল্মাষ মাষ কোষ। ঋষ তর্ষ বর্ষা হর্ষ শেষ বেষ দোষ॥ দ্বিষ দ্বেষ বিশেষ শেমুষী কর্ষ কষ। শ্লেষাশ্লেষ শিরীষ মহিষ প্রুষ প্লুষ॥ উষা কষ নিকষ ত্রপুষী শীর্ষ লুষা। ইষু অভিলাষ ঈর্ষা যোষা তৃষা ভাষা॥

TABLE OF WORDS, CONTAINING DENTAL SU.

সকার ভেদঃ

সমূহ সকল সিদ্ধি সমস্যা সুন্দর। সর্ব সৈক্য সব্য সভ্য সদ্যঃ সস সত্র॥ সিত স্মিত সিক্তা স্রোতঃ সমুদ্র সঙ্গম। সমিৎ সরিৎ সারস্বত সাম সীম সোম॥ সীমন্ত সরন্ত সন্ত স্বস্তি সক্থি স্বর। সুধা সিক্ত সক্ত সক্তু স্বৈর স্মের স্মর॥ স্বদন স্বেদ সূদ সদঃ সপদি স্যন্দন। সানুর সিন্দূর সান্দ্র স্ব সুর সদন॥ সগর সমর সার সৌবি

সৃষ্টি সৃণি। সসীম সংসার স্বামী সমস্ত সম্পাণি॥ সর্পি: সর্প সৃপ। সর্প সরীসৃপ সৃক্ক॥ সকৃস্রু সংসন সূর্য্য স্বপ্ন সূচি। স্বিন্ন॥ সিকতা সিন্ধু স্বাদু সন্ধ্যা সর্ব্যা সাশ। সময় সচিব সার্থ সাধ্বস সমাস॥ সারস সরট সুনু সানু সমঞ্জস। সায়ক সিহ্লক সৃক সীসক সরস॥ সরসী সলিল সাল সল্লকী সলক্ষ। সস্য সাম্য সৌম্য সুর। স্বয়ং সাক্ষী সূক্ষ্ম॥ সনস সেবক সুখ সংবাদ সকৃৎ। সত্য সিংহ সীতা সপ্ত সাধু সত্ত্ব সৃজৎ॥ সূত সনৎকুমার সৌনক স্বর্গ সহ। সন্ধি সতী স্মৃতি স্বাপ সংস্কৃত সন্দেহ॥ সাক্ষাত্ত সমাচার সংক্ষেপ সমাপ্তি। সহায় সচ্চিদানন্দ স্বরূপ সংগুপ্তি॥

বিকস্কিত ব্যবসিত লসিত ত্রসর। পরিসর প্রতিসর প্রসার বিসর॥ আকস্মিক অপসদ প্রসাদ ভাসুর। বসুদেব বিধিৎসব আসব অসুর॥ অযস্মর অপসর মসৃণ মসূর। উৎসেধ বসুধা কুসুম কৃসর॥ অমাবস্যা অসকৃৎ বৎসর

ব্যাসঙ্গ। বাৎস্যায়ন রাসভ সাৎসর্য্য প্রসঙ্গ॥ বেস্কবার বাসর বাসক অসম। পরাসর কিসলয় বসন্ত কুসুম॥ অজস্র তমিস্র আস্য লাস্য হাস্য মৃৎস্না। প্রশস্ত আশ্বস্ত দুষ্ট কৃৎস্ন ভস্ম জ্যোৎস্না॥

ব্যাস ন্যাস রাস বাস কৈলাস নিবাস। অসি মসি কংস ধ্বংস হংস মাংস মাস॥ দ্বিবস কীকস রস বীভৎস কার্পাস। ত্রাস হাস ভাস গ্রাস বুভুৎসু বিশ্বাস॥ কৃকলাস দাস বসু বিলাস উল্লাস। বাস মৃৎসা ন্যাস পাস লালস বিভাস॥ ইতি সকার ভেদঃ॥

THE DAYS OF THE WEEK. বার

রবি	১	বৃহস্পতি	৫
সোম	২	শুক্র	৬
মঙ্গল	৩	শনি	৭
বুধ	৪		

রাহু কেতু সহিত এই সাতের নবগ্রহ সংজ্ঞা

THE LUNAR DAYS. তিথি

প্রতিপৎ	১।১৬	নবমী	৯।২৪
দ্বিতীয়া	২।১৭	দশমী	১০।২৫
তৃতীয়া	৩।১৮	একাদশী	১১।২৬
চতুর্থী	৪।১৯	দ্বাদশী	১২।২৭
পঞ্চমী	৫।২০	ত্রয়োদশী	১৩।২৮
ষষ্ঠী	৬।২১	চতুর্দশী	১৪।২৯
সপ্তমী	৭।২২	পূর্ণিমা	১৫।
অষ্টমী	৮।২৩	অমাবস্যা	।৩০

এই সকল তিথির নাম ক্রমেতে নন্দা, ভদ্রা, জয়া, রিক্তা, পূর্ণা.

THE CONSTELLATIONS. নক্ষত্র

অশ্বিনী	১	আর্দ্রা	৬
ভরণী	২	পুনর্ব্বসু	৭
কৃত্তিকা	৩	পুষ্যা	৮
রোহিণী	৪	অশ্লেষা	৯
মৃগশিরা	৫	মঘা	১০

পূর্ব্বফল্গুণী	১১	পূর্ব্বাষাঢা	২০
উত্তরফল্গুণী	১২	উত্তরাষাঢা	২১
হস্তা	১৩	শ্রবণা	২২
চিত্রা	১৪	ধনিষ্ঠা	২৩
স্বাতী	১৫	শতভিষা	২৪
বিশাখা	১৬	পূর্ব্বভাদ্রপদ	২৫
অনুরাধা	১৭	উত্তরভাদ্রপদ	২৬
জ্যেষ্ঠা	১৮	রেবতী	২৭
মূলা	১৯		

অভিজিৎ সহিত ২৮ নক্ষত্র। ২।। নক্ষত্রে এক রাশি হয়

The twenty seventh part of 360°, or of a great circle, measured on the plane of the ecliptic.

যোগ

বিষ্কুম্ভ	১	অতিগণ্ড	৬
প্রীতি	২	সুকর্ম্মা	৭
আয়ুষ্মান্	৩	ধৃতি	৮
সৌভাগ্য	৪	শূল	৯
শোভন	৫	গণ্ড	১০

বৃদ্ধি	১১	শিব	২০
ধ্রুব	[illegible]	সাধ্য	[illegible]
ব্যাঘাত	১৩	সিদ্ধি	[illegible]
হর্ষণ	১৪	শুভ	[illegible]
বজ্র	১৫	শুক্র	২৪
অসৃক্	১৬	ব্রহ্ম	২৫
ব্যতীপাত	১৭	ইন্দ্র	[illegible]
বরীয়ান্	১৮	বৈধৃতি	২৭
পরিঘ	১৯		

ব্যতীপাত ও বৈধৃতিতে সমস্ত কর্ম্ম পরিবর্জ্জন

THE HALF OF A LUNATION. করণ

বব	১	বিষ্টি	৭।০
বালব	২	শকুনি	❋
কৌলব	৩	চতুষ্পদ	❋
তৈতিল	৪	কিন্তুঘ্ন	❋
বণিজ	৫	নাগ	❋
গর	৬		

❋ এই চারি করণের সকলাই আদি বর্ণ গ্রহণ

THE MONTHS. মাস

বৈশাখ	কার্ত্তিক
জ্যৈষ্ঠ	আগ্রহায়ণ
আষাঢ়	পৌষ
শ্রাবণ	মাঘ
ভাদ্র	ফাল্গুণ
আশ্বিন	চৈত্র

মাস ৪ প্রকার সৌর সাবন চান্দ্র নাক্ষত্র।

THE SIGNS OF THE ZODIAC. রাশি

মেষ	১	তুলা	৭
বৃষ	২	বৃশ্চিক	৮
মিথুন	৩	ধনুঃ	৯
কর্কট	৪	মকর	১০
সিংহ	৫	কুম্ভ	১১
কন্যা	৬	মীন	১২

সূর্য্য ১২ মাসে এই ১২ রাশি ভ্রমণ করেণ।

রাশির উদয়ের নাম লগ্ন।

PROMISCUOUS READING LESSONS.

প্রকীর্ণ পাঠ।

OF THE TIME.—কাল নির্ণয়

অকৃত্রিম চক্ষুস্পন্দন কালের নাম নিমেষ ১৮ নিমেষে কাষ্ঠা ৩০ কাষ্ঠাতে কলা ৩০ কলাতে ক্ষণ ৬ ক্ষণে দণ্ড অথবা ৬০ বিপলে পল ৬০ পলে দণ্ড ২ দণ্ডে মুহূর্ত্ত ৩০ মুহূর্ত্তে কিম্বা ৬০ দণ্ডে দিবা রাত্রি এক দিন পক্ষ ২ পক্ষে মাস কিম্বা ৩০ দিনে মাস ২ মাসে ঋতু ৩ ঋতুতে কিম্বা ৬ মাসে অয়ন ২ অয়নে কিম্বা ১২ মাসে বৎসর হয়।। ঘটীকা যন্ত্রের ন্যায় কালচক্রের ভ্রমণ বশতো পিতৃ কল্পাদি ত্রিংশৎ কল্পের মধ্যে বর্ত্তমান শ্বেত বারাহ কল্প যাইতেছে একেক কল্পেতে চতুর্দ্দশ মনু হয় তাহাতে শ্বেতবারাহ কল্পের মধ্যে বৈবস্বত নামে সপ্তম মনু যাইতেছেন একেক মনুতে ২৮৪ যুগ হয় তাহার মধ্যে বৈবস্বত মনুতে ১১২ এক শত বার যুগের যুগ এই কলিযুগ

ইহার পরিমাণ ৪৩২০০০ বৎসর ইহার মধ্যে ১৭৪২ শকাব্দা পর্য্যন্ত ৪৯২১ বৎসর গত অবশিষ্ট ৪২৭০৭৯ বৎসর। ইহার পূর্ব্বে সত্যযুগ ১৭২৮০০০ বৎসর ত্রেতাযুগ ১২৯৬০০০ বৎসর দ্বাপরযুগ ৮৬৪০০০ বৎসর গত হইয়াছে॥

OF THE SPRING—বসন্ত ঋতু বর্ণন

বসন্তে নানাবিধ পুষ্প গন্ধ যুক্ত বায়ু গমনাগমন করিয়া সকলের সুখ জন্মায় কিন্তু বিরহিজনের সন্তাপজনক হয় অতিশয় শীত গ্রীষ্ম হয় না কোকিল কোকিলা আহ্লাদে মত্ত হইয়া সর্ব্বদা কুহূ কুহূ ধ্বনি করে দাত্যুহ টিট্টিভ বঞ্জুলকাদি পক্ষিগণ আপন২ স্ত্রীর সহিত আমোদ করে ময়ূরী কামাসক্তা হইয়া ময়ূর নিকটে গমন করিয়া তাহার সহিত নৃত্য করে ভ্রমরগণ সর্ব্বদা পুষ্পিত বৃক্ষ লতা নিকটে শব্দ করে সরোবর সকল প্রফুল্ল পদ্ম বিশিষ্ট হয় তাহাতে

চক্রবাক চক্রবাকী হংস কারণ্ডব সারসাদি পক্ষিগণ সর্ব্বদা শব্দ করে বন মধ্যে মালতী মল্লিকা করবীর পলাশ সিন্ধুবার মাধবীলতা কুন্দ চিরবিল্ব মধূক বকুল চম্পক তিলক নাগ কেশর আম্র পাটলা কাঞ্চন অর্জুন মুচুকুন্দ কেতক উদ্দালক শিরীষ শিংশপা ধব শাল্মলি ঝিণ্টী তিনিশ নক্তমাল চন্দন হিন্তাল তিলক খর্জ্জুর অঙ্কোঠ করঞ্জ পূর্ণক পারিভদ্রক নীপ কদম্ব বরুণ স্যন্দন অশোক পদ্মক লোধ্র শরল এই সকল বৃক্ষ পুষ্পিত হয় এবং পুষ্পিত লতাতে বৃক্ষ সকল বেষ্টিত হয় পুষ্পেতে বৃক্ষের পত্রাদি দৃষ্ট হয় না বন মধ্যে বৃক্ষ সকল বায়ু দ্বারা সর্ব্বদা কম্পিত হয় তাহাতে বৃক্ষের নানাবিধ পুষ্প পতিত হইয়া দুলিচার ন্যায় বন ভূমির শোভা হয় বন মধ্যে মৃগ মৃগী এবং আর২ সমস্ত পশু পক্ষী স্বং২ স্ত্রীর সহিত অতিশয় আনন্দে কাল যাপন করে ॥

OF THE SUMMER — গ্রীষ্ম ঋতু বর্ণন

গ্রীষ্মে সূর্য্য অতি তীক্ষ্ণ কিরণ হন নৈঋত কোণস্থ বায়ু অসুখদ হইয়া বহে মেষ গর্দ্দভ উষ্ট্রের দিগের মত্ততা হয় পৃথিবী সন্তপ্তা হন নদী অল্পজলা হয় দিক সকল প্রজ্বলিতের ন্যায় হয় চতুর্দ্দিকে চক্রবাক চক্রবাকী ভ্রমণ করে মৃগ সকল জল পানার্থ ব্যাকুল হইয়া পরিভ্রমণ করে বীরুৎ তৃণ লতা নষ্ট হয় বৃক্ষ সকল বিবর্ণ হয় দিবস দীর্ঘ এবং তাপযুক্ত হয় রাত্রি অল্পা হয় সাধ্বী স্ত্রী বৈধব্য দশা হইলে যেমন সন্তাপযুক্তা হন পৃথিবী তেমনি তপ্তা হন ধন মদ মত্ত ব্যক্তির মুখের ন্যায় সূর্য্য দুর্নিরীক্ষ্য হন সর্প মুখের নিশ্বাসের ন্যায় বায়ু দুঃসহ হন অতিপ্রিয় জনের দর্শনের ন্যায় বৃক্ষ ছায়া প্রার্থনীয়া হয় বহু দিনের পর সন্দর্শন হইলে যুব স্ত্রী পুরুষের চক্ষু যেরূপ স্পন্দন শূন্য হয় তদ্রূপ বৃক্ষ সকল পল্লব রহিত হয়॥

OF THE AUTUMN.—বর্ষা ঋতু বর্ণন

বর্ষাতে সূর্য্য নিকটে মণ্ডলাকার শোভা হয় আকাশে নীল বর্ণ নিবিড় মেঘ উদয় হইয়া গর্জ্জন করে তাহাতে বিদ্যুৎ হয় এবং আকাশ আচ্ছাদিত হয় সূর্য্য আট মাস কিরণ দ্বারা পৃথিবীর জল পান করেণ এই কালে সহস্র গুণ জল দেন বিদ্যুৎ যুক্ত মেঘ তাবৎ প্রাণীকে গ্রীষ্মেতে সন্তপ্ত দেখিয়া আপনারা প্রচণ্ড বায়ু দ্বারা কম্পিত হইয়া জল দান করেণ গ্রীষ্মেতে শুষ্কা পৃথিবী বর্ষণের জল পাইয়া বৃদ্ধিযুক্তা হয় রাত্রিতে ঘোর অন্ধকার হয় গ্রহ নক্ষত্রের দীপ্তি থাকে না কেবল খদ্যোত দীপ্তি পায় ভেক সকল অন্য কালে মৌন হইয়া থাকে একালে মেঘের গর্জ্জন শুনিয়া শব্দ করে শুষ্ক ক্ষুদ্র নদী সকল জল পাইয়া আপনারদের পথ অতিক্রম করিয়া গমন করে পৃথিবী নীলবর্ণ নূতন তৃণে আচ্ছাদিতা হইয়া নীলবর্ণা হয় কোন স্থানেতে ইন্দ্রগোপ নাম

কীটেতে রক্তবর্ণা হয় কোন স্থানে মৃত্তিকা হইতে উঠে যে ছত্রাকার তৃণ তাহাতে শুক্ল বর্ণা হয় যদি অবিচ্ছেদে বৃষ্টি হয় তবে ভূমি সকল শস্য দ্বারা কর্ষকের দিগের আহ্লাদ জন্মায় যদি বৃষ্টি না হয় তবে সন্তাপ জন্মায় জল স্থল বাসী সকলের সুন্দর রূপ হয়। সমুদ্র সকল নদীর সঙ্গম পাইয়া অতিশয় ঢেউ যুক্ত এবং চঞ্চল হয় পর্ব্বত সকল বর্ষণের ধারা পাইয়া ব্যথা যুক্ত হয় না পথ পরিষ্কার না করিলে তৃণেতে আচ্ছন্ন হয় মেঘেতে বিদ্যুৎ স্থির হইয়া থাকে না গুণ রহিত ইন্দ্র ধনু মেঘেতে শোভা পায় জ্যোৎস্নাতে প্রকাশিত মেঘে চন্দ্র আচ্ছন্ন হন ময়ূর সকল মেঘাগমনে অত্যন্ত হৃষ্ট হইয়া নৃত্য করে বৃক্ষ সকল পাদ দ্বারা জল পান করিয়া সুন্দর রূপ ধারণ করে সরোবর কূলে কণ্টকাদি উৎপন্ন হয় তথাপি সারস পক্ষী সেই স্থানে বাস করে। বর্ষণের অতিশয় বেগ

দ্বারা বাঁধ সমস্ত ভাঙ্গিয়া যায়। বনখর্জ্জুর এবং জম্বু ফল পক্ব হয় গো সকল পালানের ভারে মন্দ২ গমন করে॥

OF THE CLEAR SEASON.—শরদৃত্ত বর্ণন

বর্ষা কালে জল নানা পথে গমন করে শরৎ কালে আপনার স্বভাব পায় এবং নির্ম্মল হয়। লোক সকল নানা স্থানে গমনাগমন করে। পৃথিবীর কর্দ্দম অল্পে২ দূর হয় মেঘ সমুদায় জল পরিত্যাগ করিয়া শুক্লবর্ণ হইয়া কোন২ স্থানে দীপ্তি পায় আকাশ নির্ম্মল হয়। কোন২ পর্ব্বতের ঝোরা হইতে পৃথিবীতে জল পড়ে। অগাধ জলেতে বাস করে যে জলচর তাহার দিগের সে জল ক্রমে২ ক্ষয় হয় তাহা তাহার দিগের বোধ হয় না। লতা সমস্ত পরিপক্ব হয় সমুদ্র স্থির জল হয়। কর্ষক সকল আলি বান্ধিয়া ভূমিতে জল রাখে দিবাতে সূর্য্য কিরণে

সন্তপ্ত যে সকল লোক তাহারদিগের সন্তাপ রাত্রিতে চন্দ্রোদয়ে দূর হয়। আকাশ মেঘ শূন্য হইয়া নির্ম্মল নক্ষত্রোদয়ে অতিশয় শোভা পায় পূর্ণচন্দ্র নক্ষত্রগণ সহিত অতিশয় দীপ্তি পান। কিঞ্চিৎ শীতোষ্ণ বায়ু পুষ্প গন্ধ যুক্ত হইয়া লোকের সন্তাপ হরণ করেণ। গো মৃগ পক্ষি স্ত্রী রজস্বলা হইয়া নিজ২ পুরুষ যুক্ত হয়। সূর্য্যোদয়ে কুমুদ ব্যতিরিক্ত জলজ পুষ্পের প্রকাশ হয় নবান্ন ভক্ষণের নিমিত্তে লোকের নানা উৎসব হয় পক্ক শস্যেতে ভূমির অত্যন্ত শোভা হয়। বণিক্ এবং মুনিগণ ও রাজগণ নানা স্থানে গমন করিয়া আপনারদিগের অর্থ চেষ্টা করেণ॥

OF THE WINTER.—হিম ঋতু বর্ণন

হেমন্তে নীহারেতে বায়ু অতি কঠোর এবং দুঃখ দায়ক হন পৃথিবী শস্য পূর্ণা হন জলপানে কষ্ট হয় অগ্নি সুখ সেব্য হন সাধু জনেরা নবান্ন দ্বারা পিতৃ দেবগণের পূজা করিয়া আপনারা

নবান্ন ভক্ষণ করিয়া আনন্দিত হন দুগ্ধের অতিশয় আস্বাদ হয় এবং তাহাতে ঘৃতের আধিক্য হয় রাজগণ যুদ্ধের নিমিত্তে গমন করেণ সূর্য্য দক্ষিণ দিকে উদিত হন হিমালয় পর্ব্বতের যথার্থ নাম এই সময়ে হয় দিন অতি ক্ষুদ্র হন এবং গমনাগমনে দুঃখ প্রদান করেণ কেবল মধ্যাহ্ন সময়ে সুখ দেন। সূর্য্য সুখ দায়ক হন চন্দ্র নীহারেতে আছন্ন হইয়া সুন্দর প্রকাশ হন না হিমে পূর্ণিমাতেও জ্যোৎস্না সুন্দর হয় না বায়ু স্বভাবতঃ শীতল বিশেষতঃ হিম সংযোগে অতিশয় শীতল হইয়া পশ্চিম দিক্ হইতে সর্ব্বদা গমনাগমন করেণ বন সমুদায় নীহারেতে আছন্ন এবং ক্ষেত্র যব গোধূম বিশিষ্ট হয় ধান্য পরিপক্ব হইয়া নত হয় এবং স্বর্ণ বর্ণ হইয়া অতিশয় শোভা পায় বৃষ সকল ধান্যের শূক চক্ষু বিদ্ধ হইবার আশঙ্কায় নেত্র মুদ্রিত করিয়া ধান্যের ক্ষেত্রে জল পান করে সূর্য্য নীহারেতে আছন্ন হন অন্যকালে পূর্ব্বাহ্নে তাঁহার তেজঃ

সহ্য হয় না এ কালে মধ্যাহ্নেও সূর্য্য সুখদায়ক হন অপরাহ্নে রৌদ্র কিঞ্চিৎ রক্তবর্ণ হয় হিম নিপাতে তৃণাদি এবং নদীর বালুকা আর্দ্র হয় নদীতে ধূম উঠে রাত্রিতে জলপাত্র অতিশয় শীতল হয় জলের আস্বাদ হয় পদ্মের পত্রাদি সকল যায় কেবল মৃণাল থাকে ॥

OF THE DEWY SEASON.—শিশির ঋতু বর্ণন

শিশিরে অধিক শীত হয় দিক্ সকল বাত বৃষ্টিতে আকুল হয় অধিক ধন দর্শনে দরিদ্রের যাদৃশ লোভ জন্মে ধূম শূন্য অগ্নি লোকের তাদৃশ লোভ জন্মায় বন্ধু লোকের কটু বাক্যের ন্যায় বায়ু অতিশয় পীড়াদায়ক হয় অপুত্রক ব্যক্তির পুত্র লাভে যাদৃক্ সুখ হয় সূর্য্যের কিরণ সকলের তাদৃক্ সুখদায়ক হয় সর্প দর্শনে যেমন ভয় জন্মে সুশীতল জল দর্শনেও তেমন ভয় হয় ॥

OF GEOGRAPHY.— ভূগোল বর্ণন

আকাশ বায়ু তেজো জল ভূমি এই পঞ্চ ভূতের মধ্যে পৃথিবীর আট আনা আকাশাদি চারি ভূতের দুই২ আনা এই ষোল আনাতে মিশ্রিত এবং চন্দ্র বুধ শুক্র রবি মঙ্গল বৃহস্পতি শনি এই সপ্ত গ্রহের সপ্ত কক্ষাতে ও নক্ষত্র কক্ষাতে উপরি ভাগে আবৃত পাঞ্চভৌতিক ভূমি পিণ্ড স্ব শক্তিতে শূন্যের উপরে আছে এই ভূমি পিণ্ডের উপরে ও অধোভাগে ও পার্শ্বে যথা বিভক্ত স্থানে দেবতা মনুষ্য দানব দৈত্য পশু পক্ষি পর্ব্বত গ্রাম নগর বন নদী নদাদিরূপ কেশর নিকরেতে কদম্ব কুসুমের গ্রন্থির ন্যায় গ্রথিত আছে ।।

এই ভূমণ্ডলের পরিধি ৪৯৬৭ যোজন ইহার ব্যাস ১৫৮১ যোজন। পৃথিবীর মধ্যস্থলে লঙ্কা তাহার পূর্ব্বে যমকোটি পশ্চিমে রোমকপত্তন অধোভাগে সিদ্ধপুর উত্তরে সুমেরু দক্ষিণে বড়বানল এই ছয় স্থান পরস্পর ভূগোলের চতুর্থাংশান্তরে আছে ।।

ভূমি পিণ্ডের অর্দ্ধেক লবণ সমুদ্রের উত্তর জম্বুদ্বীপ। ভূপিণ্ডের আর অর্দ্ধেকেতে জম্বুদ্বীপের দক্ষিণ ভাগে শাক শাল্মল কৌশ ক্রৌঞ্চ গোমেদক পুষ্কর এই ছয় দ্বীপ এবং লবণ ক্ষীর দধি ঘৃত ইক্ষুরস মদ্য স্বাদুজল নামে সপ্ত সমুদ্র আছে। এই রূপে পৃথিবী সপ্তদ্বীপা। ঐ সপ্তদ্বীপের মধ্যে জম্বুদ্বীপ নামে এই দ্বীপ ইহার নব খণ্ড তাহার প্রত্যেকের নাম ভারতবর্ষ কিন্নরবর্ষ হরিবর্ষ কুরুবর্ষ হিরণ্ময়বর্ষ রম্যকবর্ষ ইলাবৃতবর্ষ ভদ্রাশ্ববর্ষ কেতুমালবর্ষ। ঐ নববর্ষের মধ্যে ভারতবর্ষ নামে এই বর্ষ ইহার নব ভাগ সে সকল ভাগের নাম এই ঐন্দ্র কশেরু তাম্রপর্ণ গভস্তিমৎ নাগ সৌম্য বারুণ গান্ধর্ব্ব কুমারিকা। ঐ নব ভাগের মধ্যে বর্ণাশ্রম ব্যবস্থা এই কুমারিকা খণ্ডেতে আছে আর সকল খণ্ডেতে অন্ত্যজ লোকের বসতি॥

ভারতবর্ষের মধ্যে মাহেন্দ্র শুক্তি মলয় ঋক্ষ পারিপাত্র সহ্য বিন্ধ্য এই সপ্ত কুলাচল আছে।

লঙ্কা হইতে উত্তর হিমালয়পর্ব্বত তাহার উত্তর হেমকূটপর্ব্বত তাহার উত্তর নিষধপর্ব্বত এবং সিদ্ধপুর হইতে উত্তরে শৃঙ্গবান্ ও শুক্ল ও নীল পর্ব্বত এই ছয় পর্ব্বত পূর্ব্ব পশ্চিম সমুদ্র পর্য্যন্ত দীর্ঘ। দুই পর্ব্বতের মধ্যে যে স্থান তাহার নাম দ্রোণীদেশ॥

যমকোটি পত্তন হইতে নীল ও নিষধ পর্ব্বত পর্য্যন্ত মাল্যবানপর্ব্বত। রোমকপত্তন হইতে নীল ও নিষধ পর্ব্বত পর্য্যন্ত গন্ধমাদন পর্ব্বত। মাল্যবান্পর্ব্বতের ও লবণ সমুদ্রের মধ্যবর্ত্তী যে স্থান তাহার নাম ভদ্রাশ্বরগবর্ষ। গন্ধমাদনপর্ব্বত হইতে লবণ সমুদ্র পর্য্যন্ত যে স্থান তাহার নাম কেতুমালবর্ষ। নিষধ ও নীল ও গন্ধমাদন ও মাল্যবান্ পর্ব্বতে বেষ্টিত যে স্থান তাহার নাম ইলাবৃতবর্ষ। লঙ্কা হইতে উত্তরে ভারত ও কিন্নর ও হরিবর্ষ সিদ্ধপুর হইতে উত্তরে কুরু ও হিরণ্ময় ও রম্যকবর্ষ আছে॥

ইলাবৃত বর্ষের মধ্যবর্ত্তী সুমেরু পর্ব্বত । সুমেরুর পূর্ব্বদিকে মন্দরপর্ব্বত উত্তরে সুগন্ধপর্ব্বত পশ্চিমে বিপুলপর্ব্বত দক্ষিণে সুপার্শ্বপর্ব্বত । ঐ চারি পর্ব্বতের উপরে কদম্ব জম্বু বট পিপ্পল এই চারি কেতু বৃক্ষ এবং ঐ জম্বুবৃক্ষের নীচে জাম্বূনদী এবং চিত্ররথ বিচিত্র ধৃতি বৈভ্রাজক এই চারি বন এবং অরুণ মানস মহাহ্রদ শ্বেতজল এই চারি সরোবর আছে । এবং সীতা অলকনন্দা বঙ্কু ভদ্রা নামে গঙ্গা ঐ চারি পর্ব্বত হইতে ভদ্রাশ্ব ভারত কেতুমাল কুরু এই চারি বর্ষে আসিয়া লবণ সমুদ্রে মিলিতা হইয়াছেন । ঐ সুমেরুর তিন শৃঙ্গেতে বিষ্ণু ব্রহ্মা শিবের তিন পুর আছে তাহার নীচে পূর্ব্বদিক অবধি ইন্দ্র অগ্নি যম রাক্ষস বরুণ বায়ু কুবের ঈশ এই অষ্ট দিক্‌পালের স্থান আছে ॥

লঙ্কা যমকোটি সিদ্ধপুর রোমকপত্তন এইচারি স্থানের দক্ষিণে ভূর্লোক উত্তরে ভুবর্লোক সুমেরু স্বর্গ শূন্যেতে ঊর্দ্ধোর্দ্ধে মহঃ জন তপঃ সত্য এই

চারি লোক এবং পৃথিবীর অভ্যন্তরে অতল বিতল সুতল তলাতল মহাতল রসাতল পাতাল এই সপ্তলোক আছে। এই রূপে চতুর্দ্দশ ভুবন ॥

OF CHRONOLOGY.—রাজ বিবরণ

এই কলিযুগে ৬ শকপ্রবর্ত্তক রাজা কলির প্রথমাবধি ৩০৪৪ বৎসর পর্য্যন্ত যুধিষ্ঠির রাজার শক গত হইয়াছে। তাহার পরে উজ্জয়নীতে বিক্রমাদিত্য রাজার শক ১৩৫ বৎসর পর্য্যন্ত গত হইয়াছে। বর্ত্তমান নর্ম্মদানদীর দক্ষিণ তীরে শালিবাহন নামে রাজার শক যাইতেছে এই শক বিক্রমাদিত্য রাজার শকের পর ১৮০০০ বৎসর পর্য্যন্ত থাকিবে। তাহার পর বিজয়াভিনন্দন নামে রাজা চিত্রকূট পর্ব্বতপ্রদেশে হইবেন তাঁহার শক শালিবাহন রাজার শকের পর ১০০০০ বৎসর পর্য্যন্ত হইবে। তাহার পর পরিনাগার্জুন নামে এক রাজা হইবেন তাঁহার শক কলির ৮২১ বৎসর শেষ থাকিতে গত হইবে। তদনন্তর

সম্ভল গ্রামে বিষ্ণুযশো নাম গৌড় ব্রাহ্মণের ঘরে কল্কি দেবের অবতার হইবে।এই মতে৬ শককর্ত্তা রাজারদের মধ্যে দুই গত এক বর্ত্তমান তিন ভাবী॥

কলিযুগের আরম্ভ অবধি ৪২৬৭ বৎসর পর্য্যন্ত ১১৯ জন নানাজাতীয় হিন্দু দিল্লীর সিংহাসনে সম্রাট্ হন ইহার বিবরণ। রাজা যুধিষ্ঠির অবধি ক্ষেমক পর্য্যন্ত ২৮ জন ক্ষত্রিয়েতে ১৮১২ বৎসর। এই পর্য্যন্ত কলিতে বাস্তব ক্ষত্রিয়জাতির বিরাম হইল॥ ❋ ॥ তাহার পর মহানন্দি নামে ক্ষত্রিয়ের ঔরসে শূদ্রা গর্ভজাত নন্দ বংশোদ্ভব বিশারদ অবধি বোধমল্ল পর্য্যন্ত ১৪ জনেতে ৫০০ বৎসর। এই নন্দ অবধি রাজপুত্ত জাতির সৃষ্টি হয় ইনি পূর্ব্বে মগধ দেশের রাজা ছিলেন। তাহার পর ঐ বোধমল্লের মন্ত্রী গৌতম বংশ জাত বীরবাহু অবধি আদিত্য পর্য্যন্ত নাস্তিক মতাবলম্বি ১৫ জনেতে ৪০০ বৎসর। এই সময়ে নাস্তিক মতের অত্যন্ত প্রচার হয়। তাহার পর

ঐ আদিত্যের মন্ত্রী ময়ূর বংশীয় ধুরন্ধর অবধি রাজপাল পর্য্যন্ত ৯ জনেতে ৩১৮ বৎসর। তাহার পর শকাদিত্য নামে কমাউ পর্ব্বতীয় রাজা এক জনেতে ১৪ বৎসর। এই রূপে কলির প্রথম অবধি ৩০৪৪ বৎসর গত হইল এবং মহারাজাধিরাজ যুধিষ্ঠিরদেবের শকেরও নিবৃত্তি হইল ॥

তাহার পর উজ্জয়নীর রাজা বিক্রমাদিত্যের সম্বতের আরম্ভ দিল্লীতে হইল এই সম্বতের আরম্ভ অবধি বিক্রমাদিত্য ও বিক্রম সেন পিতা পুত্রে ২ জনেতে ৯৩ বৎসর ॥ ঐ বিক্রমাদিত্যের সাম্রাজ্য অবধি ১৩৫ বৎসর গত হইলে নর্ম্মদা নদীর দক্ষিণ তীরস্থ প্রতিষ্ঠান নগরের রাজা শালিবাহনের সন্তানেরা তাঁহার শকাব্দের প্রবৃত্তি করিল। এবং বিক্রমাদিত্যের ৫৪২ সম্বতে মালব দেশে ভোজদেব রাজা হইয়া ছিলেন॥ তাহার পর ভর্তৃযোগী সমুদ্র পাল অবধি বিক্রমপাল পর্য্যন্ত ১৬ জন যোগিতে ৬৪১ বৎসর ৩ মাস। তাহার পর তিলকচন্দ্র অবধি নিঃসন্তানগোবিন্দচন্দ্রের

স্ত্রী প্রেমদেবী পর্য্যন্ত ১০ জনেতে ১৪০ বৎসর ৪ মাস। তাহার পর হরিপ্রেম বৈরাগী অবধি মহাপ্রেম পর্য্যন্ত ৪ জন বৈরাগিতে ৪৫ বৎসর ৭ মাস। তাহার পর বল্লাল সেনের পিতা ধীসেন অবধি দামোদর সেন পর্য্যন্ত বঙ্গ দেশীয় বৈদ্যজাতি ১৩ জনেতে ১৩৭ বৎসর ১ মাস। তাহার পর শওয়ালোক পর্ব্বতের রাজা দ্বীপসিংহ অবধি জীবনসিংহ পর্য্যন্ত চৌহান রাজপুত জাতি ৬ জনেতে ১৫১ বৎসর। তাহার পর দিল্লীর অধিকারস্থ প্রাঠদেশের রাজা পৃথুরায় এক জনেতে ১৪ বৎসর ৭ মাস। এই রূপে বিক্রমাদিত্যের সম্বত্তের আরম্ভ অবধি ১২২৩ বৎসর গত হইল। এবং কলির প্রথম অবধি ৪২৬৭ বৎসর অতীত হইল। এই পর্য্যন্ত হিন্দু রাজারদের সাম্রাজ্য ছিল॥

তাহার পর মুসলমানেরদের সাম্রাজ্য হইল। যবনেরদের সাম্রাজ্য হওয়া অবধি ১৭২৬ শকাব্দ পর্য্যন্ত ৫১ জনেতে ৬৫১ বৎসর ২ মাস ২৮ দিন গত

হইয়াছে তাহার বিবরণ। শুলতান শহাবুদ্দীন অবধি মইজুদ্দীনকয়কুবাদ পর্য্যন্ত গৌড়ীয় ১২ জনেতে ১১৮ বৎসর ২ মাস ২৭ দিন। তাহার পর জলালুদ্দীন অবধি কোতবুদ্দীন পর্য্যন্ত খালিজ খাঁর সন্তান ৪ জনেতে ৩৪ বৎসর ১১ মাস ২০ দিন। তাহার পর খোস্রোখাঁ অবধি মহম্মদ শাহ পর্য্যন্ত ৯ জন তুরুকেতে ৯৭ বৎসর ৩ মাস ১৯ দিন। তাহার পর খেজর খাঁ অবধি আলাউদ্দীন পর্য্যন্ত ৪ জন ওমরার সন্তানেতে ৩৭ বৎসর ৭ মাস ১৬ দিন। তাহার পর বহলোল অবধি এবরাহিম পর্য্যন্ত ৩ জন পাঠানেতে ৭২ বৎসর ১ মাস ৭ দিন। এই রূপে দিল্লীতে যবনাধিকার হওয়া অবধি ৩৬২ বৎসর ২ মাস ২৯ দিন গত হইল॥

তাহার পর আমীর তৈমুরের সন্তানেরদের বাদশাহি হয় তাহার বিবরণ। বাবর শাহেরা পিতা পুত্রেতে ১৫ বৎসর ৫ মাস। তাহার পর সেরশাহ অবধি মহম্মদ আদিল পর্য্যন্ত ৪ জন পাঠানেতে

১৬ বৎসর ৩ মাস। এই চারি জন তৈমুরের সন্তান নয়। তাহার পর ঐ বাবরের পুত্র হুমাযুন অবধি আলীগওহর শাহআলমের জলুসী ৪৫ সন পর্য্যন্ত তৈমুরের সন্তান ১৪ জনেতে ২৫৭ বৎসর ৪ মাস ২৯ দিন। এই রূপে সর্ব্বশুদ্ধা বাবর অবধি শাহ আলম্‌ পর্য্যন্ত ২৮৯ বৎসর ২৯ দিন গত হইল। এই মতে ১৮৬১ সম্বৎ পর্য্যন্ত দিল্লীর সিংহাসনে যবনাধিকারে ৬৫১ বৎসর ৩ মাস ২৮ দিন গত হইল ॥ ❁ ॥ দিল্লীতে যবনাধিকার হইবার পূর্ব্বে নাসরুদ্দীন সুবক্তগী প্রভৃতি কএক যবনেতে মুলতান ও লাহোর প্রভৃতি দেশ অধিকার করিয়াছিলেন কিন্তু তাঁহারা দিল্লীর সিংহাসন আক্রমণ করিতে পারেণ নাই অতএব তাঁহারা দিল্লীস্থ সম্রাটেরদের মধ্যে গণিত হন নাই ॥ ❁ ॥ এই রূপে হিন্দুয়ানি ও মুসলমানিতে কলির প্রথম অবধি ১৮৬১ সম্বৎ ও ১৭২৬ শকাব্দ ও ১২১১ বাঙ্গালা সন ও ১৮০৫ ইসবীয় সন ও ১২১৯ হিজরি সন পর্য্যন্ত সর্ব্বশুদ্ধা ৪৯১৯ বৎসর গত

হইয়াছে। কিন্তু শ্রীমন্মহারাজাধিরাজ যুধিষ্ঠির দেবের সন ৩০৪৪ ও শ্রীযুত মহারাজাধিরাজ বিক্রমাদিত্যের সম্বৎ ১৮৬১ বৎসর এই দুই অঙ্কের ঐক্যে কলির প্রথমাবধি ঐ সম্বৎ পর্য্যন্ত ৪৯০৫ বৎসর গত হয়। কলির এই গত বৎসর হইতে সাম্রাজ্য সময়ের ঐক্যের অঙ্কেতে যে ১৪ বৎসর অধিক হয় সে যবনাধিকার সময়ের হিজরি সনের চান্দ্রমান গণনার ও শকাব্দের সৌরমান গণনার বৈলক্ষণ্যে ও সাম্রাজ্যাধিকার সময়ের বর্ষের উপর ভগ্ন মাসের কদাচিৎ বর্ষরূপে গণনা কদাচিৎ ঐ ভগ্ন মাসের ত্যাগ এই বৈলক্ষণ্যেতে হইয়াছে ইহা বোধ হয়॥

ঐ আলীগওহরশাহ বাদশাহ হইয়া আপন শাহআলম্ নামে হিন্দুস্থানে খোতবা ও সিক্কা প্রচার করিয়া নবাব শুজাওদ্দৌলাকে উজীর করিলেন। তাহার কিছু দিনের পরে লার্ড ক্লাইব নামে বড়সাহেব দিল্লীতে গমন করিয়াছিলেন তখন নবাব সয়ফদ্দৌলার খানে আজম

খেতাব ও হফ্তুহাজারি মনসব্ ও বাঙ্গালার সুবেদারি এবং কম্পানি বাহাদুরের বাঙ্গালা ও বেহার ও উড়িস্যা এই তিন সুবার বাদশাহি দেওয়ানি এবং বাদশাহের ইছামতে আপনার শাহাবজ্জঙ্গ খেতাব এবং নবাব মুজফ্ফরজঙ্গের খানখানানি খেতাব ও জাগীর ও হফ্তুহাজারী মনসব্ ও বিশ হাজার মশাহেরা এবং মহারাজ দুর্লভরামের মহীন্দ্র খেতাব ও জাগীর ও ষষ্‌হাজারী মনসব্ ও ষোলহাজার মশাহেরা এবং রাজা শেতাব রায়ের মহারাজ খেতাব ও পঞ্জহাজারী মনসব্ ও সুবে বেহারের নেয়াবৎ এবং মহারাজ দুর্লভরামের পুত্র রাজা রাজবল্লভের রায়রাযানি কর্ম্ম ও জাগীর ও চাহার হাজারি মনসব্ এবং জগৎসেঠ মাহতাব রায়ের পুত্র খোশহালচন্দ্রের জগৎসেঠ খেতাব এবং মুনশী নবকৃষ্ণের মহারাজ খেতাব ও পঞ্জসদি মনসব্ এই সকল বন্দোবস্ত করিয়া বাঙ্গালাতে আসিয়া ঐ সমস্ত ওমরারদিগকে লইয়া

সাহেবান ইঙ্গরেজ বাহাদুর তিন সুবার কর্ত্তা হইলেন কিন্তু বাঙ্গালার চৌথে উড়িস্যা বরগীরদের অধিকারে থাকিল ॥ পরে ঐ শাহ আলম বাদশাহ হিজরী ১২২১ সালের ৬ রমজানে ও সম্বৎ ১৮৬৩ সালের কার্ত্তিক শুদী অষ্টমীতে ও বাঙ্গালা ১২১৩ সালের ৪ আগ্রহায়ণে ও ইঙ্গরেজী ১৮০৬ সালের ১৮ নবেম্বরে পরলোক গত হইলেন। ইঁহার বাদশাহী সর্ব্বশুদ্ধা ৪৬ বৎসর কএক মাস। তদনন্তর তাঁহার পুত্র আকবর সানি বাদশাহ হইয়া দিল্লীর সিংহাসনে রাজত্ব করিতেছেন। ইংরেজী ১৮২০ সনের জুলাই মাস পর্য্যন্ত তাঁহার রাজত্বের ১৩ বৎসর ৮ মাস ১২ দিন অতীত হইয়াছে ॥

লক্ষ্ণৌ দেশের নবাব শুজাওদ্দৌলা পূর্ব্বে শাহ আলম বাদশাহের উজীরী কর্ম্ম করিতেন তৎপ্রযুক্ত তাঁহার নাম নবাব উজীর খ্যাত ছিল এবং তাঁহার পুত্র নবাব আসফদ্দৌলা ও নবাব সাদৎআলী সেই নামে বিখ্যাত ছিলেন সংপ্রতি

ই° ১৮১৯ সনের ৯ আক্টোবরে শ্রীযুত লার্ড হেসটিংস্ বড়সাহেবের সম্মতিতে ঐ নবাব সাদৎআলীর পুত্র নবাব গাজিউদ্দীন হয়দর সুবে ঔধের বাদশাহ হইয়াছেন অর্থাৎ অযোধ্যার রাজা হইয়াছেন এবং হিজরী ১২৩৪ সনে আপন শাহজমন্ নামে মুদ্রা প্রচলিত করিয়াছেন। ॥

ইংগ্লণ্ড দেশের বাদশাহ তৃতীয় জর্জ ৬০ বৎসর রাজ্য করিয়া ৮২ বৎসর বয়ঃপ্রাপ্ত হইয়া ই° ১৮২০ সনের ২৯ জানুয়ারি শনিবার ৮॥ ঘণ্টা রাত্রে পরলোক গত হইয়াছেন তাহার পর দিবস তাঁহার জ্যেষ্ঠ পুত্র চতুর্থ জর্জ ইংগ্লণ্ড দেশের ও ভারত বর্ষের উপরে রাজা হইয়াছেন॥

এই বীরভোগ্য বসুন্ধরাতে ক্রাইষ্ট ধর্ম্মাবলম্বির মধ্যে পর্টুগীজ জাতি অর্থাৎ ফিরিঙ্গীরা প্রথম আসিয়া বাণিজ্যাদি করে তদনন্তর ইংগ্লণ্ডীয়েরদের অর্থাৎ ইংরেজের দিগের কুঠী বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যাতে ক্রমেতে হয়। তাহার পর ইংরেজী ১৭১৭ সনে ফররুখ্সিয়র বাদশাহের

রাজ্য কালে ইংরেজ কম্পানীর কর্ম্মকর্ত্তা জান সারমন্ ও খাজা সরহদের প্রার্থনাতে সুবে বাঙ্গালার আমিরাবাদ পরগণার মৌজে কলিকাতা ও সুতানুটী ও গোবিন্দপুরের এবং তাহার নিকট ৩৮ মৌজার তালুকদারী ও অন্য ২ স্থানে কুঠী করিবার নিমিত্ত ৪০ বিঘা করিয়া ভূমি পাইবার ও বন্দর হুগলীতে প্রতি বৎসর ৩০০০ টাকা দিয়া সর্ব্বত্র নিষ্করে বাণিজ্যাদি করিবার ফরমাণ অর্থাৎ আজ্ঞাপত্র কম্পানির নামে হয়। তাহারপর ই° ১৭৫৭ সনে বাঙ্গালার সুবেদার নবাব সেরাজদ্দৌলা কলিকাতা আক্রমণ করিয়া লইয়া ১৪৫ জন ইংরেজকে এক ক্ষুদ্র কুঠরীতে বদ্ধ করিয়া রাখিয়াছিলেন তাহাতে এক রাত্রির মধ্যে গ্রীষ্মেতে ১২৩ জন মরিয়াছিল। তাহার পর বৎসর করনেল্ ক্লাইব ও এডমিরল্ ওয়াটসন্ সসৈন্যে আসিয়া নবাব সেরাজদ্দৌলার সকল সৈন্যকে পলাশীর বাগানে যুদ্ধে জয় করিয়া মিরজাফরকে বাঙ্গালার সুবেদার করিলেন।

তদবধি ইংরেজ কম্পানীর রাজ্য এদেশে সুস্থির হইল। তাহার পর এই কলিকাতা রাজধানীতে ইংরেজী ১৭৩৩ সন অবধি বর্ত্তমান ১৮২০ সন পর্য্যন্ত যে২ গবরনর অর্থাৎ বড়সাহেব হইয়াছেন তাহার বিবরণ নীচে লিখিতেছি।

মেস্তর ফ্রীক্	১৭৩৩	মে° বেরেলষ্ট	১৭৬৭
মে° ক্রুটেণ্ডেন্	১৭৩৮	মে° কার্টিয়র	১৭৬৯
মে° ব্রাড্ডিল্	১৭৩৯	মে° হেষ্টিংস্	১৭৭২
মে° ফাষ্টর্	১৭৪৬	মে° হুইলর (এক্টিং)	১৭৮১
মে° ডাসন্	১৭৪৭		
মে° ফিচ্	১৭৪৮	মে° মাক্ফর্সন্	১৭৮৫
মে° বারওএল্	১৭৫০	ইয়র্ল কর্ণওয়ালিস্	৮৬
মে° ড্রেক্	১৭৫৬	অনরেবিল্ চার্লস্ ষ্টুঅর্ট	১৭৯০
কর্ণেল্ ক্লাইব্	১৭৫৯		
মে° হল্ওএল্	১৭৬০	মে° স্পিক্ (এক্টিং)	৯৩
মে° ব্যান্সিটার্ট	১৭৬১	সর্ জান শোর	১৭৯৩
মে° স্পেন্সর্	১৭৬৫	মে° স্পিক্ (ডিপিটি)	১৭৯৭
লার্ড ক্লাইব্	১৭৬৫		

সর্ আলুরেড্ ক্লার্ক (অচিরস্থায়ী) — ১৭৯৭
ইয়র্ল মার্ণিংটন্ — — — ১৭৯৮
সর্ আলুরেড্ ক্লার্ক (ডিপিটি) — ১৭৯৮
সর জর্জ হিলারো বার্লো (ডিপিটি) — ১৮০১
মার্কুইস্ কর্ণওয়ালিস্ — — ১৮০৫
সর্ জর্জ্জ হিলারো বার্লো (ডিপিটি) — ১৮০৫
মেং অড্নি (ডিপিটি) — — ১৮০৫
সর্ জর্জ্জ হিলারো বার্লো — — ১৮০৫
লার্ড মিণ্টু — — — ১৮০৭
মেং জান লম্সুডিন্ (ডিপিটি) — ১৮০৯
লেপ্টিনেণ্ট জেনেরল্ ইউএর্ট্ (ডিপিটি) ১৮০৯-১০-১১
ইয়র্ল মায়রা — — — ১৮১৩
মে. এড্মনষ্টন্ (ডিপিটি) — ১৮১৭
সংপ্রতি ঐ ইয়র্ল মায়রা মারকুইস্ আব্
হেষ্টিংস্ এই নামে খ্যাত হইয়া বড
সাহেবী করিতেছেন ॥ — — ১৮২০

RULES FOR SPELLING.

অথ অচ্ সন্ধিঃ

Coalition and Mutation of Vowels.

অ। আ। অ আ পরে মিলিত হইয়া আ হয়। যথা
মুর অরিঃ মুরারিঃ। সা আগতা সাগতা॥

অ। এ ওর পর হইলে লোপ হয়। যথা
হরে অব হরেব। বিষ্ণো অব বিষ্ণোব॥

ই। ঈ। ই ঈ পরে মিলিত হইয়া ঈ হয়। যথা
হরি ইষ্টঃ হরীষ্টঃ। লক্ষ্মী ঈশঃ লক্ষ্মীশঃ॥

ই। ঈ। অ আর পর হইলে মিলিত হইয়া
এ হয়। যথা নগ ইন্দ্রঃ নগেন্দ্রঃ।
হৃষীক ঈশঃ হৃষীকেশঃ॥

ই। ঈ। স্বর বর্ণ পরে য হয়। যথা ত্রি অম্বকঃ
ত্র্যম্বকঃ। গৌরী অর্চা গৌর্য্যর্চা॥

উ। ঊ। উ ঊ পরে মিলিত হইয়া ঊ হয়। যথা
বিষ্ণু উৎসবঃ বিষ্ণূৎসবঃ। বধূ ঊরুঃ বধূরুঃ

উ। ঊ। অ আর পর হইলে মিলিত হইয়া ও হয়। যথা দাম উদরঃ দামোদরঃ। গঙ্গা ঊনং গঙ্গোনং॥

উ। ঊ। স্বর বর্ণ পরে ব হয়। যথা বিষ্ণু ঈশৌ বিষ্ণ্বীশৌ। বধূ অর্থঃ বধ্বর্থঃ॥

ঋ। ৠ। ঋ ৠ পরে মিলিত হইয়া ৠ হয়। যথা ধাতৃ ঋদ্ধিঃ ধাতৄদ্ধিঃ॥

ঋ। ৠ। অ আর পর হইলে মিলিত হইয়া অর্ হয়। যথা মাধব ঋদ্ধিঃ মাধবর্দ্ধিঃ॥

ঋ। ৠ। স্বর বর্ণ পরে র হয়। যথা ধাতৃ অচ্যুতৌ ধাত্রচ্যুতৌ॥

ঌ। ৡ। ঌ ৡ পরে মিলিত হইয়া ৡ হয়। যথা শকৢ ঌদন্তঃ শকৣদন্তঃ॥

ঌ। ৡ। অ আর পর হইলে মিলিত হইয়া অল হয়। যথা শিব ঌকারঃ শিবল্কারঃ॥

ঌ। ৡ। স্বর বর্ণ পরে ল হয়। যথা ঌ আকৃতিঃ লাকৃতিঃ॥

এ। ঐ। অ আর পর হইলে মিলিত হইয়া ঐ হয়

। যথা কৃষ্ণ একত্ব্ং কৃষ্ণৈকত্বং। রাম ঐক্যং রামৈক্যং॥

এ। স্বর বর্ণ পরে অয় হয়। যথা হরে এ হরয়ে। দুর্গে এহি দুর্গযেহি॥

ঐ। স্বর বর্ণ পরে আয় হয়। যথা নৈ অকঃ নায়কঃ। শ্রিয়ৈ এতি শ্রিযাযেতি॥

ও। ঔ। অ আর পর হইলে মিলিত হইয়া ঔ হয়। যথা মুকুন্দ ওকঃ মুকন্দৌকঃ। ভব ঔষধং ভবৌষধং॥

ও। স্বর বর্ণ পরে অব হয়। যথা শম্ভো ইদং শম্ভবিদং॥

ঔ। স্বর বর্ণ পরে আব হয়। যথা পৌ অকঃ পাবকঃ। হরৌ অর্চা হরাবর্চা॥

Mutation of the Anooswar.

অথ অনুস্বার সন্ধিঃ

ং। অনুস্বার পদের মধ্যে থাকিলে তাহার স্থানে ক খ গ ঘ ঙ পরেতে ঙ হয়। যথা

অং কিতঃ অঙ্কিতঃ। পদের অন্তে থাকিলে বিকল্পে হয়। যথা শং করঃ শঙ্করঃ॥

•। অনুস্বার পদের মধ্যে থাকিলে চ ছ জ ঝ ঞ পরেতে ঞ হয়। যথা বং চিতঃ বঞ্চিতঃ। পদের অন্তে থাকিলে বিকল্পে হয়। যথা সং চিতঃ সঞ্চিতঃ॥

•। অনুস্বার পদের মধ্যে হইলে ট ঠ ড ঢ ণ পরেতে ণ হয়। যথা বং টনং বণ্টনং। পদের অন্তে হইলে বিকল্পে হয়। যথা সং টীকা সণ্টীকা॥

•। অনুস্বার পদ মধ্য গত হইলে ত থ দ ধ ন পরেতে ন হয়। যথা শাং তঃ শান্তঃ। পদান্তে হইলে বিকল্পে হয়। যথা সং তানঃ সন্তানঃ॥

•। অনুস্বার পদের মধ্যে থাকিলে প ফ ব ভ ম পরেতে ম হয়। যথা কং পঃ কম্পঃ। পদের অন্তে হইলে বিকল্পে হয়। যথা সং বন্ধঃ সম্বন্ধঃ॥

Mutation of the Visarga.

অথ বিসর্গ সন্ধিঃ

ঃ। বিসর্গ স্থানে চ ছ ট ঠ ত থ পরে স হয়। যথা বিষ্ণুঃ ত্রাতা বিষ্ণুস্ত্রাতা। যদি চ ছ ট ঠ ত থর পরে শ ষ স থাকে তবে বিসর্গ স্থানে স হয় না। যথা কঃ ত্সরুঃ॥

ঃ। বিসর্গ স্থানে সমাসে ক খ প ফ পরে বিকল্পে স হয় যথা ভাঃ করঃ ভাস্করঃ। ভাঃ পতিঃ ভাস্পতিঃ। যদি ক খ প ফর পরে শ ষ স থাকে তবে বিসর্গ স্থানে স হয় না। যথা অযঃক্ষামঃ। পয়ঃপ্সাতং॥

ঃ। বিসর্গ স্থানে শ ষ স পরে ক্রমেতে শ ষ স হয়। যথা হরিঃ শেতে হরিশ্শেতে। সন্তঃ ষট্ সন্তষ্ষট্। শিবঃ সেব্যঃ শিবস্সেব্যঃ॥

ঃ। বিসর্গ অকারের পর হইলে তাহার স্থানে অ এবং গ ঘ ঙ জ ঝ ঞ ড ঢ ণ দ ধ ন ব ভ ম য র ল ব হ পরে উ হয়। যথা শিবঃ অর্চ্যঃ শিবোর্চ্যঃ। রামঃ বন্দ্যঃ রামোবন্দ্যঃ॥

ঃ। বিসর্গ অ আ এবং ভো ভগো অঘো ইহার পর হইলে স্বর বর্ণ এবং গ ঘ ঙ জ ঝ ঞ ড ঢ ণ দ ধ ন ব ভ ম য র ল ব হ পরেতে তাহার লোপ হয়। যথা রুদ্রাঃ নমস্যাঃ রুদ্রানমস্যাঃ। ভোঃ হরে ভোহরে॥

ঃ। বিসর্গ অ আ ভো ভগো অঘো ইহার পর হইলে তাহার স্থানে স্বর বর্ণ পরে বিকল্পে য় হয়। যথা শিবঃ উগ্রঃ শিবযুগ্রঃ শিবউগ্রঃ। ভোঃ অচ্যুতঃ ভোয়চ্যুতঃ ভোঅচ্যুতঃ॥

ঃ। বিসর্গ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ ৡ এ ঐ ও ঔ ইহার পর হইলে স্বর বর্ণ এবং গ ঘ ঙ জ ঝ ঞ ড ঢ ণ দ ধ ন ব ভ ম য র ল ব হ পরেতে র হয়। যথা হরিঃ অয়ং হরিরয়ং। চতুঃ ভুজঃ চতুর্ভুজঃ॥

ঃ। র স্থানে জাত বিসর্গ অ আর পর হইলে স্বর বর্ণ এবং গ ঘ ঙ জ ঝ ঞ ড ঢ ণ দ ধ ন ব ভ ম য র ল ব হ পরেতে র হয়। যথা ভ্রাতঃ অব ভ্রাতরব। ধাতঃ গচ্ছ ধাতর্গচ্ছ॥

ঃ। বিসর্গ যদি গীর্ ধুর্ অহন্ শব্দের র স্থানে জন্মে তবে পতি শব্দ পরেতে বিকল্পে র হয়। যথা গীঃ পতি গীর্পতিঃ গীষ্পতিঃ॥

ঃ। বিসর্গ যদি অহন্ শব্দের হয় তবে র এবং ক এবং বিভক্তি পরেতে র হয় না। যথা অহঃ রাত্রঃ অহোরাত্রঃ। অহঃ করঃ অহস্করঃ অহঃ ভিঃ অহোভিঃ॥

ঃ। বিসর্গ যদি স এবং এষ ইহার পর হয় তবে হল্ বর্ণ পরেতে তাহার লোপ হয়। যথা সঃ বিষ্ণুঃ সবিষ্ণুঃ। এষঃ কৃষ্ণঃ এষকৃষ্ণঃ॥

Mutation of Consonants.

অথ হল্ সন্ধিঃ

ক। পদের অন্তে হইলে তাহার স্থানে স্বর বর্ণ এবং গ ঘ ঙ জ ঝ ঞ ড ঢ় ণ দ ধ ন ব ভ ম য র ল হ পরে গ হয়। যথা বাক্ ঈশঃ বাগীশঃ। বাক্ গতা বাগ্গতা॥

ক। পদের অন্তে হইলে তাহার স্থানে ঙ ঞ ণ ন ম পরে বিকল্পে ঙ হয়। যথা বাক্ মাত্রং বাঙ্মাত্রং বাগ্মাত্রং। ময় শব্দ পরে ক স্থানে নিত্য ঙ হয়। যথা বাক্ ময়ং বাঙ্ময়ং॥

ক। পদের মধ্যে হইলে তাহার স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে গ হয়। যদি ককারের উত্তর কোন বর্ণ না থাকে তবে বিকল্পে গ হয়। যথা বাক্ বাগ্॥

খ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স পরে ক হয়।

খ। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে গ হয়।

গ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স পরে ক হয়।

ঘ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স পরে ক হয়। যথা মুঘ্ সু মুক্ষু। বিরাম পরে ঘ স্থানে ক গ দুই হয়। যথা মুক্ মুগ্॥

ঘ। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে গ হয়। যথা মুঘ্ ভ্যাং মুগ্ভ্যাং॥

ঙ। পদের অন্তে থাকিলে তাহার উত্তর বিকল্পে ক হয় শ ষ স পরে। যথা প্রাঙ্ ষষ্ঠঃ প্রাঙ্ক্ষষ্ঠঃ ॥

ঙ। অ ই উ ঋ ৯ ইহার পর হইলে স্বর বর্ণ পরে তাহার দ্বিত্ব হয়। যথা প্রত্যঙ্ আত্মা প্রত্যঙ্ঙাত্মা॥

চ। পদের অন্তে থাকিলে স্বর বর্ণ এবং গ ঘ ঙ জ ঝ ঞ ড ঢ ণ দ ধ ন ব ভ ম য র ল ব হ পরে তাহার স্থানে জ হয়। যথা অচ্ আদিঃ অজাদিঃ ॥

চ। পদের মধ্যে থাকিলে তাহার স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে জ হয়।

ছ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স পরে চ হয়। যথা অছ্ ছা অচ্ছা॥

ছ। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে জ হয়।

ছ। স্বর বর্ণের পর থাকিলে তাহার দ্বিত্ব হয়। যথা শিব ছায়া শিবচ্ছায়া॥

ঞ। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে চ হয়।

ঝ। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে জ হয়।

ঝ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স পরে চ হয়।

ঞ। যদি পদের অন্তে থাকে এবং হ্রস্ব বর্ণের পর হয় তবে স্বর বর্ণ পরে তাহার দ্বিত্ব হয়। যথা নঞ অকারঃ নঞ্ঞকারঃ॥

ট। পদের অন্তে থাকিলে স্বর বর্ণ এবং গ ঘ ঙ জ ঝ ঞ ড ঢ ণ দ ধ ন ব ভ ম য র ল ব হ পরে তাহার স্থানে ড হয়। যথা দেবরাট্ অয়ং দেবরাডয়ং॥

ট। পদের অন্তে থাকিলে ঙ ঞ ণ ন ম পরে তাহার স্থানে বিকল্পে ণ হয়। যথা ষট্ মুনয়ঃ ষণ্মুনয়ঃ ষড্মুনয়ঃ॥

ট। পদের মধ্যে থাকিলে তাহার স্থানে গ ঘ জ ঝ

ড ঢ দ ধ ব ভ পরে ড হয়। বিরাম পরে

বিকল্পে হয়। যথা। মুট্ মুড্॥

ঠ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স

পরে ট হয়।

ড। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে ড হয়।

ড। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স

পরে ট হয়। বিরাম পরে বিকল্পে হয়। যথা

। রাট্ রাড্॥

ঢ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স

পরে ট হয়। যথা। লিঢ্ সু লিট্সু॥

ঢ। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে

ড হয়। যথা। লিঢ্ ভ্যাং লিড্ভ্যাং॥

ঢ। ঢ পরে লোপ হয় এবং ঋ ব্যতিরেকে তাহার

পূর্ব্বের হ্রস্বের দীর্ঘ হয়। যথা রুঢ ঢঃ

রূঢঃ। তৃঢ ঢঃ তৃঢঃ॥

ণ। পদের অন্তে হইলে তাহার উত্তর স ষ পরে

বিকল্পে ট হয়। যথা। সুগণ্ ষষ্ঠঃ সুগণ্টষষ্ঠঃ॥

ঙ। যদি পদের অন্তে থাকে এবং হ্রস্ব বর্ণের পর হয় তবে স্বর বর্ণ পরে তাহার দ্বিত্ব হয়। যথা সুগণ্ ঈশঃ সুগণ্ণীশঃ॥

ত। স্থানে চ ছ জ ঝ ঞ শ পরে চ হয় এবং তালব্য শ ব্যতিরেকে ঐ সকল বর্ণের পর ত থাকিলেও চ হয়। যথা সৎ চিৎ সচ্চিৎ॥

ত। স্থানে ট ঠ ড ঢ ণ পরে ট হয় এবং মূর্দ্ধন্য ষ আর ঐ সকল বর্ণের পর ত হইলেও ট হয়। যথা তৎটীকা তট্টীকা॥

ত। স্থানে ল পরে ল হয়। যথা তৎ লয়ঃ তল্লয়ঃ॥

ত। পদের অন্তে থাকিলে তাহার স্থানে ঙ ঞ ণ ন ম পরেতে বিকল্পে ন হয়। যথা এতৎ মুকুন্দঃ এতম্মুকুন্দঃ এতন্মুকুন্দঃ॥

ত। পদের অন্তে থাকিলে স্বর বর্ণ আর গ ঘ ঙ জ ঝ ঞ ড ঢ ণ দ ধ ন ব ভ ম য র ল ব হ পরে দ হয়। যথা তৎ অত্র তদত্র তৎ ধনং তদ্ধনং॥

ত। পদের মধ্যে থাকিলে তাহার স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে দ হয়।

থ। স্থানে চ ছ জ ঝ ঞ শ পরে ছ হয়। আর তালব্য শ ব্যতিরেকে এই সকল বর্ণের পর থ হইলেও ছ হয়।

থ। স্থানে ট ঠ ড ঢ ণ পরে ঠ হয়। মূর্দ্ধন্য ষকার এবং এই সকল বর্ণের পর থ হইলেও ঠ হয়।

থ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স পরে ত হয়।

থ। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে দ হয়।

থ। স্থানে ল পরে ল হয়।

দ। স্থানে চ ছ জ ঝ ঞ শ পরে জ হয় এবং তালব্য শ ব্যতিরেকে এই সকল বর্ণের পর দ হইলেও জ হয়। যথা ভূদ্ জতি ভূজ্জতি।।

দ। স্থানে ট ঠ ড ঢ ণ পরে ড হয়। মূর্দ্ধন্য ষ এবং এই সকল বর্ণের পর দ হইলেও ড হয়। যথা আদ্ ডিডং আড্ডিডং।।

দ। স্থানে কখ চছ টঠ তথ পফ শষস
পরে ত হয়। যথা অদ্ তি অত্তি॥

দ। স্থানে ল পরে ল হয়।

ধ। স্থানে চ ছ জ ঝ ঞ শ পরে ঝ হয়। আর
তালব্য শ ব্যতিরেকে এই সকল বর্ণের পর
ধ হইলেও ঝ হয়।

ধ। স্থানে ট ঠ ড ঢ ণ পরে ঢ হয়। মূর্দ্ধন্য ষ আর
এই সকল বর্ণের পর ধ হইলেও ঢ হয়।

ধ। স্থানে ল পরে ল হয়।

ধ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স
পরেতে ত হয়।

ধ। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরেতে
দ হয়। যথা কধ্ ধঃ কদ্ধঃ॥

ন। চ ছ জ ঝ ঞ শ পরে ঞ হয়। আর শ ব্যতিরিক্ত
এই সকল বর্ণের পর ন হইলেও ঞ হয়।
যথা সন্ শম্ভুঃ সঞ্শম্ভুঃ। শার্ঙ্গিন্ জয়ঃ
শার্ঙ্গিঞ্জয়ঃ॥

ন। স্থানে ল পরেতে ল হয় এবং সেই লর উপর চন্দ্রবিন্দু থাকে। যথা বিদ্বান্ লিখতি বিদ্বাল্লিঁখতি॥

ন। স্থানে ট ঠ ড ঢ ণ পরেতে ণ হয়। মূর্দ্ধন্য ষ আর এই সকল বর্ণের পর ন হইলেও ণ হয়। যথা চক্রিন্ ঢৌকসে চক্রিণ্ঢৌকসে॥

ম। যদি পদের মধ্যে থাকে তবে তাহার স্থানে ক খ গ ঘ চ ছ জ ঝ ট ঠ ড ঢ ত থ দ ধ প ফ ব ভ শ ষ স হ পরেতে অনুস্বার হয়। যথা বৃন্ হিতং বৃংহিতং॥

ন। যদি পদের অন্তে থাকে তবে শ পরেতে সেই নকারের উত্তর বিকল্পে চ হয়। যথা সন্ শম্ভুঃ সঞ্চশম্ভুঃ সঞ্শম্ভুঃ॥

ন। যদি পদের অন্তে থাকে এবং হ্রস্ব বর্ণের পর হয় তবে স্বর বর্ণ পরেতে তাহার দ্বিত্ব হয়। যথা সন্ অচ্যুতঃ সন্নচ্যুতঃ॥

প। যদি পদের অন্তে থাকে তবে তাহার স্থানে স্বর বর্ণ এবং গ ঘ ঙ জ ঝ ঞ ড ঢ ণ

দ ধ ন ব ভ ম য র ল ব হ পরেতে ব্ব হয়। যথা অপ্ বাহকঃ অব্বাহকঃ॥

প। পদের অন্তে হইলে তাহার স্থানে ঙ ঞ ণ ন ম পরেতে বিকল্পে ম হয়। যথা অপ্ মাত্রং অম্মাত্রং অব্ মাত্রং। ময় শব্দ পরে নিত্য হয়। যথা অপ্ ময়ং অম্ময়ং॥

প। পদের মধ্যে হইলে তাহার স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরেতে ব হয়।

ফ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স পরে প হয়।

ফ। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে ব হয়।

ব। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স পরেতে প হয়। যথা দিব্ শোভা দিপ্শোভা॥

ব। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরেতে ব হয়।

ভ। স্থানে ক খ চ ছ ট ঠ ত থ প ফ শ ষ স পরেতে প হয়। যথা লিভ্ সা লিপ্সা॥

ভ। স্থানে গ ঘ জ ঝ ড ঢ দ ধ ব ভ পরে ব হয়।

যথা আরভ্ ধঃ আরব্ধঃ ॥

ম। যদি পদের অন্তে থাকে তবে তাহার স্থানে ব্যঞ্জন পরেতে অনুস্বার হয়। যথা শিবম্‌স্তৌতি শিবংস্তৌতি॥

ম। যদি পদের মধ্যে থাকে তবে তাহার স্থানে ক খ গ ঘ চ ছ জ ঝ ট ঠ ড ঢ ত থ দ ধ প ফ ব ভ শ ষ স হ পরেতে অনুস্বার হয়। যথা রম্ স্যতে রংস্যতে॥

ম। যদি পদের অন্তে থাকে এবং হ্রস্ব বর্ণের পর হয় তবে স্বর বর্ণ পরে তাহার দ্বিত্ব হয়।

র। ব্যঞ্জন এবং বিরাম পরেতে বিসর্গ হয়। যথা গীর্ শোভা গীঃশোভা। গীর্ গীঃ॥

র। র পরে লুপ্ত হয় এবং ঋ ব্যতিরেকে তাহার পূর্ব্বের হ্রস্বের দীর্ঘ হয়। যথা হরির্ রম্যঃ হরীরম্যঃ॥

ল। স্থানে বিকল্পে ড এবং র হয়। যথা জলং জড়ং। বালঃ বারঃ॥

শ। যদি পদের অন্তে স্থিত ক চ ট ত প

ইহার পর হয় তবে স্বর বর্ণ এবং ঙ ঞ ণ ন ম য র ল ব হ পরেতে ছ হয়। যথা তৎ শিবঃ তচ্ছিবঃ। বাক্ শূরঃ বাক্ছূরঃ॥

স। চ ছ জ ঝ ঞ শ পরেতে শ হয়। আর তালব্য শ ব্যতিরেকে এই সকল বর্ণের পর দন্ত্য স হইলেও তালব্য শ হয়। যথা পুমস্-চকোরঃ পুংশ্চকোরঃ॥

স। স্থানে ট ঠ ড ঢ ণ পরেতে ষ হয় এবং মূর্দ্ধন্য ষ আর এই সকল বর্ণের পর স হইলেও ষ হয়। যথা হরিস্ টীকতে হরিষ্টীকতে॥

হ। যদি পদের অন্তে স্থিত ককারের পর হয় তবে তাহার স্থানে স্বর বর্ণ আর ঙ ঞ ণ ন ম য র ল ব হ পরেতে বিকল্পে ঘ হয়। যথা বাক্ হরিঃ বাগ্ঘরিঃ বাগ্হরিঃ॥

হ। পদের অন্তে স্থিত চকারের পর হইলে তাহার স্থানে স্বর বর্ণ আর ঙ ঞ ণ ন ম য র ল ব হ পরেতে ঝ হয়। যথা অচ্ হলৌ অজ্ঝলৌ॥

হ। যদি পদের অন্তে স্থিত টকারের পর হয় তবে তাহার স্থানে স্বর বর্ণ আর ঙ ঞ ণ ন ম য র ল ব হ পরেতে ঢ হয়। যথা ষট্ হস্তিনঃ ষড্ঢস্তিনঃ॥

হ। যদি পদের অন্তে স্থিত তকারের পর হয় তবে তাহার স্থানে স্বর বর্ণ আর ঙ ঞ ণ ন ম য র ল ব হ পরেতে ধ হয়। যথা তৎ হস্তী তদ্ধস্তী॥

হ। যদি পদের অন্তে স্থিত পকারের পর হয় তবে তাহার স্থানে স্বর বর্ণ আর ঙ ঞ ণ ম ম য র ল ব হ পরেতে ভ হয়। যথা অপ্ হীনং অব্ভীনং॥

Rules for using Cerebral nu.

ণত্ব বিধিঃ

ঋ ৠ র ষ এই সকল অক্ষরের পর পদের মধ্যে থাকে যে দন্ত্য ন তাহার স্থানে মূর্দ্ধন্য ণ হয়। স্বর বর্ণ এবং কবর্গ পবর্গ য র ল ব হ

অনুস্বার বিসর্গ এই সকল ব্যবধান থাকিলেও ণত্ব হয়। যথা। কৃ অন করণং। রাম ইন রামেণ ॥

সমাস স্থলে পূর্ব্ব পদের ঋ ৠ র ষকারের উত্তর পরপদের মধ্যে থাকে যে ন সে যদি স্ত্রীলিঙ্গে বিহিত যে ঈপ্ প্রত্যয় তদ্যুক্ত হয় কিম্বা স্যাদি একুইশ বিভক্তির সহিত যুক্ত হয় তবে তাহার ণত্ব হয়। যথা শ্রীকামিণী। রম্যকিণা ॥

সমাসের পর বিহিত ঈপ্ প্রত্যয় কিম্বা স্যাদি বিভক্তির সহিত যে নকার সে যদি পক্ব যুবন্ অহন্ এই তিন শব্দ যুক্ত হয় তবে তাহার ণত্ব হয় না। যথা রম্যপক্কেন। রম্যযূনা। রম্যাহ্না ॥

কবর্গ ভিন্ন অনেক স্বর যুক্ত শব্দের যে ন সে যদি সমাসের পর বিহিত ঈপ্ প্রত্যয়ের সহিত কিম্বা স্যাদি বিভক্তির সহিত যুক্ত হয় তবে তাহার বিকল্পে ণত্ব হয়। যথা হরিভাবিণী হরিভাবিনী। শ্রীভাবেণ শ্রীভাবেন ॥

সমাসে কোন ব্যক্তির নামেতে ঈপ্ কিম্বা স্যাদি বিভক্তি না থাকিলেও ণত্ব হয়। যথা

নারায়ণঃ। সূর্পণখা। ইত্যাদি ॥

অগ্রে কোটরা সিধ্রকা মিশ্রকা পুরগা শর আম্র কার্ষ্য পীযূক্ষা খদির প্র নির্ অন্তর্ ইক্ষু প্লক্ষ তিমিরা ইরিকা বিদারী এই সকল শব্দের পর থাকে যে বন শব্দ তাহার নকারের ণত্ব হয়। যথা অগ্রেবণং কোটরাবণং শরবণং আম্রবণং তিমিরাবণং ইত্যাদি ॥

দুই কিম্বা তিন স্বর যুক্ত যে বৃক্ষের নাম কিম্বা ওষধির নাম ইহার পর থাকে যে বন শব্দ তাহার নকারের বিকল্পে ণত্ব হয়। যথা শিগ্রুবণং শিরীষবণং ব্রীহিবণং হরিদ্রাবণং ॥

প্র নির্ দুর্ পরি ইহার পর থাকে যে নস্ শব্দ তাহার নকারের ণত্ব হয়। যথা প্রণসং নির্ণসং ইত্যাদি ॥

স্বাভাবিক ণত্ব ১৮৬ পত্রে ণকার ভেদে দেখিবা ॥

Rules relative to the mutation of স into ষ.

ষত্ব বিধিঃ

ই ঈ উ ঊ ঋ ৠ ৯ ৡ এ ঐ ও ঔ ক খ গ ঘ ঙ য র ল ব হ ইহার অন্যতম অক্ষরের পর চসাৎ প্রত্যয়ের স বর্জ্জিয়া কৃত দন্ত্য সকার* যদি পদের মধ্যে থাকে তবে তাহার স্থানে অনুস্বার বিসর্গ ব্যবধান থাকিলেও মূর্দ্ধন্য ষ হয়। যথা রামেষু চরণেষু ॥

সমাস স্থলে জ্যোতিস্ আয়ুস্ অগ্নি শব্দের পর যদি স্তোম শব্দ থাকে তবে তাহার সকারের ষত্ব হয়। যথা জ্যোতিষ্টোমঃ আয়ুষ্টোমঃ অগ্নিষ্টোমঃ ॥

গবি এবং যুধি শব্দের পর যে স্থির শব্দ তাহার সকারের ষত্ব হয়। যথা গবিষ্ঠিরঃ যুধিষ্ঠিরঃ ॥

---

* স্যাদি ও ত্যাদি বিভক্তির ও তদ্ধিত ও কৃদন্ত প্রত্যয়ের যে স তাহার নাম কৃত সকার ॥

মাতৃ পিতৃ শব্দের পর স্বসৃ শব্দের সকারের ষত্ব হয়। যথা মাতৃষ্বসা পিতৃষ্বস্রা॥

মাতুঃ পিতুঃ ইহার পর স্বসৃ শব্দের সকারের বিকল্পে ষত্ব হয়। যথা মাতুঃষ্বসা মাতুঃস্বসা পিতুঃষ্বসা পিতুঃস্বসা॥

স্বাভাবিক ষত্ব ১৯০ পত্রে ষকার ভেদে দেখিবা॥

OF WORDS.

শব্দ প্রকরণং

শব্দ চারি প্রকার যথা পুংলিঙ্গ স্ত্রীলিঙ্গ ক্লীবলিঙ্গ অব্যয়। অকারান্ত ও হ্রস্ব ইকারান্ত শব্দ প্রায় পুং ও ক্লীব লিঙ্গ। আকারান্ত ও দীর্ঘ ঈকারান্ত শব্দ প্রায় স্ত্রীলিঙ্গ। অব্যয় শব্দের উত্তর কোন বিভক্তি থাকে না লোপ হয় অতএব সকল বিভক্তিতে সমান পদ হয়। ভাষা শব্দও তদ্রূপ॥

দেব পর্য্যায়ক শব্দ এবং তদনুচর ও অসুর স্বর্গ যাগ পর্ব্বত মেঘ সমুদ্র বৃক্ষ কাল খড়্গ শর শত্রু হস্ত গণ্ড ওষ্ঠ বাহু দন্ত কণ্ঠ কেশ নখ স্তন

পর্য্যায় শব্দ এবং অল্লান্ত অহান্ত বিষভেদ এবং সংখ্যা পূর্ব্বে নাথাকে এমন রাত্রান্ত শব্দ এবং প্রায় নির্যাস বাচক শব্দ ও প্রায় অসন্ত অনন্ত শব্দ আর প্রায় তুকারান্ত রুকারান্ত শব্দ পুংলিঙ্গ হয় ॥

একস্বর যুক্ত দীর্ঘ ঈকারান্ত দীর্ঘ ঊকারান্ত শব্দ এবং গর্ব্ভ সম্ভবে এমন যে প্রাণির নাম আর বিদ্যুৎ রাত্রি লতা বীণা দিক্ পৃথিবী নদী লজ্জা এবং পাত্র যুগাদি শব্দ ভিন্ন অদন্ত শব্দের সহিত হয় যে সমাহার দ্বিগু সমাস এমন শব্দ এবং তদ্ধিতের ত প্রত্যয়ান্ত শব্দ ও সমূহার্থে হয় যে ষ্য ইন কড্য ত্র প্রত্যয়ান্ত শব্দ এবং কৃদন্তের ক্তিপ্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয় ॥

আকাশ অরণ্য পত্র ছিদ্র হিম জল শীত উষ্ণ মাংস রুধির মুখ চক্ষু ধন বল হল হেম তাম্র লোহ সুখ দুঃখ শুভ অশুভ জলজপুষ্পমাত্র লবণ ব্যঞ্জন অনুলেপন এবং কোটি শব্দ ভিন্ন শতাদি সংখ্যা বাচক শব্দ এবং অনট্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ হয় ॥

ঐ সকল শব্দ তিন প্রকার হয়। রূঢ়িঃ যথা বৃক্ষঃ মণ্ডপঃ। যোগরূঢ়িঃ যথা পঙ্কজং সরোজং। যৌগিকঃ যথা প্রলয়ঃ ঈশ্বরঃ। ইত্যাদি॥ ইহা বিশেষ্য বিশেষণ ভেদে দুই প্রকার হয়। যাহাকে বিশেষ করা যায় তাহার নাম বিশেষ্য এবং ধর্ম্মী। যাহার দ্বারা বিশেষ করা যায় তাহার নাম বিশেষণ এবং ধর্ম্ম। বিশেষণ শব্দের পর বিশেষ্য শব্দ সর্ব্বদা থাকে ক্বচিৎ পূর্ব্বেও থাকে। উদাহরণ। নীলোঘটঃ উত্তমানারী শীতলংজলং প্রশস্তংদিবা ইত্যাদি॥

সকল শব্দের উত্তর সি আদি একুইশ বিভক্তি হইয়া তাহার দিগের পদ সংজ্ঞা হয়। ঐ স্যাদি বিভক্তির একবচন দ্বিবচন বহুবচন এই তিন ২ করিয়া ক্রমেতে প্রথমা দ্বিতীয়া তৃতীয়া চতুর্থী পঞ্চমী ষষ্ঠী সপ্তমী নাম হয়। তাহাতে লিঙ্গার্থে ও সম্বোধনে ও কর্ত্রাদির উক্তার্থে প্রথমা হয়। কর্ম্মে ও শব্দ বিশেষ যোগে দ্বিতীয়া হয়। করণে ও কর্ত্তাতে ও হেতুতে ও

শব্দ বিশেষ যোগে তৃতীয়া হয়। সম্প্রদানে ও তাদর্থ্যে ও ধাত্বর্থ বিশেষ যোগে চতুর্থী হয়। অপাদানে ও হেত্বতে ও শব্দ বিশেষ যোগে পঞ্চমী হয়। সম্বন্ধে ও নির্দ্ধারণে ও কৃৎপ্রত্যয় বিশেষ যোগে ষষ্ঠী হয়। অধিকরণে ও ভাবে ও নির্দ্ধারণে ও নিমিত্তে সপ্তমী হয়। ইহার উদাহরণ এই ॥

বিভক্তিঃ	পুং	স্ত্রী	ক্লী
১। সি	নরঃ	আশা	জ্ঞানং
১॥ ঔ	নরৌ	আশে	জ্ঞানে
১৮ জস্	নরাঃ	আশাঃ	জ্ঞানানি
২। অম্	নরং	আশাং	জ্ঞানং
২॥ ঔ	নরৌ	আশে	জ্ঞানে
২৮ শস্	নরান্	আশাঃ	জ্ঞানানি
৩। টা	নরেণ	আশয়া	জ্ঞানেন
৩॥ ভ্যাম্	নরাভ্যাং	আশাভ্যাং	জ্ঞানাভ্যাং
৩৮ ভিস্	নরৈঃ	আশাভিঃ	জ্ঞানৈঃ

৪।	ঙে	নরায়	আশায়ৈ	জ্ঞানায়
৪॥	ভ্যাম্	নরাভ্যাং	আশাভ্যাং	জ্ঞানাভ্যাং
৪দ	ভ্যস্	নরেভ্যঃ	আশাভ্যঃ	জ্ঞানেভ্যঃ
৫।	ঙসি	নরাৎ	আশায়াঃ	জ্ঞানাৎ
৫॥	ভ্যাম্	নরাভ্যাং	আশাভ্যাং	জ্ঞানাভ্যাং
৫দ	ভ্যস্	নরেভ্যঃ	আশাভ্যঃ	জ্ঞানেভ্যঃ
৬।	ঙস্	নরস্য	আশায়াঃ	জ্ঞানস্য
৬॥	ওস্	নরয়োঃ	আশয়োঃ	জ্ঞানয়োঃ
৬দ	আম্	নরাণাং	আশানাং	জ্ঞানানাং
৭।	ঙি	নরে	আশায়াং	জ্ঞানে
৭॥	ওস্	নরয়োঃ	আশয়োঃ	জ্ঞানয়োঃ
৭দ	সুপ্	নরেষু	আশাসু	জ্ঞানেষু
সম্বোধনং		হে নর	হে আশে	হে জ্ঞান

একাদি সপ্ত পর্য্যন্ত অঙ্কেতে প্রথমাদি সপ্তমী বিভক্তি এবং এক দ্বি ত্রি রেখাতে এক দ্বি বহু বচন জানিবা॥

কতি যতি ততি শব্দ এবং ষান্ত ও নান্ত এমন সংখ্যা বাচক শব্দ এবং যুষ্মদ অস্মদ শব্দ ইহারদের তিন লিঙ্গে সমান রূপ হয়।

THE SIX CASES.

অথ ষট্ কারক

কর্ত্তৃ কারক

যিনি করেন তিনি কর্ত্তা তাহাতে সংস্কৃত প্রথমা এবং তৃতীয়া বিভক্তি হয়। যথা দেবদত্তো ঘটং করোতি দেবদত্ত ঘট করিতেছেন। দেবদত্তেন ঘটঃ ক্রিয়তে। দেবদত্ত কর্ত্তৃক ঘট ক্রিয়মাণ হইতেছে। এখানে দেবদত্ত কর্ত্তা।

কর্ম্ম কারক

যাহাকে করি সেই কর্ম্ম ইহাতে সংস্কৃতে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা। দেবদত্তঃ কটং করোতি। দেবদত্ত কট করিতেছেন। এখানে কট কর্ম্ম।

করণ কারক॰

যাহার দ্বারা কর্ম্ম হয় সে করণ ইহাতে সংস্কৃতে তৃতীয়া বিভক্তি হয়। যথা যজ্ঞদত্তো দাত্রেণ ধান্যং লুনাতি। যজ্ঞদত্ত দাত্র করণক ধান্য ছেদন করিতেছেন। এখানে দা করণ॥

সম্প্রদান কারক॰

যাহাকে দ্রব্যাদি দেয়া যায় সে সম্প্রদান ইহাতে সংস্কৃতে চতুর্থী বিভক্তি হয়। যথা ত্বং ব্রাহ্মণায় ধনং দদাসি। তুমি ব্রাহ্মণকে ধন দিতেছ। এখানে ব্রাহ্মণ সম্প্রদান॥

অপাদান কারক॰

যে স্থান হইতে বিচ্ছেদ হয় সে অপাদান ইহাতে সংস্কৃতে পঞ্চমী বিভক্তি হয়। যথা বৃক্ষাৎ পর্ণং পততি। বৃক্ষ হইতে পত্র পড়িতেছে। এখানে বৃক্ষ অপাদান॥

অধিকরণ কারক॰

যাহাতে দ্রব্যাদি থাকে সে অধিকরণ ইহাতে সংস্কৃতে সপ্তমী বিভক্তি হয়। যথা বনে

সিংহ আস্তে। বনে সিংহ আছে। এখানে বন অধিকরণ॥

OF THE THREE TENSES.

অথ কালত্রয় নিরূপণং

বর্ত্তমান কালঃ

আরব্ধ ক্রিয়ার অসমাপ্তি কাল বর্ত্তমান। যথা স মহাভারতং পঠতি। তিনি মহাভারত পাঠ করিতেছেন॥

ঐ বর্ত্তমান কাল চারি প্রকার। তত্রাদৌ প্রবৃত্তোপরতঃ ইহার অর্থ কর্ম্মে প্রবৃত্ত হইয়া নিবৃত্ত হওয়া। যথা স মাংসং ন খাদতি। তিনি মাংস খাইতেছেন না। দ্বিতীয় বৃত্তাবিরতঃ ইহার অর্থ অতীত কর্ম্মের বর্ত্তমান জ্ঞান। যথা ইহ কুমারাঃ ক্রীড়ন্তি। এই স্থানে বালকেরা খেলা করে। তৃতীয় নিত্যপ্রবৃত্তঃ ইহার অর্থ যে স্থানে যিনি সর্ব্বদা থাকেন। যথা পর্ব্বতা

তিষ্ঠন্তি। পর্ব্বতেরা আছেন। চতুর্থ সামীপ্যঃ ইহা দুই প্রকার ভূতসামীপ্যঃ ১ যথা কদা আগতোসি ইতি প্রশ্নে এষোহমাগচ্ছামীতি আগতোপি বদতি। কখন আসিয়াছ এই জিজ্ঞাসাতে আগত ব্যক্তি কহিতেছে এই আসিতেছি। ভবিষ্যৎ সামীপ্যঃ ২ যথা ত্বং কদা গমিষ্যসি ইতি প্রশ্নে এষোহং গচ্ছামীতি গমনে ক্রিয়মাণোদ্যমোপি বদতি। তুমি কবে যাইবা এই জিজ্ঞাসাতে গমন না করিয়াও কহিতেছে যে এই আমি যাইতেছি॥

অতীত কালঃ॥

ক্রিয়া সমাপন হইয়াছে যে কালে সেই কাল অতীত এবং ভূত। সে তিন প্রকার। অদ্যতনঃ ১ ইহার অর্থ আজি ক্রিয়া হইয়াছে এমত কাল। যথা ত্বং অদ্যাভূঃ। তুমি আজি হইয়াছ। হ্যস্তনঃ ২ কালি ক্রিয়া হইয়াছে এমত কাল। যথা স হ্যঃ অবলোকন মকরোৎ। সে কালি অবলোকন করিয়াছে। পরোক্ষঃ ৩ বহু দিন ক্রিয়া হইয়াছে এমত কাল। যথা ভবান্ ধনং

মুমোচ। তুমি ধন ত্যাগ করিয়াছিলা॥

ভবিষ্যৎ কালঃ

ক্রিয়া হইবে যে কালে এমত কাল ভবিষ্যৎ। সে তিন প্রকার। অদ্যতনভবিষ্যৎ ১ যথা অদ্য ভূয়াৎ। আজি হইবে। অনদ্যতনভবিষ্যৎ ২ যথা শ্বোভবিতা। কালি হইবে। দূরভবিষ্যৎ ৩ যথা বর্ষান্তরে ভবিষ্যতি। অন্য বৎসর হইবে॥

OF COMPOUND WORDS.

অথ সমাসাঃ

স্যাদি বিভক্তি যুক্ত দ্বিপদের কিম্বা বহুপদের যে একপদ করণ তাহার নাম সমাসঃ। সে ছয় প্রকার তাহারদিগের বিবরণ এই॥

১ দ্বন্দ্ব সমাসঃ

ভিন্নার্থ পদের যে সমাস তাহার নাম দ্বন্দ্বঃ। সে দুই প্রকার। প্রথম ইতরেতরঃ। যথা হরিশ্চ হরশ্চ তৌ। হরি হর দুই। হরিহরৌ। ব্রহ্মাচ অচ্যুতশ্চ ঈশশ্চ তে। ব্রহ্মা অচ্যুত ঈশ এই তিন

। ব্রহ্মাচ্যুতেশাঃ। দ্বিতীয় সমাহারঃ। যথা বাক্‌চ ত্বক্‌চ দ্বয়োঃ সমাহারঃ । বাক্‌ ত্বক্‌ এই দ্বয়ের মেলন । বাকত্বচং ॥ ইতরেতরদ্বন্দ্ব সমাসে পর পদের লিঙ্গ গ্রহণ হয় । যথা ঘটশ্চ ফলঞ্চ ঘটফলে। ফলঞ্চ ঘটশ্চ ফলঘটৌ ॥ সমাহার দ্বন্দ্বে সর্ব্বত্র ক্লীব লিঙ্গ এক বচন হয় ॥

২ বহুব্রীহি সমাসঃ

যে পদের সমাসহয় তাহার অর্থ ত্যাগকরিয়া অন্য পদার্থের বোধ করায় যে সে বহুব্রীহিঃ। যথা পীতমম্বরং যস্য সঃ। পীত বস্ত্র যাঁহার তিনি পীতাম্বরো হরিঃ॥ বহুব্রীহিতে সর্ব্বত্র বাচ্যলিঙ্গ হয় ॥

৩ কর্ম্মধারয় সমাসঃ

বিশেষ্য বিশেষণ ভাব প্রাপ্ত পদের যে সমাস তাহার নাম কর্ম্মধারয়ঃ। যথা পরমশ্চাসৌ আত্মাচেতি। ইনি পরম শ্রেষ্ঠ আত্মা। পরমাত্মা ॥এই সমাস পর পদের লিঙ্গ গ্রহণ করে । যথা নীলোৎপলং রসিকভার্য্যা পুরুষব্যাঘ্রঃ ॥

৪ তৎপুরুষ সমাসঃ

দ্বিতীয়াদি বিভক্ত্যন্তপদ পূর্ব্বে থাকে যে সমাসে তাহার নাম তৎপুরুষঃ। যথা কৃষ্ণমাশ্রিতঃ। কৃষ্ণকে আশ্রয় করিয়াছে যে সে। কৃষ্ণাশ্রিতঃ। হরিণাত্রাতঃ। হরি ত্রাণ করিয়াছেন যাহাকে সে। হরিত্রাতঃ। বিষ্ণবে দত্তং। বিষ্ণুকে দেয়া বস্তু। বিষ্ণুদত্তং। অচ্যুতাজ্জাতং। অচ্যুত হইতে জন্মিয়াছে। অচ্যুতজাতং। কৃষ্ণস্য সখা। কৃষ্ণের সখা। কৃষ্ণসখঃ। পুরুষেষু উত্তমঃ। সকল পুরুষের মধ্যে উত্তম। পুরুষোত্তমঃ॥ এই সমাস পরপদের লিঙ্গ গ্রহণ করে॥

৫ দ্বিগু সমাসঃ

সংখ্যাবাচক শব্দ পূর্ব্বপদে থাকে যে সমাসে তাহার নাম দ্বিগুঃ। সে তিন প্রকার। তদ্ধিতার্থঃ ১ সমাহারঃ ২ উত্তরপদপরঃ ৩। তদ্ধিতার্থ দ্বিগু যথা পঞ্চভি র্গোভিঃ ক্রীতঃ। পাঁচ গরু দ্বারা কেনা দ্রব্য। পঞ্চগুঃ। সমাহারদ্বিগু যথা ত্রয়াণাং সখীনাং সমাহারঃ। তিন সখির মেলন। ত্রিসখং

। উত্তরপদপরদ্বিগু যথা। পঞ্চগাবো ধন মস্য। পাঁচ গরু ধন ইহার। পঞ্চগবধনঃ॥ সংজ্ঞা বুঝিতে দ্বিগুসমাস হয়না কর্ম্মধারয় হয়। যথা সপ্তর্ষয়ঃ পঞ্চাম্রাঃ॥ তদ্ধিতার্থ এবং উত্তরপদপর দ্বিগুসমাসে বাচ্যলিঙ্গ হয়। সমাহারদ্বিগুতে ক্লীব লিঙ্গ ক্বচিৎ স্ত্রীলিঙ্গ হয়॥

৬ অব্যয়ীভাব সমাসঃ

অব্যয় শব্দ পূর্ব্ব পদে থাকে যে সমাসে তাহার নাম অব্যয়ীভাবঃ। ইহাতে ক্লীব লিঙ্গ হয়। কারক সামীপ্য সাদৃশ্য সাকল্য অনুক্রম ঋদ্ধি বীপ্সা পর্য্যন্ত যোগ্যত্ব পশ্চাৎ অনতিক্রম শব্দ-প্রাদুর্ভাব অভাব যৌগপদ্য এই সকল অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যথা কৃষ্ণমধিকৃত্য প্রবৃত্তা কথা। কৃষ্ণকে অধিকার করিয়া কথা হইয়াছে। অধিকৃষ্ণং। কৃষ্ণের সমীপ হইতে গত উপকৃষ্ণাদ্গতঃ। হরির সদৃশ সহরি। তৃণের সহিত সকল খায় সতৃণং। জ্যেষ্ঠের অনুক্রম করিয়া অর্থাৎ হীন

হইয়া যায় অনুজ্যেষ্ঠং। মদ্রের ঋদ্ধি অর্থাৎ ঐশ্বর্য্য সমদ্রং সুমদ্রং। বিষ্ণুর প্রতি বিষ্ণুর প্রতি প্রতিবিষ্ণু। অগ্নিগ্রন্থ পর্য্যন্ত অধ্যয়ন করিয়াছে সাগ্নি। রূপের যোগ্য অনুরূপং। শিবের পশ্চাৎ অনুশিবং। শক্তি অতিক্রম না করিয়া কর্ম্মকরা যথাশক্তি। হরি এই শব্দ লোকে প্রাদুর্ভূত হইয়াছে ইতিহরি। পাপের অভাব অপাপং। চক্রের সহিত যুগপদ্ অর্থাৎ এককালীন গদা ধারণ কর সচক্রং॥

FEMININE TERMINATIONS.

অথ স্ত্রীত্যঃ অর্থাৎ স্ত্রীলিঙ্গ প্রত্যয়ঃ

স্ত্রীলিঙ্গে অকারান্ত শব্দের উত্তর আপ্ প্রত্যয় হইয়া আকারান্ত শব্দ হয়। যথা মেধা সর্ব্বা। আর হসন্ত শব্দের উত্তর বিকল্পে আপ্প্রত্যয় হয়। যথা দিশা দিক্ বাচা বাক্॥

ষকার টকার উকার ঋকার ইৎ শব্দ আর নান্ত

ঋকারান্ত অন্ বাহ নদ প্রভৃতি শব্দ আর জাতি বাচি অকারান্ত শব্দ ইহারদিগের উত্তর ঈপ্ প্রত্যয় হইয়া দীর্ঘ ঈকারান্ত শব্দ হয়। যথা বৈষ্ণবী ভূষণী শ্রীমতী পচন্তী রাজ্ঞী কর্ত্রী তিরশ্চী ভারোহী নদী মৎস্যী ব্রাহ্মণী মৃগী হংসী॥

ক্তি প্রত্যয়ান্ত শব্দ ভিন্ন ইকারান্ত শব্দের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা রাজী রাজিঃ। ক্তি প্রত্যয়ান্ত শব্দো বুদ্ধি মতি প্রভৃতিঃ॥

স্বসৃ মাতৃ যাতৃ দুহিতৃ ননান্দৃ তিসৃ চতসৃ কতি যতি ততি নপ্তৃ অজ এডক অশ্ব বডব চটক কোকিল পরভৃত পরপুষ্ট অন্যপুষ্ট করট বর্ত্তক মূষিক পিপীলিকাদি শব্দের উত্তর ঈপ্ হয় না। যথা স্বসা মাতা ইত্যাদি॥

ব্রহ্ম রুদ্র ভব শর্ব্ব মৃড ইন্দ্র বরুণ এই সকল শব্দের উত্তর পত্নী অর্থে ঈপ্ আর আনড্ প্রত্যয় হইয়া আনী হয়। যথা ব্রহ্মাণী রুদ্রাণী ভবানী শর্ব্বাণী মৃডানী ইন্দ্রাণী বরুণানী॥

মাতুল উপাধ্যায় ক্ষত্রিয় আচার্য্য সূর্য্য অর্য্য এইসকল শব্দের উত্তর পত্নী অর্থে ঈপ আনড এবং ঈপ ও আপ প্রত্যয় হয়। যথা মাতুলানী মাতুলী মাতুলা। উপাধ্যায়ানী উপাধ্যায়ী উপাধ্যায়া। ক্ষত্রিয়াণী ক্ষত্রিয়ী ক্ষত্রিয়া। আচার্য্যানী আচার্য্যী আচার্য্যা। সূর্য্যাণী সূর্য্যী সূর্য্যা। অর্য্যাণী অর্য্যী অর্য্যা॥

বাম শব্দ এবং উপমান বাচক শব্দের পর যে ঊরু শব্দ তাহার উত্তর ঊপ্ প্রত্যয় হইয়া দীর্ঘ ঊকারান্ত শব্দ হয়। যথা বামোরূঃ রম্ভোরূঃ॥

তনু চঞ্চু পঙ্গু কদ্রু কমণ্ডলু এই সকল শব্দের উত্তর বিকল্পে ঊপ্ প্রত্যয় হয়। যথা তনূঃ তনুঃ চঞ্চূঃ চঞ্চুঃ ইত্যাদি॥

TADD'HITA SUFFIXES.

অথ তদ্ধিতঃ

অনেকার্থ বোধক বহু শব্দ নিষ্পাদক প্রযুক্ত প্রত্যয়ের মধ্যে হিত অর্থাৎ শ্রেষ্ঠ একারণ ইহার

নাম তদ্ধিতঃ। সেই সকল প্রত্যয়ের মধ্যে যাহা প্রচরদ্রূপ তাহা লিখিতেছি॥

শব্দের উত্তর অপত্যার্থে ষ্ণি ষ্ণেয় ষ্ণ্য ষ্ণায়ন ণীয় ষ্ণিক ষ্ণ প্রত্যয় হয়। যথা কৃষ্ণের অপত্য কার্ষ্ণিঃ। গঙ্গার অপত্য গাঙ্গেয়ঃ। গর্গের অপত্য গার্গ্যঃ। দক্ষের স্ত্রী অপত্য দাক্ষায়ণী। পিতৃষ্বসার অপত্য পৈতৃষ্বস্রীয়ঃ। রেবতীর অপত্য রৈবতিকঃ। যদুর অপত্য যাদবঃ॥ এই সকল প্রত্যয়ের ষ ইৎ যায় স্ত্রীলিঙ্গে ঙীপ হয় এবং ণ ইৎ যায় আদি অচের বৃদ্ধি হয়॥

কারকের পর ষ্ণীক কণ্ ণীন্ ইয় আর পূর্ব্বোক্ত সকল প্রত্যয় হয়। এবং ইহারদিগের ষকার ণকারের লোপের কার্য্য পূর্ব্ববৎ। যথা। শক্তি করণক যে যুদ্ধ করে সে শাক্তীকঃ। পদ জানে যে সে পাদকঃ। গ্রামে হয় যে সে গ্রামীণঃ। যজ্ঞ নিমিত্ত সাধু ইহাতে যজ্ঞিয়ঃ। তর্কশাস্ত্র জানেন কিম্বা অধ্যয়ন করেণ ইহাতে তার্কিকঃ। পুষ্য নক্ষত্র যুক্তা রাত্রিঃ পৌষী॥

বিকার সমূহ ভাব ইদং হিত স্ব এই সকল অর্থে পূর্ব্বোক্ত তাবৎ প্রত্যয় হয়। যথা হেমের বিকার হৈমঃ। ভিক্ষার সমূহ ভৈক্ষং। গুরুরভাব গৌরবং। বিষ্ণোরিদং অর্থাৎ বিষ্ণুর এই বৈষ্ণবং। সূর্য্যের হিত সৌরীয়ং। চোরএব চৌরঃ॥

অন্ত্যবর্ণের পূর্ব্বে মকার কিম্বা অবর্ণথাকে এমন শব্দ এবং মকারান্ত ও অবর্ণান্ত শব্দ আর ক খ গ ঘ চ ছ জ ঝ ট ঠ ড ঢ ত থ দ ধ প ফ ব ভ ইহার অন্যতম বর্ণ অন্তে থাকে এমত শব্দ এই সকলের উত্তর বিদ্যমানার্থে বতু প্রত্যয় হয়। যথা লক্ষ্মী আছে ইহার ইহাতে লক্ষ্মীবান্। এবং যশস্বান্ কিম্বান্ জ্ঞানবান্ দয়াবান্ বাগ্বান্ বিদ্যুত্বান্॥

বতু প্রত্যয় যে সকল শব্দের পর হয় তদ্ভিন্ন শব্দ আর গরুৎ শব্দের উত্তর বিদ্যমানার্থে মতু প্রত্যয় হয়। যথা শ্রী আছে ইহার ইহাতে শ্রীমান্। বুদ্ধি আছে ইহার ইহাতে বুদ্ধিমান্। গরুৎ অর্থাৎ পক্ষ আছে যার ইহাতে গরুত্মান্॥ বতু ও মতুর উ ইৎ গিয়া পুংলিঙ্গে নুণ্ হইয়া বান্

মান্ হয় এবং স্ত্রীলিঙ্গে বতী মতী ও ক্লীবলিঙ্গে বৎ মৎ হয়॥

অনেক স্বর অবর্ণান্ত শব্দের উত্তর বিদ্যমানার্থে বিকল্পে ইন্ প্রত্যয় হইয়া নান্ত শব্দ হয়। যথা জ্ঞানী জ্ঞানবান্। শিখী শিখাবান্॥

দুয়ের মধ্যে একের উৎকর্ষার্থে তর প্রত্যয় হয় এবং বহুর মধ্যে একের উৎকর্ষার্থে তম প্রত্যয় হয়। যথা এই দুয়ের মধ্যে ইনি অতিশয় বিদ্বান্ ইহাতে বিদ্বত্তরঃ। এই বহুরমধ্যে ইনি অতিশয় বিদ্বান্ ইহাতে বিদ্বত্তমঃ॥

নিদ্রা দয়া তন্দ্রা শ্রদ্ধা কৃপা হৃদয় এই সকল শব্দের উত্তর অস্ত্যর্থে অর্থাৎ আছে এই অর্থে আলু প্রত্যয় হয়। যথা নিদ্রালুঃ দয়ালুঃ তন্দ্রালুঃ শ্রদ্ধালুঃ কৃপালুঃ হৃদয়ালুঃ॥

গুণবাচক শব্দের উত্তর দুই কিম্বা বহুর মধ্যে একের উৎকর্ষ বোধে ইষ্ঠ আর ঈয়সু প্রত্যয় হয়। যথা ইনি দুয়ের মধ্যে কিম্বা অনেকের মধ্যে অতিশয় লঘু ইহাতে লঘিষ্ঠঃ লঘীয়ান্। এবং

গরিষ্ঠঃ গরীয়ান্‌ । ঈয়সুর উকার ইৎ গিয়া পুংলিঙ্গে ঈয়ান্‌ স্ত্রীলিঙ্গে ঈয়সী ক্লীবলিঙ্গে ঈয়ঃ ভাগান্ত পদ হয় ॥

তদ্রূপার্থে অর্থাৎ সেই রূপ এই অর্থে ময়ট্‌ প্রত্যয় হয়। যথা বিষ্ণু রূপ ইহাতে বিষ্ণুময়ং। বাঙ্ময়ং ॥ ময়টের ট ইৎ গিয়া স্ত্রীলিঙ্গে ঈপ হয়। যথা জলময়ী ॥

সাকল্য আর অধীনত্ব অর্থেতে সম্পদ কৃ ভূ অস ধাতু পরেতে শব্দের উত্তর চসাৎ প্রত্যয় হয়। যথা এই সকল কাষ্ঠ ভস্ম হইতেছে ইহাতে ভস্মসাৎ সম্পদ্যতে । ইহা রাজার অধীন করিতেছে ইহাতে রাজসাৎ করোতি। সকল লবণ জল হইতেছে ইহাতে কৃৎস্নং লবণং জলসাদ্ভবতি। কৃৎস্নং লবণং জলসাৎ স্যাৎ ॥ চসাৎ প্রত্যয়ের চ ইৎ গিয়া অব্যয় শব্দ হয় ॥

তদ্‌ শব্দের উত্তর অধিকরণার্থ সপ্তমীর স্থানে দানীং প্রত্যয় হয়। যথা তস্মিন্‌ কালে অর্থাৎ সেই কালে ইহাতে তদানীং ॥

সর্ব্ব বিশ্ব উভ উভয় ত্বৎ ত্ব এক সম সিম নেম অন্য অন্যতর ডতরপ্রত্যয়ান্ত ডতম প্রত্যয়ান্ত ত্যদ্ তদ্ যদ্ এতদ্ ইদম্ অদস্ কিম্ পূর্ব্ব পর অবর দক্ষিণ উত্তর অপর অধর অন্তর স্ব এই সকল শব্দের উত্তর প্রকার অর্থে থাচ প্রত্যয় হয়। যথা সর্ব্বপ্রকার ইহাতে সর্ব্বথা। সেই প্রকার ইহাতে তথা ইত্যাদি ॥ থাচ প্রত্যয়ের চ ইৎ গিয়া অব্যয় শব্দ হয় ॥

পূর্ব্বোক্ত সর্ব্বাদি শব্দের উত্তর সপ্তমী বিভক্তির স্থানে ত্র প্রত্যয় হয়। যথা সর্ব্বস্মিন্ সকলেতে ইত্যর্থে সর্ব্বত্র। তস্মিন্ তাহাতে ইত্যর্থে তত্র ॥

নকারান্ত সংখ্যাবাচক শব্দের উত্তর পূরণার্থে মট্ প্রত্যয় হয়। যথা পাঁচের পূরণ ইহাতে পঞ্চমঃ॥ মট্ প্রত্যয়ের ট ইৎ গিয়া স্ত্রীলিঙ্গে ঈপ হয়। যথা পঞ্চমী ইত্যাদি ॥

সংখ্যাবাচক শব্দের উত্তর প্রকারার্থে ধাচ প্রত্যয় হয়। যথা চারি প্রকার ইহাতে চতুর্দ্ধা

এক পঞ্চধা। ধাচ প্রত্যয়ের চ ইৎ গিয়া অব্যয় শব্দ হয়॥

জন বন্ধু গজ গ্রাম শব্দের উত্তর সমূহার্থে ত প্রত্যয় হইয়া স্ত্রীলিঙ্গ প্রযুক্ত আপ হয়। যথা জনের সমূহ ইহাতে জনতা এবং বন্ধুতা গজতা গ্রামতা॥

কিম্ যদ্ তদ্ এক অন্য এই সকল শব্দের উত্তর দুয়ের কিম্বা বহুর মধ্যে একের নির্দ্ধারণ অর্থে ডতর আর ডতম প্রত্যয় হয়। যথা এই দুয়ের মধ্যে এক জন বৈষ্ণব ইহাতে একতরো বৈষ্ণবঃ। এই অনেকের মধ্যে একজন বৈষ্ণব ইহাতে একতমো বৈষ্ণবঃ॥ এই দুই প্রত্যয়ের অতর অতম থাকে ডকার ইৎ গিয়া শব্দের অন্ত্য স্বরাদি করিয়া সকল বর্ণের লোপ হয়॥

সর্ব্ব কিম্ অন্য যদ্ তদ্ এই সকল শব্দের উত্তর কাল অর্থে সপ্তমীর স্থানে দা প্রত্যয় হয়। যথা সর্ব্বস্মিন্কালে অর্থাৎ সকল কালে

ইহাতে সর্ব্বদা । এবং কদা অন্যদা যদা তদা । আর কর্হি অন্যর্হি যর্হি তর্হি হয় ॥ এবং অস্মিন্‌কালে এই অর্থে এতর্হি অধুনা ইদানীং এই তিন পদ হয় ॥

সকল শব্দের উত্তর উপমানার্থে বৎ প্রত্যয় হয় । যথা তার ন্যায় ইহাতে তদ্বৎ ॥ এই প্রত্যয়ের চ লোপ হইয়া অব্যয় শব্দ হয় ॥

শব্দের উত্তর ভাবার্থে ত্ব প্রত্যয় হইয়া ক্লীবলিঙ্গ হয় এবং ত প্রত্যয় হইয়া স্ত্রীলিঙ্গ হয় । যথা বন্ধুত্বং বন্ধুতা খলত্বং খলতা ॥

VERBAL SUFFIXES.

অথ কৃদন্তঃ

ধাতুর উত্তর যে সকল প্রত্যয় হইয়া শব্দ নিষ্পন্ন হয় সেই সকল প্রত্যয়ের সংজ্ঞা কৃৎ তাহা অন্তে থাকে যার তাহার নাম কৃদন্তঃ । ইহার বিবরণ সংক্ষেপে লিখিতেছি ॥

ধাতুর উত্তর কর্ম্ম বাচ্যে এবং ভাব বাচ্যে ভবিষ্যদর্থে তব্য অনীয় য ঘ্যণ ক্যপ্ প্রত্যয় হয়। যথা কর্ত্তব্যং করণীয়ং ভব্যং কার্য্যং কৃত্যং॥ কর্ম্ম বাচ্যে ত্রিলিঙ্গ হয় এবং ভাব বাচ্যে ক্লীবলিঙ্গ হয়॥ ঘ্যণের ঘ ইৎ গিয়া ধাতুর চ জ স্থানে ক্রমেতে ক গ হয় এবং ণ ইৎ গিয়া স্বর বর্ণের বৃদ্ধি হয়॥ ক্যপের ক ইৎ গিয়া স্বর বর্ণের গুণ হয় না এবং প ইৎ গিয়া হ্রস্বান্ত ধাতুর উত্তর ত্ হয়॥ ঘ্যণ ক্যপ্ সকল ধাতুর উত্তর হয় না এবং য প্রত্যয় কোন ধাতুর পর বিকল্পে হয় কোন ধাতুর উত্তর হয় না॥

ধাতুর উত্তর কর্ত্তরিবাচ্যে তৃন এবং ণক প্রত্যয় ত্রিকালেতে হইয়া বাচ্য লিঙ্গ হয়। যথা কর্ত্তা কারকঃ॥ তৃনের ন ইৎ গিয়া ধাতুর অন্তে তৃ হয় এবং ণকের অক থাকে ণ ইৎ গিয়া স্বরের বৃদ্ধি হয়॥

হন জন আদন্ত এবং গমাদি ধাতুর উত্তর কর্ত্তৃ বাচ্যে ড প্রত্যয় হয়। ইহার ড ইৎ গিয়া অন্ত্যস্বর অবধি যত বর্ণ থাকে তাহার লোপ হয়। যথা শোকাপহঃ বরাহঃ সরসিজং পঙ্কজং গোদঃ আশুগঃ নগঃ গিরিশঃ॥

ধাতুর উত্তর কর্ম্ম বাচ্যে ও ভাব বাচ্যে ভূতার্থে ক্ত প্রত্যয় এবং কর্ত্তৃ বাচ্যে ক্তবতু প্রত্যয় হয়। যথা কৃতঃ ভূতং কৃতবান্॥ এবং গত্যর্থ অকর্ম্মক শ্লিষ স্থা আস জন রুহ জৄ শী এই সকল ধাতুর উত্তর কর্ত্তৃ বাচ্যে ভূতকালে ক্ত প্রত্যয় হয়। যথা গতঃ শ্লিষ্টঃ স্থিতঃ আসিতঃ জাতঃ রূঢঃ জীর্ণঃ শয়িতঃ॥ আর ঞি অনুবন্ধ ধাতু ও জ্ঞানার্থ ইচ্ছার্থ পূজার্থ ও শীলাদি ধাতুর পর বর্ত্তমান কালে কর্ত্তৃ বাচ্যে ক্ত প্রত্যয় হয়। যথা ইদ্ধঃ জ্ঞাতঃ বাঞ্ছিতঃ পূজিতঃ শীলিতঃ॥ এই দুই প্রত্যয়ের ক ইৎ গিয়া ধাতুর নকারাদির লোপ হয় এবং গুণাদি হয় না। যথা হতঃ ভূতঃ

। ক্তবতুর উ ইৎ গিয়া নুণ্ ও ঙীপ হয়। নুণের উকার ণকার ইৎ গিয়া অন্ত্যস্বরের পর হসন্ত ন হয়। যথা গতবান্ গতবতী॥

ণ্যন্ত ধাতু এবং ভ্রাজ ভূ সহ রুচ চর বৃধ বৃত প্রজন অপত্রপ অলংকৃ নিরাকৃ উন্মদ উৎপত উৎপচ এই সকল ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ইষ্ণু প্রত্যয় হয়। যথা কারয়িষ্ণুঃ ভ্রাজিষ্ণুঃ ভবিষ্ণুঃ সহিষ্ণুঃ রোচিষ্ণুঃ চরিষ্ণুঃ বর্দ্ধিষ্ণুঃ বর্ত্তিষ্ণুঃ প্রজনিষ্ণুঃ অপত্রপিষ্ণুঃ অলঙ্করিষ্ণুঃ নিরাকরিষ্ণুঃ উন্মদিষ্ণুঃ উৎপতিষ্ণুঃ উৎপচিষ্ণুঃ॥

গ্রহাদি ধাতুর উত্তর ণিন্ প্রত্যয় এবং নন্দ্যাদি ধাতুর পর অন প্রত্যয় হয় কর্ত্তৃবাচ্যে ত্রিকালে। যথা গ্রাহী স্থায়ী নন্দনঃ বিচক্ষণঃ॥ ণিনের ইন থাকে ণ ইৎ গিয়া বৃদ্ধি হয়॥

কর্ত্তৃবাচ্য ভিন্ন কারক বাচ্যে এবং ভাববাচ্যে ধাতুর উত্তর ঘঞ্ অল্ অনট্ প্রত্যয় হয়। যথা প্রাকারঃ লয়ঃ জ্ঞানং॥ ঘঞের অকার থাকে ঘ

ইৎ কার্য্য ষ্যণের ন্যায় ঞ ইৎ গিয়া স্বরের বৃদ্ধি হয়। অলের অ থাকে। অনটের অন থাকে ট ইৎ গিয়া ঙীপ হয়। যথা ভূষণী॥

কর্ত্তৃবাচ্য ভিন্ন সকল বাচ্যে ক্তি প্রত্যয় হয় তাহাতে স্ত্রীলিঙ্গ হয়। যথা বুদ্ধিঃ॥ ক্তির ক্তি থাকে ক ইৎ গিয়া গুণাদি হয় না এবং নকারাদির লোপ হয়। যথা মতিঃ॥

সনন্ত ভিক্ষ এবং আঙ্‌পূর্ব্বক শন্স ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে উ প্রত্যয় হয়। যথা জিজ্ঞাসুঃ ভিক্ষুঃ আশংসুঃ॥

শন্স ধাতু এবং সন যঙ ণ্যি ক্য ইত্যাদি প্রত্যয়ান্ত ধাতুর উত্তর অ প্রত্যয় হইয়া স্ত্রীলিঙ্গ হয়। যথা প্রশংসা দিদৃক্ষা অটাটা কণ্ডূয়া॥

ধাতুর উত্তর অতীত কালে ক্বসু আর কান প্রত্যয় হয়। যথা জগিম্বান্ চক্রাণঃ॥ ক্বসুর বস্ থাকে ক ইৎ গিয়া গুণাদি হয় না উকার ইৎ

গিয়া ঈপ আদি হয়। যথা বিদুষী ॥ কানর আন থাকে ক ইৎ গিয়া গুণ হয় না ॥

ধাতুর উত্তর বর্ত্তমানকালে শতৃ আর শান প্রত্যয় হয়। শতৃ প্রত্যয়ের অৎ থাকে শানর আন থাকে শ ইৎ গিয়া র সংজ্ঞা হইয়া শপাদি হয়। যথা কুর্ব্বন্ ক্রিয়মাণঃ ॥

ধাতুর উত্তর ভবিষ্যৎ কালে স্যতৃ আর স্যমান প্রত্যয় হয়। যথা করিষ্যন্ করিষ্যমাণঃ ॥ স্যতৃর স্যৎ থাকে ঋ ইৎ গিয়া নুণ অর্থাৎ অন্ত্যস্বরের পর হসন্ত ন হয় এবং স্ত্রীলিঙ্গে ঈপ হয় ॥

OF PREPOSITIONS.

অথোপসর্গাঃ.

উপসর্গ বিংশতি প্রকার। ধাতুর এবং সমস্যমান পদের পূর্ব্বে ইহারদিগের যোগ হয়। তাহার তিন প্রকার গতি । কোন স্থানে ধাত্বর্থের বাধা

জন্মায়। কোনস্থলে ধাত্বর্থের বিশেষ করে। কোন স্থলে ধাত্বর্থের অনুবর্ত্তন করে।তাহার উদাহরণ এই।

প্র	প্রণামঃ	অধি	অধিষ্ঠানং
পরা	পরাজয়ঃ	সু	সুলভঃ
অপ	অপমানং	উৎ	উৎপত্তিঃ
সং	সঙ্গমঃ	পরি	পরিহারঃ
নি	নিদানং	প্রতি	প্রতিপত্তিঃ
অব	অবগতঃ	অভি	অভিমানঃ
অনু	অনুরাগঃ	অতি	অতিক্রমঃ
নির্	নির্ণয়ঃ	অপি	অপিধানং
দুর্	দুর্গমঃ	উপ	উপরোধঃ
বি	বিহারঃ	আঙ	আদানং

প্রাহ্নঃ অনুরূপং উপপথং সমক্ষং দুর্দিনং নির্ধনঃ সুজনঃ বিধর্ম্মঃ প্রতিদিনং অপযশঃ অধিপতিঃ অতিরাজী আসমুদ্রং

OF ROOTS.

ধাত্ত প্রকরণং

ধাতু শব্দয়োনি ইহার উত্তর কৃৎ প্রত্যয় দ্বারা সকল শব্দ নিষ্পন্ন হয়। অজন্ত হসন্ত সৌত্র এই তিন প্রকারে ১৭৫৪ ধাত্ত গণ। তাহা ত্রিবিধ যে কর্ম্মাকাঙ্ক্ষা করে সে সকর্ম্মক যথা স গ্রামং গচ্ছতি সে গ্রামে যাইতেছে এখানে গমধাতু গ্রাম কর্ম্মকে আকাঙ্ক্ষা করে। যে কর্ম্মাপেক্ষা না করে সে অকর্ম্মক যথা স ভবতি সে হইতেছে এখানে ভূধাতু কর্ম্মাপেক্ষা করে না। যে দুই কর্ম্মকে অপেক্ষা করে সে দ্বিকর্ম্মক যথা গোপো গাং দুগ্ধং দোগ্ধি এখানে গাং এবং দুগ্ধং এই দুই কর্ম্ম পদ। ঐ ধাতু পরস্মৈপদী আত্মনেপদী উভয়পদী হয়॥

অকর্ম্মক ধাতু এই সকল অর্থে হয় যথা সত্তা জীবনং দর্পঃ ভীতিঃ শয়নং ক্রীড়া নিবাসঃ ক্ষয়ঃ অব্যক্তধ্বানঃ নভোগতিঃ স্থিতিঃ জরা লজ্জা প্রমাদঃ উদয়ঃ উন্মাদঃ পলায়নং ভ্রমণং খ্যাতিঃ ক্ষরণং

খোটন৹ মোহঃ ধাবন৹ যুদ্ধ৹ শুদ্ধিঃ দহন৹ শান্তিঃ প্লুতিঃ মজ্জনঃ দীপ্তিঃ জাগরঃ শোষঃ বক্রগমন৹ উৎসাহঃ মৃতিঃ সংশয়ঃ গ্লানিঃ মন্দগতিঃ নৃত্য৹ তপন৹ চেষ্টা ক্রুৎ রোদন৹ বৃদ্ধিঃ হারকৃতিঃ সিদ্ধিঃ বিরতিঃ হর্ষঃ উপবেশঃ রতিঃ কম্পঃ উদ্বেগঃ নিমেষঃ সঙ্গঃ যত্নঃ স্বেদঃ ইত্যাদি। এতদ্ভিন্নার্থে সকর্ম্মক ধাতু হয়॥

ধাতুর উত্তর বর্ত্তমান কালে ১৮ বিভক্তি হয় বিধ্যাদ্যর্থে বর্ত্তমান কালে এব৹ ভবিষ্যৎ কালে ১৮ অনুমত্যর্থে বর্ত্তমান কালে এব৹ ভবিষ্যৎ কালে ১৮ অতীতকালে ৫৪ ভবিষ্যৎ কালে ৫৪ ধাত্বর্থের অনিষ্পত্তিতে অতীত কালে এব৹ ভবিষ্যৎ কালে ১৮ এইরূপে ১৮০ বিভক্তি হইয়া ক্রিয়াপদ হয়। তাহার উদাহরণ বক্ষ্যমাণ সত্তার্থ এব৹ প্রাপ্ত্যর্থ বাচক ভূধাতুর রূপে দেখিবা। তাহার প্রথমে ক্রমেতে এক দ্বি বহু বচনের বিভক্তি মধ্যে কর্ত্তৃপদ শেষে ক্রিয়াপদ জানিবা॥

অথ ভূধাতোরূপং

বর্ত্তমানকালে পরস্মৈপদং

লিঙ্গকর্ত্তা			যুষ্মৎকর্ত্তা			অস্মৎকর্ত্তা		
তিপ্	স	ভবতি	সিপ্	ত্বং	ভবসি	মিপ্	অহং	ভবামি
তস্	তৌ	ভবতঃ	থস্	যুবাং	ভবথঃ	বস্	আবাং	ভবাবঃ
অন্তি	তে	ভবন্তি	থ	যূয়ং	ভবথ	মস্	বয়ং	ভবামঃ

বর্ত্তমানকালে আত্মনেপদং

তে	স	ভবতে	সে	ত্বং	ভবসে	এ	অহং	ভবে
আতে	তৌ	ভবেতে	আথে	যুবাং	ভবেথে	বহে	আবাং	ভবাবহে
অন্তে	তে	ভবন্তে	ধ্বে	যূয়ং	ভবধ্বে	মহে	বয়ং	ভবামহে

বিধ্যাদ্যর্থে বর্ত্তমানকালে এবং ভবিষ্যৎকালে পরস্মৈপদং

লিঙ্গকর্ত্তা			যুষ্মৎকর্ত্তা			অস্মৎকর্ত্তা		
যাৎ	স	ভবেৎ	যাস্	ত্বং	ভবেঃ	যাং	অহং	ভবেযং
যাতাং	তৌ	ভবেতাং	যাতং	যুবাং	ভবেতং	যাব	আবাং	ভবেব
যুস্	তে	ভবেযুঃ	যাত	যূযং	ভবেত	যাম	বযং	ভবেম

বিধ্যাদ্যর্থে বর্ত্তমানকালে এবং ভবিষ্যৎকালে আত্মনেপদং

ঈত	স	ভবেত	ঈথাস্	ত্বং	ভবেথাঃ	ঈয	অহং	ভবেয
ঈযাতাং } যাতাং	তৌ	ভবে } যাতাং	ঈযাথাং } যাথাং	যুবাং	ভবে } যাথাং	ঈবহি	আবাং	ভবেবহি
ঈরন্	তে	ভবেরন্	ঈধ্বং	যূযং	ভবেধ্বং	ঈমহি	বযং	ভবেমহি

অনুমত্যর্থে বর্ত্তমানকালে এবং ভবিষ্যৎ কালে পরস্মৈপদং

লিঙ্গকর্ত্তা			যুষ্মৎ কর্ত্তা			অস্মৎ কর্ত্তা		
তুপ্	স	ভবতু	হি	ত্বং	ভব	আনিপ্	অহং	ভবানি
তাং	তৌ	ভবতাং	তং	যুবাং	ভবতং	আবপ্	আবাং	ভবাব
অন্তু	তে	ভবন্তু	ত	যূযং	ভবত	আমপ্	বযং	ভবাম

অনুমত্যর্থে বর্ত্তমানকালে এবং ভবিষ্যৎ কালে আত্মনেপদং

তাং	স	ভবতাং	স্ব	ত্বং	ভবস্ব	ঐপ	অহং	ভবৈ
আতাং	তৌ	ভবেতাং	আথাং	যুবাং	ভবেথাং	আবহৈপ	আবাং	ভবাবহৈ
অন্তাং	তে	ভবন্তাং	ধ্বং	যূযং	ভবধ্বং	আমহৈপ্	বযং	ভবামহৈ

অতীতকালে পরস্মৈপদং

লিঙ্গকর্ত্তা			যুষ্মৎকর্ত্তা			অস্মৎকর্ত্তা		
দিপ্	স	অভবৎ	সিপ্	ত্বং	অভবঃ	অম্	অহং	অভবং
তাং	তৌ	অভবতাং	তং	যুবাং	অভবতং	ব	আবাং	অভবাব
অন্	তে	অভবন্	ত	যূযং	অভবত	ম	বযং	অভবাম

অতীতকালে আত্মনে পদং

ত	স	অভবত	থাস	ত্বং	অভবথাঃ	ই	অহং	অভবে
আতাং	তৌ	অভবেতাং	আথাং	যুবাং	অভবেথাং	বহি	আবাং	অভবাবহি
অন্ত	তে	অভবন্ত	ধ্বং	যূযং	অভবধ্বং	মহি	বযং	অভবামহি

অতীতকালে পরস্মৈপদং

লিঙ্গকর্ত্তা	যুষ্মৎ কর্ত্তা	অস্মৎ কর্ত্তা
দি স অভূৎ	সি ত্বং অভূঃ	অম্ অহং অভূবং
তাং তৌ অভূতাং	তং যুবাং অভূতং	ব আবাং অভূব
অন্ তে অভূবন্	ত যূযং অভূত	ম বয়ং অভূম

অতীতকালে আত্মনেপদং

তন্ স অভবিষ্ট	থাস্ ত্বং অভবিষ্ঠাঃ	ই অহং অভবিষি
আতাং তৌ অভবিষাতাং	আথাং যুবাং অভবি } ষাথাং }	বহি আবাং অভবিষ্বহি
অন্ত তে অভবিষত	ধ্বং যূযং অভবিঢ্বং } অভবিধ্বং } অভবিদধ্বং }	মহি বয়ং অভবিষ্মহি

অতীতকালে পরস্মৈপদ.

লিঙ্গকর্ত্তা			যুষ্মৎকর্ত্তা			অস্মৎকর্ত্তা		
ণপ্	স	বভূব	থপ্	ত্বং	বভূবিথ	ণপ্	অহং	বভূব
অতুস	তৌ	বভূবতুঃ	অথুস	যুবাং	বভূবথুঃ	ব	আবাং	বভূবিব
উস্	তে	বভূবুঃ	অ	যূয়ং	বভূব	ম	বয়ং	বভূবিম

অতীতকালে আত্মনেপদ.

এ	স	বভূবে	সে	ত্বং	বভূবিষে	এ	অহং	বভূবে
আতে	তৌ	বভূবাতে	আথে	যুবাং	বভূবাথে	বহে	আবাং	বভূবিবহে
ইরে	তে	বভূবিরে	ধ্বে	যূয়ং	বভূবিঢ্বে } বভূবিধ্বে }	মহে	বয়ং	বভূবিমহে

ভবিষ্যৎ কালে পরস্মৈপদং

লিঙ্গকর্ত্তা	যুষ্মৎ কর্ত্তা	অস্মৎ কর্ত্তা
তা স ভবিতা	তাসি ত্বং ভবিতাসি	তাস্মি অহং ভবিতাস্মি
তারৌ তৌ ভবিতারৌ	তাস্থস্ যুবাং ভবিতাস্থঃ	তাস্বস্ আবাং ভবিতাস্বঃ
তারস্ তে ভবিতারঃ	তাস্থ যূয়ং ভবিতাস্থ	তাস্মস্ বয়ং ভবিতাস্মঃ

ভবিষ্যৎ কালে আত্মনেপদং

তা স ভবিতা	তাসে ত্বং ভবিতাসে	তাহে অহং ভবিতাহে
তারৌ তৌ ভবিতারৌ	তাসাথে যুবাং ভবিতা } সাথে	তাস্বহে আবাং ভবিতা } স্বহে
তারস্ তে ভবিতারঃ	তাধ্বে যূয়ং ভবিতাধ্বে	তাস্মহে বয়ং ভবিতাস্মহে

ভবিষ্যৎ কালে পরস্মৈপদ৹

লিঙ্গকর্ত্তা			যুষ্মৎ কর্ত্তা			অস্মৎ কর্ত্তা		
যাৎ	স	ভূয়াৎ	যাস্	ত্বং	ভূযাঃ	যাসং	অহং	ভূযাসং
যাস্তাং	তৌ	ভূযাস্তাং	যাস্তং	যুবাং	ভূযাস্তং	যাস্ব	আবাং	ভূযাস্ব
যাসুস্	তে	ভূযাসুঃ	যাস্ত	যূয়ং	ভূযাস্ত	যাস্ম	বয়ং	ভূযাস্ম

ভবিষ্যৎ কালে আত্মনেপদ৹

সীষ্ট	স	ভবিষীষ্ট	সীষ্ঠাস্	ত্বং	ভবিষীষ্ঠাঃ	সীয়	অহং	ভবিষীয়
সীযাস্তাং	তৌ	ভবিষীযাস্তাং	সীযাস্থাং	যুবাং	ভবিষীযাস্থাং	সীবহি	আবাং	ভবিষীবহি
সীরন্	তে	ভবিষীরন্	সীধ্বং	যূয়ং	ভবিষীঢ্বং ভবিষীধ্বং	সীমহি	বয়ং	ভবিষীমহি

ভবিষ্যৎ কালে পরস্মৈপদং

লিঙ্গকর্ত্তা			যুষ্মৎ কর্ত্তা			অস্মৎ কর্ত্তা		
স্যতি	স	ভবিষ্যতি	স্যসি	ত্বং	ভবিষ্যসি	স্যামি	অহং	ভবিষ্যামি
স্যতস্	তৌ	ভবিষ্যতঃ	স্যথস্	যুবাং	ভবিষ্যথঃ	স্যাবস্	আবাং	ভবিষ্যাবঃ
স্যন্তি	তে	ভবিষ্যন্তি	স্যথ	যূযং	তবিষ্যথ	স্যামস্	বযং	ভবিষ্যামঃ

ভবিষ্যৎ কালে আত্মনেপদং

স্যতে	স	ভবিষ্যতে	স্যসে	ত্বং	ভবিষ্যসে	স্যে	অহং	ভবিষ্যে
স্যেতে	তৌ	ভবিষ্যেতে	স্যেথে	যুবাং	ভবিষ্যেথে	স্যাবহে	আবাং	ভবিষ্যাবহে
স্যন্তে	তে	ভবিষ্যন্তে	স্যধ্বে	যূযং	ভবিষ্যধ্বে	স্যামহে	বযং	ভবিষ্যামহে

ধাত্বর্থের অনিষ্পত্তিতে ভূত এবং ভবিষ্যৎ কালে পরস্মৈপদং

লিঙ্গ কর্ত্তা	যুষ্মৎ কর্ত্তা	অস্মৎ কর্ত্তা
স্যৎ স অভবিষ্যৎ	স্যস্ ত্বং অভবিষ্যঃ	স্যং অহং অভবিষ্যং
স্যতাং তৌ অভবিষ্যতাং	স্যতং যুবাং অভবিষ্যতং	স্যাবস্ আবাং অভবিষ্যাবঃ
স্যন্ তে অভিবষ্যন্	স্যত যূযং অভবিষ্যত	স্যামস্ বযং অভবিষ্যামঃ

ধাত্বর্থের অনিষ্পত্তিতে ভূত এবং ভবিষ্যৎ কালে আত্মনেপদং

স্যত স অভবিষ্যত	স্যথাস্ ত্বং অভবিষ্যথাঃ	স্যে অহং অভবিষ্যে
স্যেতাং তৌ অভবিষ্যেতাং	স্যেথাং যুবাং অভবিষ্যেথাং	স্যাবহি আবাং অভবিষ্যাবহি
স্যন্ত তে অভবিষ্যন্ত	স্যধ্বং যূযং অভবিষ্যধ্বং	স্যামহি বযং অভবিষ্যামহি

ধাত্বর্থানিষ্পত্তৌ উদাহরণং। জ্ঞানঞ্চেদভবিষ্যৎ সুখমভবিষ্যৎ॥

ধাত্তর পদ সাধনের দিগ্দর্শন এই পর্য্যন্ত করাইলাম বিশেষ গুরুমুখে অবগত হইবা। পূর্ব্বে পাঠশালাতে ধাত্তর রূপ লেখা রীতি ছিল তাহার প্রমাণ অদ্যাপি পাঠশালে ভূধাত্তর রূপের নাম ভবতি লেখা বলিয়া থাকে সংপ্রতি সে রীতি লুপ্ত হইয়া দুর্নীতি হইয়াছে এবং ব্যাকরণ জ্ঞান বিরহে সাধুশব্দ প্রযোগ সুদূর পরাহত অতএব পদসাধনের লক্ষণ ব্যতিরিক্ত ব্যাকরণোক্ত প্রায় তাবৎ বিষয় সংক্ষেপে বর্ণন করিলাম। বিদ্যার্থিগণ মনোযোগ পূর্ব্বক ইহা পাঠ করিলে তাঁহারদিগের ব্যাকরণের স্থূল বোধ হইবেক তাহাতে ভাষারো পদ পদার্থাদির জ্ঞান অনায়াসে জন্মিবেক। গ্রন্থ বাহুল্য ভয় হেত্তক আর অধিক না লিখিয়া এই শিক্ষাপুস্তক সমাপ্ত করিলাম। ইতি ॥

FINIS.